daily observer
Second Edition We stand for people's rights
www.observerbd.com
Date:26-06-2016 Page 01, Col 5-7 Size: 39 Col*Inc

# 88pc illicit money transfer done thru trade mispricing

## *Average illicit money transfer from BD stood at $5,588m in 10 years*

**Staff Correspondent**

Noted experts and economists have expressed deep concern over illicit money outflow which is hampering the economic growth of the country.

Average Illicit Financial Flow (IFF) from Bangladesh stood at about US$5,588 million in last ten years. Out of the total amount 88 per cent IFF was transacted through trade mispricing, according to a research paper of the Centre for Policy Dialogue (CPD).

In 2013, IFF was about 3.6 times of education budget and 8.2 times of health budget, said CPD Research Fellow Towdiqul Islam Khan according to his keynote paper on 'Illicit Financial Flows in the Context of Bangladesh' at BRAC centre in the city on Saturday. Towdiqul claimed that the increasing number of multinational companies is not paying the right amount of taxes.

In 2009, the amount was $6,127 million, followed by $5,409 in 2010, $5,921 in 2011 and $7,225 in 2012.

The programme organised by the CPD was participated by a large number of noted experts and economists who shared their views and recommendations to tackle the illicit money outflow from the country.

Dr Debapriya Bhattacharya, distinguished fellow of CPD presided over the expert consultation session and moderated the discussion.

SEE PAGE 2 COL 5

# 88pc illicit money transfer done

FROM PAGE 1

Debapriya pointed out three major points responsible for the illicit money outflow can be reduced.

At first, he underscored the need for creating an investment friendly atmosphere so that the rich people can invest in the country. Secondly, the government has to ensure the security of life and wealth of the people. And finally, institutional capacity and transparency are needed to check the illegal money outflow.

Co-ordination of government wings including Anti-Corruption Commission, National Board of Revenue and Bangladesh Bank is to be ensured to check illegal money outflow, he pointed out.

Political and social commitments are essential to prevent the recent growing crisis of the country.

CPD Executive Director Dr Mustafizur Rahman said globally the issue of IFF has been gaining momentum. Corruption is related to illicit financial outflow, he said. Lack of good governance in financial institutions is also responsible to make this happen, he claimed. "Bankers should know the international price of the products as per the letter of credits," Mustafiz added.

How the traders are frequently doing over and under invoicing of the products whether it is capital machineries or food items? Mustafizur questioned.

FBCCI President Abdul Matlub Ahmad said it a serious matter of concern that $9.7 billion money illegally went from Bangladesh last year. The country's economy is mainly dependent on the private sector. The growth of the private sector is hampering due to illicit money transfer from the country. "It is the right time to help the present government when they want to move the country ahead. It is the right time to show love for the country and stop the illicit money transfer from the country", Matlub Ahmad said.

Talking about the BB reserve heist, the business leader said how the Federal Bank transferred such a big amount without any queries? "It is a matter of concern how such a big amount was transacted from the Federal Bank from the countries reserve," he said.

Akbar Ali Khan, Adviser to the former caretaker government, said the illicit money outflow from the country cannot be stopped totally. "It will decline gradually if the regulatory frameworks work honestly to check this illegal money transfer from the country", he said.

ACC is mainly responsible to tackle the illegal money transfer from the country, but ACC is not capable to do it, said Khan.

However, Akbar Ali Khan, demanded creating a separate and independent institution under the Finance Ministry to prevent illicit money transaction.

The separate institution will include the representatives of law enforcement agencies, ACC, NBR, Bangladesh Bank, pointed out Khan.

"Of course, we have to identify the reason behind the illicit money transfer and take necessary action in this regard to save the economy of the country", Akbar Ali Khan said.

Noted economist Mirza Azizul Islam urged the government to ensure security and investment friendly environment so that people can invest in Bangladesh.

The import of capital machinery should be looked into by the NBR, he pointed out. Islam talked on willful loan defaulters. The Money Laundering Act should be strengthened by incorporating exemplary punishment for monetary offences, he said.

Former Bangladesh Bank governor Dr Mohammad Farasuddin said, "There is no investment atmosphere in the country, if it existed, illicit money transfer should not have occurred." He underscored the need for raising strong political commitment to tackle illicit money outflow from the country.

Dr Ahsan Habib Mansur, Executive Director of Policy Research Institute (PRI) said we have to solve the problem through establishing good governance.

Prof Abu Ahmed suggested bringing the multinational companies under the stock market.

Dr Shah Md Ahsan Habib, Director of Bangladesh Institute of Bank Management (BIBM) stressed on reducing trade based money laundering.

daily sun TRUE & IMPARTIAL
Date:26-06-2016 Page:16, Col:6-8 Size:33 Col*Inc

# Political stability key to curb capital flight

## Economists tell seminar

STAFF CORRESPONDENT

**Absence** of congenial business climate coupled with political uncertainty and lack of good governance facilitated a barrage of capital flight from the country, economists said on Saturday.

Improvement in political culture as well as business environment are the keys to fending off such money outflows, they said at a CPD expert consultation meeting on illicit financial flows from Bangladesh.

"There is no doubt that inadequate business-friendly climate is a major cause behind such a rise in illicit money outflow from the country. Political matters also contributed a lot to this," former Bangladesh Bank governor Dr Mohammad Farashuddin said.

Pointing to political uncertainty, he said capital flight witnessed a phenomenal 60 percent year-on-year growth during 2008 during the caretaker regime. "Te outflow skyrocketed to as high as $9.66 billion in 2013 that went through political turmoil as well," added.

Prof Abu Ahmed echoed the same, saying: "Such money outflows can't be controlled unless a system is developed to utilise the money of the rich."

Otherwise, stringent laws will pay off little in curbing the outflows, he said, suggesting that Bangladesh opens up its asset market and joins global open trade platforms.

Dr Akbar Ali Khan, however, said he did not agree with the suggestions that high taxes are contributing to capital flight, adding: people are driven by a sense of fear while keeping money in the country. And many want to leave the country."

Page 15 Col 2

# Political stability key to curb capital

*From Page 16*

The situation won't improve overnight as the country's economy has many loopholes, according to him.

Some speakers pointed to black money as a major source of illicit money outflow.

According to Global Financial Integrity (GFI) estimate, Bangladesh was ranked top among the LDCs with $9.66 billion illicit financial flows (IFF) in 2013 and placed at 40th position in terms of IFF as percentage of GDP.

Average IFF from Bangladesh stood at nearly $5,588 million is last 10 years — 88 percent of which through trade mispricing. IFF was 5.5 percent of Bangladesh's GDP and 340 percent higher compared to official development assistance (ODA), suggests IFF data.

CPD said the 2013 capital flight was 3.6 times higher than education budget and 8.2 times higher than health budget of the country, adding that if 25 percent of this money could be taxed, health budget could be tripled and education budget doubled.

"A country nearly devoid of investment is gradually becoming a country of capital outflow — no paradox can be like this," commented Dr Debapriya Bhattacharya, distinguished fellow of Centre for Policy Dialogue (CPD).

"Our money is going to richer countries that don't need that, when we're struggling to lure investment and form more capital for our development," he lamented.

Bangladesh is such a country investment level of which is lower than its savings which means investment worthy resources are not being invested here, he said.

Presenting the keynote paper, CPD research fellow Towfiqul Islam Khan informed that Bangladeshi deposits in Swiss banks doubled in two years between 2012 and 2014.

Bangladesh ranked third in Malaysia as My Second Home (MM2H) scheme after China and Japan with 3,061 or 12 percent of the total beneficiaries of the scheme, he said, adding that Bangladeshis also tend to avail the same opportunities in Australia, Canada and the USA as well.

Economic analysts said a major portion of money laundering is taking place through giving false information while imports or exports.

For example, former finance adviser to the last caretaker government Dr Mirza Aziz said capital machinery import was higher than raw material imports in 2014-15.

It meant that production capacity of local factories were getting higher while existing capacity remained unutilised because of the decline in raw materials import, he also said.

He suggested lowering import duties or introducing a uniform rate for all imports so that such irregularities come down.

Speaking on the occasion, FBCCI president Matlub Ahmad alleged that the central banks intelligence unit sometimes overlooks illegal money outflow although they are aware of that.

He called for coming out of a nexus of bureaucracy, businessmen and politicians and sought strong commitment from the private sector to come out of the situation.

The speakers also called for strict legal framework, separate entity other than anti corruption commission to curb grafts, ensuring social and institutional good governance alongside strong political commitment to rein in illicit money transaction.

Economist Ahsan H Mansur, Mustafa K Mujeri, ACC commissioner Dr Nasir Uddin, CPD Executive Director Prof Mustafizur Rahman spoke on the occasion.

The New Nation
Date:26-06-2016 Page:01,Col: 2-3 Size: 17 Col*Inc

# Tk 80,000cr siphoned off abroad

## *We must investigate: Experts*

**Staff Reporter**

Experts at a dialogue on Saturday said TK 80 thousand crore was siphoned off abroad in 2013 from Bangladesh.

"We will have to investigate that why the money is being siphoned off abroad and who were behind it. We should love our country. Otherwise, the money equivalent to our national budget will be laundered within five years," Abdul Matlub Ahmad, President FBCCI said at in the city.

Centre for Policy Dialogue (CPD) organised the dialogue on "Illicit Financial Flows in the Context of Bangladesh" in the city on Saturday with Debapriya Bhattacharya in the chair.

The experts the government will have to ensure investment-friendly environment, political stability, good governance and security for the country's businessmen.

If the business people are ensured with full support, they will be discouraged to go abroad for investment, they added.

Dr Mohammed Farashuddin, former governor, Bangladesh Bank, Dr Akbar Ali Khan, Former Advisor to the Caretaker Government and Dr A B Mirza Azizul Islam, former Advisor to the Caretaker Government also took part in dialogue.

Towfiqul Islam Khan, Research Fellow, CPD gave a presentation to initiate the discussion. Contd on page-2 Col-7

# Tk 80,000cr

**Cont from page 1**

ABM Mirza Azizul Islam said steps should be taken to improve the investment-friendly environment in the country to prevent money laundering. At the same time, tax law and other related policies should be reformed in order make businesspeople trusted. Dr Akbar Ali Khan said "A coordination among the Anti-Corruption Commission, Customs Intelligence, Bangladesh Banks and others related agencies is urgently needed to stop the illicit money flow."

Dr Mohammed Farashuddin echoing the same argument said government will have to ensure investment-friendly environment in the country.

Besides, weak political culture is also a big matter behind laundering of money, he said, adding that exemplary punishment should be given those who were involved in money laundering. "Political stability is a must to create a sense of security. Besides, the government will have to encourage the businessmen by taking all out measures," he said.

প্রথম আলো

Date:26-06-2016 Page: 20, Col5 Size: 35 Col*Inc

### সিপিডির আয়োজনে পরামর্শক সভায় টাকা পাচার বন্ধে বিশেষ টাস্কফোর্স গঠনের সুপারিশ

# নির্বাচনের আগে টাকা পাচার বাড়ে


নিজস্ব প্রতিবেদক ●

বাংলাদেশে টাকা রাখতে ভয় পান; তাই সম্পদশালী ব্যক্তিদের অনেকে অর্থ বিদেশে পাঠিয়ে দেন। রাজনৈতিক অস্বস্তির কারণেও অনেকে টাকা পাচার করেন। নির্বাচনের আগে টাকা পাচারের পরিমাণ বাড়ে। আবার দেশে বিনিয়োগের পরিবেশ না থাকায় এবং নিরাপত্তার অভাবে পুঁজি চলে যায় অন্য দেশে। উচ্চ কর হারের কারণে মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে আমদানি-রপ্তানির নামেও বিপুল অর্থ পাচার হয়।

টাকা পাচার নিয়ে গতকাল শনিবার বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত বিশেষজ্ঞ পরামর্শক সভায় অর্থনীতিবিদ, ব্যাংকার ও ব্যবসায়ীরা এসব কথা বলেন। টাকা পাচার বন্ধে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বাংলাদেশ ব্যাংক, দুর্নীতি দমন কমিশনের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি কাজের সমন্বয় করার তাগিদ দেন তাঁরা। কাজের সমন্বয় করার জন্য একটি বিশেষ টাস্কফোর্স গঠনের সুপারিশও করেন তাঁরা।

বক্তারা বলেন, আইনি ও প্রাতিষ্ঠানিক সংস্কারের জন্য রাজনৈতিক সদিচ্ছা প্রয়োজন। এ জন্য রাজনৈতিক নেতৃত্বকেই এগিয়ে আসতে হবে। সিপিডির বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্যের সভাপতিত্বে এ অনুষ্ঠান হয়।

সভায় গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইন্টেগ্রিটি (জিএফআই) প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে সিপিডির গবেষক তৌফিকুল ইসলাম খানের মূল প্রবন্ধে বলা হয়, বাংলাদেশ থেকে ক্রমান্বয়ে বিদেশে অর্থ পাচার বেড়েছে। অর্থ পাচারের দিক থেকে শীর্ষ ১০০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৪০তম। টাকা পাচার রোধে মোটাদাগে চারটি সুপারিশ করেছে সিপিডি। এগুলো হলো আইনগত ও প্রাতিষ্ঠানিক—এ দুই ধরনের সক্ষমতা বৃদ্ধি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় রক্ষা, অন্য দেশের সঙ্গে সহযোগিতা ও রাজনৈতিক সদিচ্ছা।




রাজধানীর ব্র্যাক সেন্টারে গতকাল সিপিডি আয়োজিত 'আন্তদেশীয় অবৈধ অর্থপ্রবাহ' শীর্ষক বিশেষজ্ঞ সভায় (বাঁ থেকে) এ বি মির্জ্জা আজিজুল ইসলাম, দেবপ্রিয় ভট্টাচার্য, মোহাম্মদ ফরাসউদ্দিন, আকবর আলি খান, আবদুল মাতলুব আহমাদ ও মোস্তাফিজুর রহমান ● ছবি : প্রথম আলো

# নির্বাচনের আগে টাকা পাচার বাড়ে

শেষ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এ বি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, পানামা পেপারসে যাঁদের নাম আছে, তাঁদের কতজনের বিরুদ্ধে অনুসন্ধান হয়েছে, তা জানি না। আমদানি-রপ্তানির সময় মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে টাকা পাচার রোধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা উচিত। উদাহরণ দিয়ে তিনি বলেন, ২০১৪-১৫ অর্থবছরে মূলধনি যন্ত্রপাতির আমদানি বেড়ে গিয়েছিল। কিন্তু তখন বিদ্যমান উৎপাদন সক্ষমতার পুরোটা ব্যবহার করা যাচ্ছিল না। তাহলে নতুন মূলধনি যন্ত্রপাতি কেন আমদানি হচ্ছে—এ বিষয়ে এনবিআর কোনো অনুসন্ধান করেনি।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা আকবর আলী খান বলেন, বাংলাদেশে অনেকে টাকা রাখতে ভয় পান। তাই বিদেশে টাকা পাচার করেন। শুধু করের হার কমালেই টাকা পাচার বন্ধ হবে না। টাকা পাচার বন্ধে একটি স্থায়ী আইনি কাঠামো তৈরির সুপারিশ করেন তিনি। তিনি আরও বলেন, দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ ব্যাংক কিংবা এনবিআর একা টাকা পাচার বন্ধ করতে পারবে না। এ জন্য একটি স্বতন্ত্র অফিস তৈরি করা উচিত। অনেকটা গুরুতর অপরাধ দমন অফিসের মতো। এটা হওয়া উচিত অর্থ মন্ত্রণালয়ের নেতৃত্বে। এ অফিসে পুলিশ, অর্থনীতিবিদ ও সমাজতত্ত্ববিদেরা থাকতে পারেন।

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বিনিয়োগের সুযোগের অপ্রতুলতার কারণেই মূলত টাকা পাচার হয়। এতে কোনো সন্দেহ নেই। বিনিয়োগবান্ধব পরিবেশ থাকলে এত টাকা পাচার হতো না। তাঁর মতে, রাজনৈতিক অস্বস্তির কারণেও টাকা পাচার হয়। নির্বাচনের বছর ২০০৮ সালে যে টাকা পাচার হয়েছে, তা আগের বছরের চেয়ে ৬০ শতাংশ বেশি। আর ২০১৩ সালে যে অর্থ পাচার হয়েছে, তা আগের বছরের চেয়ে ৩০ শতাংশ বেশি। নির্বাচন এলেই টাকা পাচার হয়। এ জন্য রাজনৈতিক সংস্কৃতির উন্নয়ন প্রয়োজন বলে মনে করেন তিনি।

ফরাসউদ্দিন বলেন, 'অর্থ পাচারকারীদের মনস্তাত্ত্বিক বিষয়টি হলো, অনেক টাকা করে ফেলেছি। ছেলেমেয়েরা দেশের চেয়ে বিদেশে ভালো থাকবে।' তিনি বলেন, 'চোরাচালানের সোনা ধরা হচ্ছে। কিন্তু বিচার হচ্ছে কি না জানি না। এখন মনে হচ্ছে সোনা ধরে বাজেয়াপ্ত করাই প্রধান কাজ। সোনা ও অর্থ পাচারকারীদের বিচার হওয়া দরকার।'

সাবেক অর্থমন্ত্রী এম সাইদুজ্জামান বলেন, গত কয়েক বছরে নানাভাবে আইনের সংস্কার হলেও টাকা পাচার বেড়েছে। তিনি মনে করেন, আবাসন খাতেই সবচেয়ে বেশি কালোটাকা তৈরি হয়।

দেবপ্রিয় ভট্টাচার্যের মতে, বিনিয়োগ-নিঃস্ব একটি দেশ এখন ক্রমান্বয়ে পুঁজি রপ্তানিকারক দেশে পরিণত হচ্ছে। এর মতো বৈপরীত্য আর কিছু দেখি না। যে দেশে বিনিয়োগের জন্য পুঁজি আসছে না, সেই দেশ থেকেই পুঁজি পাচার হয়ে যাচ্ছে।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সভাপতি আবদুল মাতলুব আহমাদ বলেন, 'অনেকে দুবাইয়ে বিশাল বাড়ি কিনছেন, কিন্তু আমরা দেখেও দেখি না। এত সোনা ধরা হচ্ছে। কিন্তু কারা সোনা চোরাচালান করছে, তা ধরতে পারছি না।'

বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, ক্ষমতার পরিবর্তনের সময় অনিশ্চয়তা তৈরি হয়। এটা অনেককে অর্থ পাচারে উৎসাহিত করে। অর্থ পাচার ও কালোটাকা উৎপাদন বন্ধ করতে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে।

সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমানের মতে, কয়েক বছর ধরেই টাকা পাচার নিয়ে দুশ্চিন্তা বাড়ছে। কিন্তু এটা নিয়ে আলোচনা হচ্ছে না। এটা ধীরে ধীরে ক্যানসারের মতো পুঞ্জীভূত হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবু আহমদ বলেন, দেশে শান্তি না থাকলে এবং একটি বিশৃঙ্খল সমাজ থাকলে কেউ টাকা রাখবে না। গরিব মানুষের উপায় নেই বলে এখানে টাকা রাখছেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী বলেন, 'যতই আইন সংস্কার করি না কেন, রাজনৈতিক সদিচ্ছা না থাকলে টাকা পাচার বন্ধ করা যাবে না।'

দুর্নীতি দমন কমিশনের (দুদক) কমিশনার নাসির উদ্দিন আহমেদের মতে, শুল্ক বিভাগ এখন যথেষ্ট তথ্যপ্রযুক্তিনির্ভর। তাই বাণিজ্যনির্ভর অর্থ পাচার ঠেকানো সম্ভব।

মেঘনা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নুরুল আমিন বলেন, 'গত ১০ বছরে গুলশান-বনানীর বাড়ি বিক্রির ৮০ শতাংশ অর্থ দেশের বাইরে লেনদেন হয়েছে। আমরা দেখেও এসব দেখছি না।'

এ ছাড়া বক্তব্য দেন সাবেক অর্থসচিব সিদ্দিকুর রহমান চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর মোহাম্মদ এ (রুমী) আলী, এনবিআরের সাবেক সদস্য আমিনুর রহমান, শুল্ক গোয়েন্দা অধিদপ্তরের মহাপরিচালক মইনুল খান, দুদকের মহাপরিচালক ফরিদ আহমেদ প্রমুখ।

আলোকিত বাংলাদেশ
The Daily Alokito Bangladesh

Date: 26-06-2016 Page 01, Col 2-3 Size: 18 Col*Inc

# নিরাপত্তাহীনতায় বাড়ছে অর্থ পাচার

১০ বছরে গেছে ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা

টাস্কফোর্স গঠনের সুপারিশ সিপিডির

● নিজস্ব প্রতিবেদক

ব্যক্তি খাতের বিনিয়োগে মন্দা বিরাজ করছে; কিন্তু প্রতি বছর বাংলাদেশ থেকে বড় অঙ্কের অর্থ বিদেশে পাচার হচ্ছে। গত ১০ বছরে (২০০৪ থেকে ২০১৩ সাল) পাচার হয়েছে ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা। মূলত অস্থিরতা, নিরাপত্তাহীনতা ও রাজনৈতিক অনিশ্চয়তায় অর্থ পাচার বাড়ছে। এ পরিস্থিতি উসকে দিচ্ছে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব, ব্যবসার প্রতিবন্ধকতা, দুর্নীতি, বিচারহীনতা, আইন ও প্রাতিষ্ঠানিক জটিলতা এবং সুশাসনের অভাব। সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) এক সেমিনারে বিশেষজ্ঞরা এসব কথা বলেন। অর্থ পাচার রোধে টাস্কফোর্স গঠন ছাড়াও সংস্কারমূলক বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়ন করতে এসময় পরামর্শ দেন বিশেষজ্ঞরা। **এরপর পৃষ্ঠা ২ কলাম ৭**

## নিরাপত্তাহীনতায় বাড়ছে

● ১ম পৃষ্ঠার পর

রাজধানীর একটি সম্মেলন কক্ষে শনিবার এ সেমিনারের আয়োজন করা হয়। এতে বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান, ড. এ বি মির্জ্জা আজিজুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, সাবেক অর্থমন্ত্রী সাইদুজ্জামান, সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য ও নির্বাহী পরিচালক মুস্তাফিজুর রহমান, পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর, ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই সভাপতি আবদুল মাতলুব আহমাদ, অর্থনীতিবিদ আবু আহমেদ। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির গবেষণা ফেলো তৌফিকুল ইসলাম খান।

গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটির (জিএফআই) প্রতিবেদনের সূত্র ধরে মূল প্রবন্ধে বলা হয়, ২০০৪ থেকে ২০১৩ সাল পর্যন্ত বাংলাদেশ থেকে ৫ হাজার ৫৮৭ কোটি ৬০ লাখ মার্কিন ডলার পাচার হয়েছে। দেশি মুদ্রায় এর পরিমাণ ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা। এর মধ্যে ২০১৩ সালেই পাচার হয়েছে ৯৬৬ কোটি ডলার। ওই বছরে অর্থ পাচারকারী দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ছিল ৪০তম। এক বছরে পাচার হওয়া অর্থ দেশের শিক্ষা বাজেটের সাড়ে ৩ গুণ এবং স্বাস্থ্য বাজেটের ৮ গুণ। এতে আরও বলা হয়, সুইজারল্যান্ডের ব্যাংকগুলোতে বাংলাদেশীদের জমা অর্থের পরিমাণ দুই বছরে দ্বিগুণ হয়েছে। মালয়েশিয়ায় সেকেন্ড হোম প্রজেক্টে তৃতীয় সর্বোচ্চ বিনিয়োগকারী বাংলাদেশ। অস্ট্রেলিয়া, কানাডা ও যুক্তরাষ্ট্রে বাংলাদেশীরা অর্থ পাচার করছেন। পানামা পেপারসে ৩৪ বাংলাদেশীর নাম এসেছে। আন্তর্জাতিক বিভিন্ন গবেষণা বাংলাদেশীদের অর্থের সন্ধান পেলেও সরকারের কাছে আনুষ্ঠানিক কোনো তথ্য নেই। তবে অর্থ মন্ত্রণালয়ের এক হিসাবে বাংলাদেশের অর্থনীতির ৪০ থেকে ৮০ শতাংশ কালো টাকা।

ড. আকবর আলি খান বলেন, বাংলাদেশ থেকে করের কারণে টাকা পাচার হচ্ছে না। পাচারের মূল কারণ নিরাপত্তার অভাব। আইনে দুর্বলতা ও সুশাসনের অভাব রয়েছে। অর্থনীতিতে অনেক ফাঁক-ফোকর রয়ে গেছে। শ্রমিক রফতানিতে সংশ্লিষ্ট দেশকে অবৈধ অর্থ দিতে হয়। পাচার রোধে একটি সমন্বিত ও স্বতন্ত্র প্রতিষ্ঠান গড়ে তোলার পরামর্শ দেন তিনি।

মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, শিল্পের কাঁচামাল আমদানি কম হলেও বাংলাদেশে মূলধনী যন্ত্রপাতির আমদানি বেশি। বিষয়টি নিয়ে সতর্ক থাকতে হবে। উন্নয়নশীল দেশের আমদানি কর কম হওয়া দরকার। অথচ এবারের বাজেটে আরও একটি শুল্ক স্তর সংযোজন করা হয়েছে। তিনি বলেন, দেশের স্বর্ণ চোরাচালানকারী ও পাচারকারীদের নামে মামলা হচ্ছে। কিন্তু কাউকে দৃশ্যমান শাস্তি দেয়ার নজির নেই।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, বিনিয়োগ নিঃস্ব দেশ থেকে ক্রমেই পুজি রফতানি হচ্ছে। অধিক সঞ্চয় থাকলেও বিনিয়োগ হচ্ছে না। এদেশে বিনিয়োগের জন্য সম্পদের প্রয়োজন। সিপিডির পক্ষ থেকে পাচার বন্ধে তিনি পাঁচটি সুপারিশ করে বলেন, কারিগরি সমাধান ও প্রাতিষ্ঠানিক সংস্কার করতে হবে। সামাজিক সুশাসন, রাজনৈতিক স্থিতি ও প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিত করতে হবে। ভবিষ্যতে পাচার বন্ধে প্রতিরোধমূলক পদক্ষেপ নিতে হবে। পাশাপাশি পাচার হওয়া অর্থ উদ্ধারের প্রচেষ্টা চালাতে হবে। আন্তর্জাতিক আইনের সঙ্গে যোগাযোগ বাড়াতে হবে। টাকা পাচারে উৎসাহিত করে এমন শক্ত আইন ও প্রতিষ্ঠানে সংস্কার করে সহজ করতে হবে। পাচারকারীদের দৃশ্যমান শাস্তির আওতায় আনতে হবে। সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় করে সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি করতে হবে। অর্থ পাচার একটি জটিল প্রক্রিয়া। এটি অনুধাবনের জন্য গবেষণা করতে হবে।

ফরাসউদ্দিন বলেন, বিনিয়োগ পরিবেশের অপ্রতুলতা ও রাজনৈতিক অস্বস্তির কারণে টাকা পাচার বাড়ছে। ২০০৮ সালে অর্থ পাচার ৫৭ শতাংশ বাড়ে। তত্ত্বাবধায়ক সরকারের প্রতি কারও আস্থা না থাকায় এ পরিস্থিতির সৃষ্টি হয়। পরের বছর নির্বাচনের কথা থাকায় ২০১৩ সালে সবচেয়ে বেশি পাচার হয়েছে। মনস্তাত্ত্বিক কারণে অর্থ পাচার হচ্ছে। বিভিন্নভাবে বহুজাতিক কোম্পানিগুলো অর্থ পাচার করছে বলেও তিনি মন্তব্য করেন।

আবু আহমেদ বলেন, ধনীরা টাকা পাচার করে। তাদের বিনিয়োগের ব্যবস্থা করতে হবে। এসেট মার্কেট, স্বর্ণ ও ডায়মন্ডের বাজার গড়ে তুলতে হবে। পুঁজিবাজারে সহজে বিনিয়োগের সুবিধা দিতে হবে। এছাড়া দেশে শান্তি নিশ্চিত করতে হবে।

আমাদের অর্থনীতি
Date:26-06-2016 Page 01, Col 1-2 Size:11 Col*Inc

# বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে অর্থপাচার : সিপিডি

**জাফর আহমদ :** দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে বিদেশে অর্থ পাচার হচ্ছে বলে মনে করেন অর্থনীতিবিদ ও ব্যাংকাররা। তাদের মতে, দেশের রাজনৈতিক অস্থিরতা ও অর্থ পাচারের অন্যতম কারণ। গতকাল শনিবার রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক সেন্টারে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত 'আন্তঃদেশীয় অবৈধ অর্থ প্রবাহ' শীর্ষক আলোচনাসভায় তারা এ কথা বলেন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## বিনিয়োগবান্ধব

(প্রথম পৃষ্ঠার পর) আলোচনাসভায় বাংলাদেশের সাবেক গভর্নর ড. ফরাস উদ্দিন আহমেদ বলেন, রাজনৈতিক অস্থিরতা অর্থ পাচারের অন্যতম কারণ। তত্ত্বাবধায়ক সরকারের ইস্যুতে ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালে ৬০ ভাগ বেশি অর্থ পাচার হয়েছিল। আর ২০১৪ সালের নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালে আরও ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়। অর্থ পাচাররোধে তিনি রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচারের ব্যবস্থা নেওয়ার পরামর্শ দেন।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, অর্থ পাচারের জন্য দেশের ভিতরে নিরাপত্তার অভাববোধও অন্যতম কারণ। বিদেশে অর্থ পাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের শাস্তি নিশ্চিত করা, ঋণ খেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেওয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন।

নানা কারণে অর্থ বিদেশে পাচার হচ্ছে বলে মন্তব্য করেছেন সাবেক তত্ত্বাধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান। তিনি বলেন, আইনের প্রয়োগ না করা, কর ফাঁকি দেওয়ার প্রবণতা, নিরাপত্তার অভাব ইত্যাদি কারণে অর্থ পাচার হচ্ছে। এ অর্থ পাচার একটি অত্যন্ত জটিল বিষয়, এটা রাতারাতি সমাধান হওয়া সম্ভব না। এ ক্ষেত্রে দুদকের উচিত অর্থ পাচাররোধ করা, কিন্তু প্রতিষ্ঠানটি পারবে না। তাই অর্থ পাচাররোধে একটি স্বাধীন প্রতিষ্ঠান করতে হবে।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচাররোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচাররোধে বেশি সময় দেওয়া, আন্তর্জাতিক আইনের সাথে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি ও দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে। এফবিসিসিআই প্রেসিডেন্ট আব্দুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। গাছের গোড়ায় না গিয়ে পাতা নিয়ে দৌড়াদৌড়ি করায় এ অবস্থা। অর্থ পাচাররোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে।

গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে সিপিডির গবেষক তৌফিকুল ইসলাম খান মূল প্রবন্ধে বলেন, বাংলাদেশ থেকে ক্রমান্বয়ে বিদেশে অর্থ পাচার বেড়েছে।
সম্পাদনা : সুমন ইসলাম

আমাদের অর্থনীতি
Date:26-06-2016 Page 08, Col 8 Size:7 Col*Inc



# ‘সুশাসনের অভাবে অর্থপাচার বাড়ছে’

নিজস্ব প্রতিবেদক : সুশাসনের অভাবে টাকা পাচার বাড়ছে বলে জানিয়েছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান। তিনি বলেছেন, এ নিয়ে কথা হচ্ছে অনেক, কিন্তু কোনো কাজে আসছে না। ফি বছর পাচারের অর্থের অংক বাড়ছে।

গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে ‘অর্থপাচার : প্রেক্ষিত বাংলাদেশ’ শীর্ষক এক ডায়ালগে তিনি এসব কথা বলেন। এ ডায়ালগের আয়োজক বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)।

অবৈধ অর্থ পাচার পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণে এরপর পৃষ্ঠা ৭, কলাম ১

## সুশাসনের অভাবে অর্থপাচার

(শেষ পৃষ্ঠার পর) পৃথক একটি সংস্থা প্রতিষ্ঠার পরামর্শ দিয়ে সাবেক এ উপদেষ্টা বলেন, ‘সংস্থাটি থাকবে অর্থ মন্ত্রণালয়ের অধীনে। প্রস্তাবিত এ সংস্থায় আইনশৃঙ্খলা বাহিনী, ব্যবসায়ী, অর্থনীতিবিদসহ সংশ্লিষ্ট সবার প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে।’

তিনি বলেন, ‘অর্থপাচারের দুটি কারণ থাকতে পারে। একটি হলো উন্নত দেশের দৃষ্টিভঙ্গি আর অন্যটি হলো আইনের শাসনের অভাব। আমার মনে হয় কর ফাঁকি দিতে এই টাকা পাচার হচ্ছে না। মূলত বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায়, করের হার আরও কমানো হলেও পাচার বন্ধ হবে না। দেশ থেকে অনেক মানুষ চলে যেতে চায়।’
সম্পাদনা : রাশিদ রিয়াজ

আমাদের সময়
Date:26-06-2016 Page 01, Col 8 Size: 20 Col*Inc

### সিপিডির সেমিনার

# রাজনৈতিক অনিশ্চয়তায় বাড়ছে অর্থপাচার

নিজস্ব প্রতিবেদক ●

বাংলাদেশ থেকে গত ১০ বছরে পাচার হয়েছে ৫ হাজার ৫৮৮ কোটি ডলার। টাকার অঙ্কে যা ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা। মোট পাচার হওয়া অর্থের ৮৮ শতাংশই হয় আন্তর্জাতিক বাণিজ্যের আড়ালে। বিনিয়োগ নিঃস্ব বাংলাদেশ থেকে প্রতিবছর এই বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার হচ্ছে। এই পাচারের জন্য রাজনৈতিক অস্বস্তি ও অনিশ্চয়তা দায়ী। এ ছাড়া বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব, ব্যবসার প্রতিবন্ধকতা, দুর্নীতি, বিচারহীনতা, আইন ও প্রাতিষ্ঠানিক জটিলতা ও সুশাসনের অভাবে অর্থ পাচার হয়েছে। এ জন্য টাস্কফোর্স, প্রাইস কমিশন গঠনসহ বিভিন্ন সংস্কারের পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। গতকাল এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

## রাজনৈতিক অনিশ্চয়তায়

(প্রথম পৃষ্ঠার পর) সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত 'অবৈধ অর্থপ্রবাহ : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন।

রাজধানীর মহাখালীতে ব্র্যাক সেন্টার ইন মিলনায়তনে আয়োজিত এ সেমিনারে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা আকবর আলি খান ও ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দীন, সাবেক অর্থমন্ত্রী সাইদুজ্জামান, সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য ও নির্বাহী পরিচালক মুস্তাফিজুর রহমান, পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর, ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই সভাপতি আব্দুল মাতলুব আহমাদ, অর্থনীতিবিদ আবু আহমেদ প্রমুখ বক্তৃতা করেন। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির গবেষক তৌফিকুল ইসলাম খান।

মূল প্রবন্ধে বলা হয়, গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটির (জিএফআই) রিপোর্ট অনুসারে ২০০৪ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত বাংলাদেশ থেকে ৫ হাজার ৫৮৭ কোটি ৬০ লাখ মার্কিন ডলার পাচার হয়েছে। দেশি মুদ্রায় এর পরিমাণ ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা। এর মধ্যে সবচেয়ে বেশি ৯৬৬ কোটি ডলার পাচার হয়েছে ২০১৩ সালে। ওই বছরে ১০০টি দেশের মধ্যে পাচারকারী দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ৪০তম। ওই বছর পাচারকৃত অর্থ বাংলাদেশের শিক্ষা বাজেটের সাড়ে ৩ গুণ এবং স্বাস্থ্য বাজেটের ৮ গুণ। সুইজারল্যান্ডের ব্যাংকগুলোয় বাংলাদেশিদের জমাকৃত অর্থের পরিমাণ দুই বছরের মধ্যে দ্বিগুণ হয়েছে। মালয়েশিয়ায় সেকেন্ড হোম প্রজেক্টে বাংলাদেশিরা তৃতীয় সর্বোচ্চ বিনিয়োগকারী। অস্ট্রেলিয়া, কানাডা ও যুক্তরাষ্ট্রে বাংলাদেশিরা বিনিয়োগ করছে। বাংলাদেশ থেকে অর্থ নিয়ে বিদেশে বিনিয়োগ করার কোনো আইনে অনুমোদন নেই। পানামা পেপার্সে ৩৪ বাংলাদেশিদের নাম এসেছে। আন্তর্জাতিক বিভিন্ন গবেষণা বাংলাদেশিদের অর্থের সন্ধান পেলেও সরকারের কাছে আনুষ্ঠানিক কোনো তথ্য নেই। তবে অর্থ মন্ত্রণালয়ের এক হিসাবে বাংলাদেশের অর্থনীতির ৪০ থেকে ৮০ শতাংশ কালো টাকা। আকবর আলি খান বলেন, বাংলাদেশের করহার খুব বেশি নয়। করের কারণে টাকা পাচার হচ্ছে না। এর মূল কারণ হচ্ছে নিরাপত্তার অভাব। ভয়ের কারণে টাকা পাচার হয়ে যাচ্ছে। আইনের দুর্বলতা ও সুশাসনের অভাব রয়েছে। অর্থনীতিতে অনেক ফাঁকফোকর রয়ে গেছে। শ্রমিক রপ্তানিতে অবৈধ টাকা দেওয়া লাগে সংশ্লিষ্ট দেশকে। পাচার রোধে সমন্বিত স্বতন্ত্র একটি প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে।

ফরাসউদ্দিন বলেন, বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতা ও রাজনৈতিক অস্বস্তির কারণে টাকা পাচার বাড়ছে। ২০০৮ সালে তার আগে বছরের তুলনায় অর্থ পাচার ৫৭ শতাংশ বাড়ে। কারণ তত্ত্বাবধায়ক সরকারের প্রতি কারও আস্থা ছিল না। ২০১৩ সালে সবচেয়ে বেশি পাচার হয়েছে। কারণ পরের বছর দেশে জাতীয় নির্বাচন হওয়ার কথা ছিল। মনস্তাত্ত্বিক কারণে অর্থ পাচার হচ্ছে। মিসপ্রাইসিং, ওভার ইনভয়েসিং ও আন্ডার ইনভয়েসিংয়ের মাধ্যমে বহুজাতিক কোম্পানিগুলো অর্থ পাচার করছে। তিনি বলেন, বাংলাদেশ স্বর্ণ চোরাচালানকারী ও বৈদেশিক মুদ্রার পাচারকারীদের কোনো বিচার হয় না। বাজেয়াপ্ত করা পর্যন্ত সীমাবদ্ধ। বিচারহীনতার সংস্কৃতি দূর করতে হবে। বিনিময় হার বাজারভিত্তিক হওয়ার কথা থাকলেও তাতে বাংলাদেশ ব্যাংক হস্তক্ষেপ করছে। এটিও অর্থপাচারের কারণ। এ জন্য প্রাইস কমিশন গঠন করতে হবে। সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) সংস্কার করে সব ক্ষেত্রে চালু করতে হবে।

মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, আমাদের দেশে শিল্পের কাঁচামাল আমদানি কম অথচ মূলধনী যন্ত্রপাতি আমদানি বেশি। বিষয়টি নিয়ে সতর্ক থাকতে হবে। উন্নয়নশীল দেশের আমদানি করহার কম হওয়া দরকার অথচ এ দেশে এবারের বাজেটে আরও একটি শুল্ক স্তর সংযোজন করা হয়েছে। ইচ্ছাকৃতভাবে ঋণখেলাপিদের পাচারকারী হিসেবে চিহ্নিত করতে হবে। দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, বিনিয়োগ নিঃস্ব দেশ থেকে ক্রমান্বয়ে পুঁজি রপ্তানি হচ্ছে। অধিক সঞ্চয় থাকলেও বিনিয়োগ হচ্ছে না। এ দেশের বিনিয়োগের জন্য সম্পদের প্রয়োজন। এটি বড় ধরনের প্যারাডক্স। পাচার বন্ধে ৫টি সুপারিশ প্রদান করে তিনি বলেন, কারিগরি সমাধান ও প্রাতিষ্ঠানিক সংস্কার করতে হবে। সামাজিক সুশাসন, রাজনৈতিক স্থিতি ও প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিত করতে হবে। ভবিষ্যতে পাচার বন্ধে প্রতিষেধকমূলক পদক্ষেপ নিতে হবে। পাশাপাশি পাচার হওয়া অর্থ উদ্ধারের প্রচেষ্টা চালাতে হবে। আন্তর্জাতিক আইনের সঙ্গে যোগাযোগ বাড়াতে হবে। টাকা পাচারে উৎসাহিত করে এমন শক্ত আইন ও প্রতিষ্ঠানে সংস্কার করে সহজ করতে হবে। পাচারকারীদের দৃশ্যমান শাস্তির আওতায় আনতে হবে। সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় করে সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি করতে হবে। অর্থপাচার একটি জটিল প্রক্রিয়া। এটি অনুধাবনের জন্য গবেষণা করতে হবে।

আবু আহমেদ বলেন, ধনীরা টাকা পাচার করে। তাদের বিনিয়োগের ব্যবস্থা করতে হবে। শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের মহাপরিচালক মঈনুল ইসলাম খান বলেন, গত ৩ বছরে দেশে ৮৫ মণ স্বর্ণ উদ্ধার করা হয়েছে। অথচ দেশে বাণিজ্যিকভাবে কোনো স্বর্ণ আমদানি করা হয়নি। সেমিনারে অন্যদের মধ্যে বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর মোহাম্মদ রুমী আলী, মেঘনা ব্যাংকের এমডি মোহাম্মদ নুরুল আমিন, আইসিএবির প্রেসিডেন্ট কামরুল আবেদীন, বিএফআইইউয়ের ডিজিএম ড. কবীর আহমেদ, সাবেক অর্থসচিব সিদ্দিকুর রহমান, দুর্নীতি দমন কমিশনের নাসির উদ্দিন, বিআইবিএমের আহসান হাবীব প্রমুখ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সময়
THE DAILY BANGLADESH SHOMOY
Date:26-06-2016 Page 01, Col 2-3 Size 13.5Col*Inc

### সিপিডির আলোচনা সভায় অভিমত

# বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে অর্থ পাচার হচ্ছে

**নিজস্ব প্রতিবেদক**

দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে বিদেশে অর্থ পাচার হচ্ছে। এ ছাড়া দেশের রাজনৈতিক অস্থিরতাও অর্থ পাচারের অন্যতম কারণ। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক আলোচনা সভায় এমন মন্তব্য করেন বক্তারা। রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক সেন্টারে গতকাল শনিবার 'আন্তঃদেশীয় অবৈধ অর্থ প্রবাহ' শীর্ষক এ আলোচনা সভার আয়োজন করা হয়।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এ ছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। বিদেশে অর্থ পাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণ খেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেওয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন। রাজনৈতিক অস্থিরতাকে অর্থ পাচারের অন্যতম কারণ বলে মনে করেন বাংলাদেশ সাবেক গভর্নর ফরাস উদ্দিন আহমেদ। তিনি বলেন, 'তত্ত্বাবধায়ক ▷ পৃষ্ঠা ২ কলাম ৭ ◁

## বিনিয়োগবান্ধব

সরকারের ইস্যুতে ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালে ৬০ ভাগ বেশি অর্থ পাচার হয়েছিল। আর ২০১৪ সালের নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালে আরও ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়। অর্থ পাচারে বিনিয়োগবান্ধব প্রতিকূলতাও অন্যতম কারণ বলে মনে করেন ফরাস উদ্দিন আহমেদ। অর্থ পাচাররোধে রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচার করতে হবে বলেও জানান তিনি।

নানা কারণে অর্থ বিদেশে পাচার হচ্ছে বলে মন্তব্য করেছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান বলেন, আইনের প্রয়োগ না করা, কর ফাঁকি দেওয়ার প্রবণতা, নিরাপত্তার অভাব ইত্যাদি কারণে অর্থ পাচার হচ্ছে। এ অর্থ পাচার একটি অত্যন্ত জটিল বিষয়, এটা রাতারাতি সমাধান হওয়া সম্ভব না। ধীরে ধীরে পাচাররোধ করতে হবে। এ ক্ষেত্রে দুদকের উচিত অর্থ পাচাররোধ করা, কিন্তু প্রতিষ্ঠানটি পারবে না। তাই অর্থ পাচাররোধে একটি স্বাধীন প্রতিষ্ঠান করতে হবে। এফবিসিসিআই প্রেসিডেন্ট আবদুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। গাছের গোড়ায় না গিয়ে পাতা নিয়ে দৌড়াদৌড়ি করায় এ অবস্থা। অর্থ পাচাররোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে। সবশেষে আলোচনার সভাপতি সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচাররোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচাররোধে বেশি সময় দেওয়া, আন্তর্জাতিক আইনের সাথে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি ও দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে।

দৈনিক বর্তমান The Daily Bartoman
আমরা সত্যের অনুসারী
Date:26-06-2016 Page 05 Col 6-8 Size: 15 Col*Inc

# বিনিয়োগ পরিবেশ থাকলে অর্থ পাচার হতো না : ফরাসউদ্দিন

বর্তমান প্রতিবেদক

দেশে শতভাগ বিনিয়োগ পরিবেশ থাকলে অর্থ পাচার হতো না বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমেদ।

গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে 'অর্থপাচার : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক এক ডায়ালগে তিনি এসব কথা বলেন। ডায়ালগটির আয়োজন করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)।



ড. ফরাসউদ্দিন বলেন, দেশে মূলত বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতা রয়েছে। শতভাগ বিনিয়োগ পরিবেশ থাকলে অর্থ পাচার হতো না। অনেকে অর্থপাচারের পেছনে রাজনৈতিক অস্থিরতা বা অনিশ্চিয়তার কথা বলেন। এক্ষেত্রে গ্লোবাল ফাইনান্সিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) তথ্য তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালে যে অর্থপাচার হয়েছে তা ২০০৭ সালের চেয়ে ৬০ শতাংশ বেশি।

ওই সময় কেয়ারটেকার গভমেন্টের সঙ্গে বিনিয়োগকারীদের একটা মতপার্থক্য তৈরি হয়েছিল। এজন্য ওই সময় অর্থ দেশে না রেখে বিদেশে পাচার হয়েছে। একই ঘটনা ২০১৪ সালে ঘটেছে। ২০১৩ সালের তুলনায় ওই বছর ৩৫ শতাংশ বেশি অর্থপাচার হয়েছে। এর মূল কারণ ২০১৪ সালে নির্বাচন হওয়ার কথা ছিল। আরেক পক্ষ নির্বাচনটি ঠেকাতে চেয়েছিল। এই সংঘাত বা অস্থিরতাপূর্ণ পরিবেশে অর্থ পাচার হওয়াটা স্বাভাবিক। তিনি বলেন, দেশে বেসরকারিখাতের বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে। কারণ সরকারকেই বেসরকারি খাতের বিনিয়োগ পরিবেশ তৈরির জন্য নীতি-কৌশল, সুযোগ-সুবিধা করে দিতে হবে।

সাবেক এই গভর্নর বলেন, 'অর্থপাচার রোধের জন্য দেশে টাকা থাকলে নিরাপদে থাকবে এই মনস্তাত্ত্বিক পরিবেশ তৈরি করতে হবে। একই সঙ্গে পাচারকারীদের বিচার নিশ্চিত করতে হবে। দেশে দুই ধরনের অপরাধের বিচার হয় না। এক স্বর্ণ চোরাচালান, দুই ফরেন কারেনসি পাচার। অনেকেই ক্যাপিটেল অ্যাকাউন্ট লিবারালাইজেশনের কথা বলছেন। মনে হয় এটা করার এখন সময় এসেছে। তিনি বলেন, 'সত্যিকার অর্থেই মুদ্রা বিনিময় হারকে বাজারমুখী করতে হবে। সঠিকভাবে মুদ্রা বিনিময় হারকে বাজারের সঙ্গে সমন্বয় করতে পারলে ছোটখাটো পাচার হতো না।

মুদ্রার অতি মূল্যায়নের কারণে রেমিট্যান্স কমছে ও অর্থ পাচার বাড়ছে। বাংলাদেশ ব্যাংকের সমালোচনা করে কার্যকর পদক্ষেপ নেয়ারও পরামর্শ দিয়ে এই অর্থনীতিবিদ বলেন, এখন সময় এসেছে প্রাইস কমিশন জাতীয় কিছু করার। এই কমিশন পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নির্ধারণ করে দেবে। ডায়লগ অনুষ্ঠানে এ সময় উপস্থিত ছিলেন সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. মির্জ্জা আজিজুল ইসলাম, ড. আকবর আলী খান, এফবিসিসিআই সভাপতি আবদুল মাতলুব আহমদ প্রমুখ।

দৈনিক বর্তমান
The Daily Bartoman
Date:26-06-2016 Page 12 Col 1-4 Size:28 Col* Inc

# টাকা পাচার বন্ধে টাস্কফোর্স গঠনের সুপারিশ সিপিডির

**বর্তমান প্রতিবেদক**

দেশের রাজনৈতিক অস্থিরতা এবং বিনিয়োগবান্ধব পরিবেশ না থাকায় বিদেশে অর্থ পাচার হচ্ছে। টাকা পাচার বন্ধে বিশেষ টাস্কফোর্স গঠনের সুপারিশ করে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে আয়োজিত 'আন্তঃদেশীয় অবৈধ অর্থ প্রবাহ' শীর্ষক এক আলোচনা সভায় তারা এসব কথা বলেন।

আলোচনা সভায় তত্ত্বাবধায়ক সরকারের সাবেক অর্থ উপদেষ্টা ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, এই দেশে থেকে অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও অরেকটি কারণ। বিদেশে অর্থ পাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণ খেলাপিদের ক্ষেত্রে **এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪**




**গতকাল রাজধানীর ব্র্যাক সেন্টারে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত 'আন্তঃদেশীয় অবৈধ অর্থ প্রবাহ' শীর্ষক এক আলোচনা সভায় বক্তারা - বর্তমান**

## টাকা পাচার বন্ধে টাস্কফোর্স

**শেষ পৃষ্ঠার পর**

বিদেশে টাকা পাঠাতে না দেয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন বলে মনে করেন দেশের এই অর্থনীতিবিদ।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা আকবর আলি খান বলেন, বাংলাদেশে অনেকে টাকা রাখতে ভয় পান। তাই বিদেশে টাকা পাচার করেন। শুধু করের হার কমালেই টাকা পাচার বন্ধ হবে না। টাকা পাচার বন্ধে তিনি একটি স্থায়ী আইনি কাঠামো তৈরির সুপারিশ করেন। তিনি বলেন, দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ ব্যাংক কিংবা এনবিআর একা টাকা পাচার বন্ধ করতে পারবে না। এ জন্য একটি স্বতন্ত্র অফিস তৈরি করা উচিত, গুরুতর অপরাধ দমন অফিসের মতো। এটা হওয়া উচিত অর্থ মন্ত্রণালয়ের নেতৃত্বে। এ অফিসে পুলিশ, অর্থনীতিবিদ ও সমাজতাত্ত্বিকেরা থাকতে পারেন।

সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচাররোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচার রোধে রাজনৈতিক সদিচ্ছার প্রয়োজন উল্লেখ করে তিনি প্রাতিষ্ঠানিক ও আইনি সংস্কারের জন্য রাজনৈতিক নেতৃত্বকে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, বিনিয়োগ নিঃস্ব একটি দেশ এখন ক্রমান্বয়ে পুঁজি রফতানিকারক দেশে পরিণত হচ্ছে। এর মতো বৈপরীত্য আর কিছু দেখি না। যে দেশে বিনিয়োগের জন্য পুঁজি আসছে না, সেই দেশ থেকে পুঁজি পাচার হয়ে যাচ্ছে।

গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে সিপিডির গবেষক তৌফিকুল ইসলাম খান মূল প্রবন্ধে বলেন, বাংলাদেশ থেকে ক্রমান্বয়ে বিদেশে অর্থ পাচার বেড়েছে। ২০১৩ সালে ৯৬৬ কোটি ডলার পাচার হয়েছে। অর্থ পাচারের দিক থেকে শীর্ষ ১০০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৪০। গত ১০ বছরের হিসাবে প্রতিবছর গড়ে ৫৫৮ কোটি ডলার পাচার হয়েছে, যার ৮৮ শতাংশই হয়েছে আমদানি ও রফতানিতে মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে।

সিপিডি বলছে, ২০১৩ সালে যে অর্থ পাচার হয়েছে, তা শিক্ষা বাজেটের ৩ দশমিক ৬ গুণ, স্বাস্থ্য বাজেটের ৮ দশমিক ২ গুণ। আর পাচার করা অর্থের যদি ২৫ শতাংশের ওপর করারোপ করা যেত, তাহলে স্বাস্থ্য বাজেট তিন গুণ আর শিক্ষা বাজেট দ্বিগুণ হতো। ওই বছর (২০১৩) বাংলাদেশের মোট উৎপাদনের (জিডিপি) সাড়ে ৫ শতাংশের সমপরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে। এছাড়া সিপিডির মূল প্রবন্ধে টাকা পাচারের কেলেঙ্কারি ফাঁস হওয়া পানামা পেপারসের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, বাংলাদেশের ২৭টি ব্যাংক হিসাবের কথা ওই পেপারে রয়েছে। বিশ্বব্যাপী টাকা পাচার প্রসঙ্গটি নিয়ে বাংলাদেশের আরেকটু আগ্রহ প্রকাশ উচিত বলে মনে করে সিপিডি। টাকা পাচার রোধে মোটাদাগে চারটি সুপারিশ করেছে সিপিডি। এগুলো হলো আইনগত ও প্রাতিষ্ঠানিক দুই ধরনের সক্ষমতা বৃদ্ধি; সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় রক্ষা; অন্য দেশের সঙ্গে সহযোগিতা এবং রাজনৈতিক সদিচ্ছা।

ভোরের ডাক
Date:26-06-2016 Page 01,Col 6-7 Size: 14 Col*Inc

# অর্থ পাচার রোধে স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠনের পরামর্শ

**অর্থনৈতিক রিপোর্টার :** অর্থপাচার রোধে স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠনের পরামর্শ দিয়েছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান।

গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত 'অর্থপাচার : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক ডায়ালগে এই পরামর্শ দেন তিনি।

ড. আকবর আলি খান বলেন, অর্থ পাচার রোধে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠন করা উচিত। ওই প্রতিষ্ঠান অর্থ মন্ত্রণালয়ের অধীনে থাকবে। এখানে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য থেকে শুরু করে ব্যবসায়ী, অর্থনীতিবিদসহ সংশ্লিষ্ট সবার অংশগ্রহণ থাকতে হবে। তিনি বলেন, দেশে সর্বত্র সুশাসনের অভাব রয়েছে। সুশাসনের অভাবই টাকা পাচারের একটি বড় কারণ। দেশের প্রচুর পরিমাণ অর্থ অবৈধ পথে চলে যাচ্ছে। এ বিষয়টি অত্যন্ত জটিল। অর্থ পাচার রাতারাতি বন্ধ করা যাবে না।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের এই উপদেষ্টা বলেন, অর্থ পাচারের দুটি কারণ থাকতে পারে। একটি উন্নত দেশের দৃষ্টিভঙ্গি; আর অন্যটি আইনের শাসনের

*এরপর পৃষ্ঠা ২ কলাম ৬*

## অর্থ পাচার রোধে

**প্রথম পৃষ্ঠার পর :** অভাব। প্রশ্ন হলো– কেন অর্থ দেশের বাইরে চলে যাচ্ছে? আমার মনে হয়, কর ফাঁকি দিতে এই টাকা পাচার হচ্ছে না। মূলত বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায়, করের হার আরো কমানো হলেও পাচার বন্ধ হবে।

দেশ থেকে অনেক মানুষ চলে যেতে চায় উল্লেখ করে তিনি বলেন, অর্থ পাচার রোধে আমাদের আইনি কাঠামো তৈরি করতে হবে। দুদকের কাজ দুর্নীতি রোধ করা। অপ্রিয় হলেও সত্য, দুদকের মাধ্যমে অর্থ পাচার রোধ করা সম্ভব না।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এ ছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। বিদেশে অর্থ পাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণ খেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন। রাজনৈতিক অস্থিরতাকে অর্থ পাচারের অন্যতম কারণ বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ফরাস উদ্দিন আহমেদ। তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকারের ইস্যুতে ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালে ৬০ ভাগ বেশি অর্থ পাচার হয়েছিল। আর ২০১৪ সালের নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালে আরো ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়। অর্থ পাচারে বিনিয়োগবান্ধব প্রতিকূলতাও অন্যতম কারণ বলে মনে করেন ফরাস উদ্দিন আহমেদ। অর্থ পাচাররোধে রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচার করতে হবে বলেও জানান তিনি।

এফবিসিসিআই প্রেসিডেন্ট আব্দুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। গাছের গোড়ায় না গিয়ে পাতা নিয়ে দৌড়াদৌড়ি করায় এ অবস্থা। অর্থ পাচাররোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে।

সবশেষে আলোচনার সভাপতি সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচাররোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচাররোধে বেশি সময় দেয়া, আন্তর্জাতিক আইনের সাথে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি ও দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
Date: 26-06-2016 Page: 09, Col 1-3 Size 15 Col*Inc




# বিনিয়োগ না হওয়ার দায় সরকারের : ফরাস উদ্দিন

**কাগজ প্রতিবেদক :** দেশে বেসরকারি খাতের বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে মন্তব্য করেছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাস উদ্দিন আহমেদ। গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে 'অর্থপাচার পরিপ্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক এক ডায়ালগে তিনি এসব কথা বলেন। ডায়ালগটির আয়োজন করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। 'অর্থপাচার পরিপ্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক ডায়ালগ বক্তব্য রাখছেন সাবেক গভর্নর ড. ফরাস উদ্দিন আহমেদ। ড. ফরাসউদ্দিন বলেন, দেশে বেসরকারি খাতের বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে। কারণ সরকারকেই বেসরকারি খাতের বিনিয়োগ পরিবেশ তৈরির জন্য নীতি- কৌশল, সুযোগ-সুবিধা করে দিতে হবে।

তিনি বলেন, দেশে মূলত বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতা রয়েছে। শতভাগ বিনিয়োগ পরিবেশ থাকলে অর্থপাচার হতো না। অনেকে অর্থপাচারের পেছনে রাজনৈতিক অস্থিরতা বা অনিশ্চয়তার কথা বলেন। এ ক্ষেত্রে গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) তথ্য তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালে যে অর্থপাচার হয়েছে তা ২০০৭ সালের চেয়ে ৬০ শতাংশ বেশি। ওই সময় তত্ত্বাবধায়ক সরকারের সঙ্গে বিনিয়োগকারীদের একটা মতপার্থক্য তৈরি হয়। এজন্য ওই সময় অর্থ দেশে না রেখে বিদেশে পাচার হয়েছে। একই ঘটনা ২০১৪ সালেও ঘটেছে। ২০১৩ সালের তুলনায় ওই বছর ৩৫ শতাংশ বেশি অর্থপাচার হয়েছে। এর মূল কারণ ২০১৪ সালে নির্বাচন হওয়ার কথা ছিল। আরেক পক্ষ নির্বাচনটি ঠেকাতে চেয়েছিল। এই সংঘাত বা অস্থির পরিবেশে অর্থপাচার হওয়াটা স্বাভাবিক। 'অর্থপাচার পরিপ্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক ডায়ালগের আয়োজন করে সিপিডি। সাবেক এই গভর্নর বলেন, অর্থপাচার রোধের জন্য দেশে টাকা থাকলে নিরাপদে থাকবে এই মনস্তাত্ত্বিক পরিবেশ তৈরি করতে হবে। একই সঙ্গে পাচারকারীদের বিচার নিশ্চিত করতে হবে। দেশে দুই ধরনের অপরাধের বিচার হয় না। এক স্বর্ণ চোরাচালান দুই ফরেন কারেনসি পাচার। অনেকেই ক্যাপিটেল অ্যাকাউন্ট লিবারালাইজেশনের কথা বলছেন। মনে হয় এটা করার এখন সময় এসেছে। তিনি বলেন, সত্যিকার অর্থেই মুদ্রা বিনিময় হারকে বাজারমুখী করতে হবে। সঠিকভাবে মুদ্রা বিনিময় হারকে বাজারের সঙ্গে সমন্বয় করতে পারলে ছোটো খাটো পাচার হত না। মুদ্রার অতি মূল্যায়নের কারণে রেমিট্যান্স কমছে ও অর্থ পাচার বাড়ছে। বাংলাদেশ ব্যাংকের সমালোচনা করে কার্যকর পদক্ষেপ নেয়ার পরামর্শ দেন এই অর্থনীতিবিদ। ড. ফরাস উদ্দিন বলেন, এখন সময় এসেছে প্রাইস কমিশন জাতীয় কিছু করার। এই কমিশন পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নির্ধারণ করে দেবে।

বণিক বার্তা

Date:26-06-2016 Page 12 Col 1-3 Size: 36 Col*Inc



রাজধানীর ব্র্যাক সেন্টারে গতকাল আয়োজিত সেমিনারে সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান ও ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং এফবিসিসিআইয়ের সভাপতি আবদুল মাতলুব আহ্‌মাদ ছবি : নিজস্ব আলোকচিত্রী

### সিপিডির সেমিনারে বক্তারা

# অর্থ পাচার রোধে নিরাপত্তা জোরদার করতে হবে

নিজস্ব প্রতিবেদক ■

প্রতি বছরই দেশ থেকে একটি বড় অঙ্কের অর্থ পাচার হয়ে চলে যাচ্ছে দেশের বাইরে। আমদানি-রফতানি বাণিজ্যসহ বিভিন্ন মাধ্যমে হচ্ছে এ অর্থ পাচার। বিশেষজ্ঞরা বলছেন, পুঁজি বিনিয়োগের উপযুক্ত খাত সৃষ্টি করতে না পারা ও উপযুক্ত আর্থসামাজিক নিরাপত্তার অভাবে দেশ থেকে এ অর্থ পাচার হয়ে যাচ্ছে। রাজধানীর ব্র্যাক সেন্টারে গতকাল সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত সেমিনারের আলোচনায় এ অভিমত দেন বক্তারা।

সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান ও ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম, সাবেক অর্থমন্ত্রী এম সাইদুজ্জামান, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর, এফবিসিসিআইয়ের সভাপতি আবদুল মাতলুব আহ্‌মাদসহ সরকারের বিভিন্ন দফতর ও সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা ও ব্যাংকাররা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান।

মূল প্রবন্ধে বলা হয়, ১০ বছরে দেশ থেকে গড়ে ৫৫৮ কোটি ডলার পাচার হয়েছে, টাকার অঙ্কে যার পরিমাণ প্রায় ৪৫ হাজার কোটি টাকা। এর মধ্যে সবচেয়ে বেশি পাচার হয়েছে ২০১৩ সালে। গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্টেগ্রিটির প্রতিবেদন অনুসারে, ওই বছর পাচার হওয়া অর্থের পরিমাণ ৯৬৬ কোটি ডলার। এর মধ্যে আবার ৮৮ শতাংশই পাচার হয়েছে মিথ্যা আমদানি-রফতানি ঘোষণার মাধ্যমে।

প্রবন্ধে অর্থ পাচার রোধে বেশকিছু সুপারিশ করা হয়। এর মধ্যে অন্যতম হলো সক্ষমতা বৃদ্ধি। আর এ সক্ষমতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে আরো শক্তিশালী করার পাশাপাশি প্রযুক্তিগত সক্ষমতা বাড়ানোর কথা বলা হয় প্রবন্ধে। একই সঙ্গে যেসব প্রতিষ্ঠান অর্থ পাচার রোধে কাজ করে, সেগুলোর কাজের মধ্যে সমন্বয় বাড়ানোর তাগিদ দেয়া হয়েছে। এসব প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), দুর্নীতি দমন কমিশন (দুদক) ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**১০ বছরে দেশ থেকে গড়ে ৫৫৮ কোটি ডলার পাচার হয়েছে, টাকার অঙ্কে যার পরিমাণ প্রায় ৪৫ হাজার কোটি টাকা। এর মধ্যে সবচেয়ে বেশি পাচার হয়েছে ২০১৩ সালে। ওই বছর পাচার হওয়া অর্থের পরিমাণ ৯৬৬ কোটি ডলার**

বক্তব্যে আকবর আলি খান বলেন, মানুষ যে উচ্চ করহারের কারণে দেশ থেকে অর্থ পাচার করছেন, তা কিন্তু নয়। কাজেই করহার কমিয়ে একে রোধ করা যাবে না। এর জন্য আইনি কাঠামো সৃষ্টি করতে হবে। তবে দুদকের পক্ষে এ কাজ করা সম্ভব নয়। অর্থ পাচার রোধে অর্থ মন্ত্রণালয়ের অধীনে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে।

তিনি আরো বলেন, নানা কারণে মানুষ দেশে টাকা রাখতে ভয় পায়। অনেক সংখ্যালঘু দেশ থেকে চলে যাচ্ছেন। তারা যাওয়ার সময় অর্থ সম্পদ নিয়ে যাচ্ছেন। তাই সংখ্যালঘুরা যাতে দেশ না ছাড়েন, সে ধরনের নিরাপত্তা ব্যবস্থা তৈরি করতে হবে।

আহসান এইচ মনসুর বলেন, সারা বিশ্বেই বিধিবহির্ভূত কিছু আর্থিক লেনদেন হয়। কারণ অর্থ পানির মতো। যেদিকে সুবিধা পাবে, সেদিকে ধাবিত হবে। কিন্তু এ ধাবিত হওয়ার মাত্রা কতটা নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে সেটিই বড় প্রশ্ন। আর একে নিয়ন্ত্রিত পর্যায়ে আনতে হলে কয়েকটি বিষয়ে সংস্কার আনতে হবে। প্রথমত, কর-সংক্রান্ত জটিলতা দূর করতে হবে। দ্বিতীয়ত, রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে হবে। আর তৃতীয়ত, আন্তঃদেশীয় বাণিজ্য সহজতর করতে হবে। আইনের অত্যধিক কড়াকড়ি অনেক সময় ক্ষতির কারণ হতে পারে। যেমন— আমাদের দেশে স্বর্ণের ব্যবসা বৈধ নয়। পশ্চিমবঙ্গ স্বর্ণালঙ্কার রফতানি করে বিপুল মুদ্রা আয় করছে। অন্যদিকে আমাদের দেশে শিল্পটি ধ্বংস করে দেয়া হচ্ছে।

আবদুল মাতলুব আহ্‌মাদ বলেন, সাড়ে ৯ বিলিয়ন ডলার পাচার হয়ে যাওয়ার বিষয়টি ভয়াবহ। কারা এটি পাচার করল এবং কারা এ অর্থ গ্রহণ করল, তা খতিয়ে দেখা উচিত। বিভিন্ন ক্ষেত্রে বড় বিষয় এড়িয়ে গিয়ে ছোটখাটো বিষয়ে বেশি মাতামাতি করা হয়।

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, দেশে বিনিয়োগবান্ধব পরিবেশ থাকলে অর্থ পাচার এমনিতেই কমে যাবে। আর রাজনৈতিক ঘটনাবলির সঙ্গে অর্থ পাচারের একটি যোগসূত্র রয়েছে। সাধারণভাবে দেখা যায়, জাতীয় নির্বাচনের আগের বছর অর্থ পাচার বেশি হয়। যেমন— ২০০৮ ও ২০১৩ সালে সবচেয়ে বেশি অর্থ পাচার হয়েছে। নির্বাচন ঘনিয়ে এলে সবার মধ্যে এক ধরনের অস্থিরতা কাজ করে। কারণ সরকার বদলের সঙ্গে সঙ্গে নীতিরও বদল হয়। ফলে নতুন সমস্যা তৈরির ভয়ে অনেকে অর্থ দেশের বাইরে পাঠিয়ে দেন। এটি দূর করতে হলে রাজনৈতিক পরিবেশের উন্নতি ঘটাতে হবে। এর বাইরে অর্থ ও স্বর্ণ পাচারের ঘটনায় সংশ্লিষ্টদের বিচার এবং প্রাইস কমিশন গঠন করতে হবে।

অর্থ পাচার রোধে একগুচ্ছ সুপারিশ করেন ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম। তিনি বলেন, অর্থ পাচার রোধ করতে হলে আগে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ঘটাতে হবে। এর বাইরে বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির পাশাপাশি অর্থ পাচারে জড়িতদের শনাক্ত করে দৃশ্যমান শাস্তির ব্যবস্থা করতে হবে। অনেকে ব্যাংক থেকে ঋণ নিয়ে স্বেচ্ছায় খেলাপি সেজে ওই অর্থ বাইরে পাচার করে দেন। এ ধরনের খেলাপিদের আইনের আওতায় আনতে হবে।

এম সাইদুজ্জামান বলেন, ২০০২-১৫ সাল পর্যন্ত কয়েকবার অর্থ পাচার রোধে প্রণীত আইন সংশোধন করা হয়েছে। আর এটি সংশোধন করে যত শক্ত করা হয়েছে, ততই অর্থ পাচার বেড়েছে। তাই কেবল আইন সংস্কার নয়, অন্যান্য পদক্ষেপের মাধ্যমেও এটি বন্ধের ব্যবস্থা করতে হবে।

দেশে কর্মরত অবৈধ বিদেশী কর্মীদের মাধ্যমে অর্থ পাচার হচ্ছে বলে মন্তব্য করেন সাবেক অর্থ সচিব সিদ্দিকুর রহমান চৌধুরী। তিনি বলেন, আইনি সংস্কারের মাধ্যমে এটি রোধ করা সম্ভব।

অধ্যাপক আবু আহমেদ বলেন, দেশের ধনীরাই অর্থ পাচার করে। দরিদ্রদের সে সুযোগ নেই। আর ধনীদের অর্থ পাচারের প্রধান কারণ হলো, তাদের অর্থ বিনিয়োগের জায়গা নেই। এজন্য বহুজাতিক কোম্পানিগুলোকে শেয়ারবাজারে আসতে বাধ্য করতে হবে। আর স্বর্ণের মতো সম্পদের বাজার উন্মুক্ত করতে হবে। তাহলে পুঁজি বিনিয়োগের নতুন ক্ষেত্র তৈরি হবে। অর্থ পাচারও রোধ হবে।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি রাশেদ মাকসুদ খান বলেন, দেশে বিনিয়োগের উপযুক্ত পরিবেশ নেই। এসব কারণে অর্থ পাচারের ঘটনা ঘটছে।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর মোহাম্মদ এ (রুমি) আলী, দুদকের সদস্য ড. নাসির উদ্দিন, শুল্ক গোয়েন্দা অধিদপ্তরের মহাপরিচালক ড. মইনুল খান, আইসিএবি সভাপতি কামরুল আবেদীন, মেঘনা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক নুরুল আমিন, আইএনএমের মহাপরিচালক মোস্তফা কে মুজেরী প্রমুখ।

দৈনিক
দিনকাল
Date:26-06-2016 Page 01, Col 8 Size: 9Col*Inc

# লোকজন ব্যাংকে টাকা রাখতে ভয় পাচ্ছে : ড. আকবর

দিনকাল রিপোর্ট

সুশাসনের অভাবেই অর্থপাচার বাড়ছে বলে মন্তব্য করেছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান। তিনি বলেছেন, মূলত বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায়, করের হার আরও কমানো হলেও পাচার বন্ধ হবে না। দেশ থেকে অনেক মানুষ চলে যেতে চায়। গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে 'অর্থপাচার : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক এক ডায়ালগে আকবর আলি খান এসব কথা বলেন।

বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে সিপিডির এক গবেষণা প্রতিবেদনে বলায় হয়, ২০১৩ সালে দেশ থেকে পাচার হয়েছে ৯৬৭ কোটি ডলার। পাচার হওয়া বিপুল >পৃ ২ ক ৩>

## লোকজন ব্যাংকে

প্রথম পাতার পর

পরিমাণ অর্থের ২৫ শতাংশ করের আওতায় আনা গেলে শিক্ষা বাজেট দ্বিগুণ ও স্বাস্থ্য বাজেট তিনগুণ করা যেত।

সিপিডির এ ডায়ালগ অনুষ্ঠানে আকবর আলি খান বলেন, অর্থপাচার নিয়ে অনেক কথা হচ্ছে, কিন্তু কোনো কাজে আসছে না। ফি বছর পাচারের অর্থের অংক বাড়ছে। তিনি বলেন, অর্থপাচারের দুটি কারণ থাকতে পারে। একটি হলো উন্নত দেশের দৃষ্টিভঙ্গি আর অন্যটি হলো আইনের শাসনের অভাব। আমার মনে হয় কর ফাঁকি দিতে এই টাকা পাচার হচ্ছে না। মূলত বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায়, করের হার আরও কমানো হলেও পাচার বন্ধ হবে না। দেশ থেকে অনেক মানুষ চলে যেতে চায়। অর্থ পাচার পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণে পৃথক একটি সংস্থা প্রতিষ্ঠার পরামর্শ দেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের এই উপদেষ্টা।

তিনি বলেন, সংস্থাটি থাকবে অর্থ মন্ত্রণালয়ের অধীনে। প্রস্তাবিত এ সংস্থায় আইন-শৃঙ্খলা বাহিনী, ব্যবসায়ী, অর্থনীতিবিদসহ সংশ্লিষ্ট সবার প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে। দুদকের কাজ দুর্নীতি রোধ করা, অপ্রিয় হলেও সত্য এই সংস্থার তৎপরতায় অর্থপাচার রোধ করা সম্ভব নয় এমন মন্তব্য করে আকবর আলি খান বলেন, অর্থপাচার রোধে আমাদের আইনি কাঠামোকে আরও মজবুত করতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপিডি সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমেদ, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. মির্জ্জা আজিজুল ইসলাম, এফবিসিসিআই সভাপতি আবদুল মাতলুব আহমদ প্রমুখ।

theindependent

Date:26-06-2016 Page:19, Col: 2-6 Size: 35 Col*Inc




Experts seen at a discussion on "Illicit Financial Flows in the Context of Bangladesh" organised by Centre for Policy Dialogue (CPD) at BRAC Centre Inn in the capital's Mohakhali yesterday.
INDEPENDENT PHOTO

দৈনিক ইনকিলাব
Date: 26-06-2016 Page 1 Col 6-8 Size: 20.5Col*Inc

# বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে অর্থ পাচার

## অর্থ পাচার রোধে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান দরকার– ড. আকবর আলী খান

## বিনিয়োগ না হওয়ার দায় সরকারেরই– ফরাসউদ্দিন

**অর্থনৈতিক রিপোর্টার**

দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে বিদেশে অর্থ পাচার হচ্ছে। এ ছাড়া দেশের রাজনৈতিক অস্থিরতাও অর্থ পাচারের অন্যতম কারণ। সরকার কোনোভাবেই এর দায় এড়াতে পারে না। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক আলোচনা সভায় এমন মন্তব্য করেন বক্তারা।

রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক সেন্টারে গতকাল 'আন্তঃদেশীয় অবৈধ অর্থ প্রবাহ' শীর্ষক এ আলোচনা সভা আয়োজন করা হয়।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এ ছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। বিদেশে অর্থ পাচার রোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি,

পৃঃ ৫ কঃ ২

# বিনিয়োগবান্ধব পরিবেশের

*প্রথম পৃষ্ঠার পর*

শাস্তি, ঋণখেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন।

রাজনৈতিক অস্থিরতাকে অর্থ পাচারের অন্যতম কারণ বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ফরাস উদ্দিন আহমেদ। গ্লোবাল ফাইনান্সিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) তথ্য তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালে যে অর্থ পাচার হয়েছে, তা ২০০৭ সালের চেয়ে ৬০ শতাংশ বেশি। ওই সময় কেয়ারটেকার গভার্নমেন্টের সঙ্গে বিনিয়োগকারীদের একটা মতপার্থক্য তৈরি হয়েছিল। এজন্য তখন অর্থ দেশে না রেখে বিদেশে পাচার হয়েছে। আর ২০১৪ সালের নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালের চেয়ে আরও ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়।

অর্থ পাচারে বিনিয়োগবান্ধব প্রতিকূলতাও অন্যতম কারণ বলে মনে করেন ফরাস উদ্দিন আহমেদ। তিনি বলেন, দেশে বেসরকারি খাতে বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে। কারণ সরকারকেই বেসরকারি খাতের বিনিয়োগ পরিবেশ তৈরির জন্য নীতি-কৌশল, সুযোগ-সুবিধা করে দিতে হবে। আর শতভাগ বিনিয়োগের পরিবেশ থাকলে অর্থপাচার হতো না।

সাবেক এই গভর্নর বলেন, অর্থ পাচার রোধের জন্য দেশে টাকা থাকলে নিরাপদে থাকবে এই মনস্তাত্ত্বিক পরিবেশ তৈরি করতে হবে। একই সঙ্গে পাচারকারীদের বিচার নিশ্চিত করতে হবে। তিনি বলেন, দেশে দুই ধরনের অপরাধের বিচার হয় না। এক স্বর্ণ চোরাচালান, দুই ফরেন কারেনসি পাচার। অনেকেই ক্যাপিটাল অ্যাকাউন্ট লিবারালাইজেশনের কথা বলছেন। মনে হয় এটা করার এখন সময় এসেছে। তিনি বলেন, সত্যিকার অর্থেই মুদ্রা বিনিময় হারকে বাজারমুখী করতে হবে। সঠিকভাবে মুদ্রা বিনিময় হারকে বাজারের সঙ্গে সমন্বয় করতে পারলে ছোটখাটো পাচার হতো না। মুদ্রার অতি মূল্যায়নের কারণে রেমিট্যান্স কমছে ও অর্থপাচার বাড়ছে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সমালোচনা করে কার্যকর পদক্ষেপ নেয়ার পরামর্শ দেন এই অর্থনীতিবিদ। ড. ফরাসউদ্দিন বলেন, সময় এসেছে প্রাইস কমিশন-জাতীয় কিছু করার। এই কমিশন পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নির্ধারণ করে দেবে। এছাড়া অর্থ পাচার রোধে রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচার করতে হবে বলেও জানান তিনি।

বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায় বলে জানিয়ে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান বলেছেন, অর্থ পাচার রোধে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠন করতে হবে। ড. আকবর আলি বলেন, অর্থ পাচারের দুটি কারণ থাকতে পারে। একটি হলো উন্নত দেশের দৃষ্টিভঙ্গি আর অন্যটি হলে আইনের শাসনের অভাব। প্রশ্ন হলো কেন অর্থ দেশের বাইরে চলে যাচ্ছে। আমার মনে হয় কর ফাঁকি দিতে এই টাকা পাচার হচ্ছে না। মূলত বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায়, করের হার আরো কমানো হলেও পাচার বন্ধ হবে। দেশ থেকে অনেক মানুষ চলে যেতে চায়।

অর্থ পাচার রোধে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠনের পরামর্শ দিয়ে ড. আকবর আলি খান বলেন, এই স্বতন্ত্র প্রতিষ্ঠান অর্থ মন্ত্রণালয়ের অধীনে থাকবে। এখানে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য থেকে শুরু করে ব্যবসায়ী, অর্থনীতিবিদসহ সংশ্লিষ্ট সবার অংশগ্রহণ থাকতে হবে। তিনি বলেন, দেশে সর্বত্র সুশাসনের অভাব রয়েছে। সুশাসনের অভাব টাকা পাচারের একটি বড় কারণ। দেশ থেকে প্রচুর টাকা অবৈধভাবে বিদেশে চলে যাচ্ছে। এ বিষয়টি খুবই জটিল। এই অর্থ পাচার রাতারাতি বন্ধ করা যাবে না। অর্থ পাচার রোধে আমাদের আইনি কাঠামো তৈরি করতে হবে। দুদকের কাজ দুর্নীতি রোধ করা, অপ্রিয় হলেও সত্য তাদের পক্ষে অর্থ পাচার রোধ করা অসম্ভব বলে জানান এই অর্থনীতিবিদ।

এফবিসিসিআই প্রেসিডেন্ট আব্দুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। গাছের গোড়ায় না গিয়ে পাতা নিয়ে দৌড়াদৌড়ি করায় এ অবস্থা। অর্থ পাচার রোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে।'

আলোচনার সভাপতি সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচার রোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচার রোধে বেশি সময় দেয়া, আন্তর্জাতিক আইনের সাথে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি ও দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে।

দৈনিক
ইত্তেফাক
Date:26-06-2016 Page: 20, Col 2-3 Size: 18 Col*Inc

# বিনিয়োগ সুবিধার অভাবে অর্থ পাচার বাড়ছে

## সিপিডি'র আলোচনায় বক্তারা

■ **ইত্তেফাক রিপোর্ট**

দেশে বিনিয়োগ সুবিধার অভাবে অর্থপাচার বাড়ছে। সেইসঙ্গে সুশাসনের ঘাটতি, রাজনৈতিক অস্থিরতা, প্রণোদনার অভাব, উচ্চ শুল্ক কাঠামো, বিরূপ মানসিকতার কারণেও দেশের অর্থ বিদেশে চলে যাচ্ছে।

গতকাল শনিবার 'সেন্টার ফর পলিসি ডায়ালগে'র (সিপিডি) আয়োজনে রাজধানীর ব্র্যাক সেন্টারে 'অবৈধ অর্থের প্রবাহ: প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক আলোচনা অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। সিপিডির ফেলো দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় এতে বক্তব্য দেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলী খান ও এবি মির্জ্জা আজিজুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন, পলিসি রিসার্চ ইন্সটিটিউটের নির্বাহী পরিচালক আহসান হাবীব মনসুরসহ আরো অনেকে।

ড. দেবপ্রিয় বলেন, একটি বিনিয়োগ নিঃস্ব দেশ পুঁজি রপ্তানি করছে এর চেয়ে বড় 'প্যারাডক্স' বা বৈপরিত্য আর কিছু হতে পারে না। বাংলাদেশ এমন একটি দেশ যেদেশে সঞ্চয়ের তুলনায় বিনিয়োগ কম। অর্থাৎ অর্থ বিনিয়োগ না হয়ে পাচার হয়ে যাচ্ছে। এটি সবচেয়ে দুঃখজনক বিষয়।

মূল উপস্থাপনায় সিপিডির ফেলো তৌফিকুল ইসলাম খান উল্লেখ করেন, গত দশ বছরে বাংলাদেশ থেকে ৫৫৮ কোটি ৮০ লাখ ডলার মুদ্রা পাচার হয়েছে। যার ৮০ ভাগ হয়েছে পণ্যমূল্যের মিথ্যা ঘোষণার মাধ্যমে। ২০১৩ সালে যে পরিমাণ অর্থ পাচার হয়েছে সেটি আমাদের শিক্ষা বাজেটের চেয়ে ৩ দশমিক ৬ গুণ বেশি। ২০১২ থেকে ২০১৪ সালের মধ্যে সুইস ব্যাংকে বাংলাদেশিদের একাউন্ট সংখ্যা দ্বিগুণ হয়েছে। মালয়েশিয়ায় 'সেকেন্ড হোম' সুযোগ চীন ও জাপানের পর বাংলাদেশিরাই বেশি গ্রহণ করেছে।

ড. আকবর আলী খান বলেন, অর্থপাচারের জন্য সুশাসনের ঘাটতিও দায়ী। বাংলাদেশে সর্বত্র সুশাসনের ঘাটতি রয়েছে। তিনি বলেন, কর ফাঁকি দেওয়ার জন্য নয়, দেশে টাকা রাখতে লোকে ভয় পায়। তাই কর কমালেও **পৃষ্ঠা ২ কলাম ৭**

## বিনিয়োগ সুবিধার অভাবে

২০ পৃষ্ঠার পর

এই সমস্যার সমাধান হবে না। এরজন্য আইনি কাঠামো তৈরি করতে হবে।

ড. ফরাসউদ্দিন বলেন, অপ্রতুল বিনিয়োগ পরিবেশের কারণে অর্থ পাচার হচ্ছে। তাছাড়া রাজনৈতিক অস্থিরতাও বড় কারণ। তিনি উদাহরণ দিয়ে বলেন, ২০০৮ সালে তার আগের বছরের তুলনায় ৬০ ভাগ বেশি অর্থপাচার হয়েছে। একইসঙ্গে ২০১৪ সালের অনিশ্চিত নির্বাচন পরিস্থিতির বছরেও অর্থপাচার বেশি হয়েছে।

এবি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, অর্থপাচার রোধে দেশের ভেতরে নিরাপদ পরিবেশ সৃষ্টি করতে হবে। জীবনের নিরাপত্তা, সম্পদের নিরাপত্তা না থাকলে সবাই চাইবেন বিদেশে চলে যেতে। তিনি বলেন, এবার বাজেটে আমদানি শুল্কের নতুন স্লাব বা স্তর তৈরির প্রস্তাব করা হয়েছে। এটিও অর্থপাচারকে উৎসাহিত করবে। অর্থপাচারকারীদের দৃশ্যমান শাস্তি দিতে হবে। পানামা পেপারসে যে ২৭ জনের নাম এসেছে তাদের বিরুদ্ধে আইনগত কী ব্যবস্থা নেওয়া হয়েছে তা সবাইকে জানাতে হবে।

এফবিসিসিআই সভাপতি আব্দুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। অর্থ পাচাররোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে।

পলিসি রিসার্চ ইন্সটিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান হাবীব মনসুর বলেন, অর্থ প্রবাহ হলো পানির মত এটিকে বন্ধ করা যায় না। অর্থপাচার বন্ধ করতে হলে বিনিয়োগের নিশ্চয়তা থাকতে হবে। দেশে নিরাপত্তা থাকতে হবে। বিনিয়োগকারীদের জন্য পুরস্কারও থাকতে হবে।

সাবেক অর্থমন্ত্রী এম সাইদুজ্জামান বলেন, আইন যত শক্ত হয়েছে ততই অর্থ পাচার বেড়েছে। সাবেক অর্থসচিব সিদ্দিকুর রহমান বলেন, যেখান থেকে অবৈধ অর্থ উৎসারিত হচ্ছে সেই জায়গা বন্ধ করতে হবে। অধ্যাপক আবু আহমেদ বলেন, অর্থপাচার বন্ধে দেশের পুঁজিবাজারে বহুজাতিক প্রতিষ্ঠানগুলোকে নিয়ে আসতে হবে। দেশের সম্পদ বাজার খুলে দিতে হবে।

এছাড়া শুল্ক ও গোয়েন্দা বিভাগের মহা-পরিচালক ড. মঈনুল খান, অধ্যাপক আরিফুর রহমান ভুঁইয়া, প্রকৌশলী রাশেদ মাকসুদ খান প্রমুখ আলোচনায় অংশ নেন।

দৈনিক জনকণ্ঠ

Date:26-06-2016 Page:03 Col: 4-5 Size: 22 Col*Inc

# বিনিয়োগবান্ধব পরিবেশ না থাকায় অর্থ পাচার হচ্ছে

## সিপিডির আলোচনায় বক্তারা

**অর্থনৈতিক রিপোর্টার** ॥ গত ১০ বছরে বাংলাদেশ থেকে পাচার হয়েছে ৫ হাজার ৫৮৮ কোটি ডলার। টাকার অঙ্কে যা ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি। মোট পাচার হওয়া অর্থের ৮৮ শতাংশই হয় আন্তর্জাতিক বাণিজ্যের আড়ালে। বেশিরভাগ ক্ষেত্রেই আমদানি করা পণ্যের দাম বেশি দেখিয়ে অর্থ বাইরে পাচার করা হয়। মুদ্রার অতি মূল্যায়নের কারণেও অর্থপাচার বেড়েছে। দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে বিদেশে অর্থ পাচার হচ্ছে। এ ছাড়া দেশের রাজনৈতিক অস্থিরতাও অর্থ পাচারের অন্যতম কারণ। সবচেয়ে বেশি পরিমাণে টাকা পাচার বেড়েছে জাতীয় নির্বাচনের প্রাক্কালে। এজন্য অর্থপাচার রোধে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠনের পরামর্শ দিয়েছেন অর্থনীতিবিদরা। একই সঙ্গে পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নির্ধারণ নিশ্চিত করার জন্য প্রাইস কমিশন গঠন করার দাবি জানিয়েছেন ব্যবসায়ী, অর্থনীতিবিদসহ সংশ্লিষ্টরা।

শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে 'অর্থপাচার: প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক এক ডায়ালগে বক্তারা এসব কথা বলেন। এতে বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলী খান। এতে মূল প্রবন্ধ উপস্থান করেন সিপিডি'র রিসার্চ ফেলো ড. তৌফিকুল ইসলাম খান। মূল প্রবন্ধে তিনি বলেন, নির্বাচনের প্রাক্কালে টাকা পাচারের পরিমাণ বাড়ে, এ ছাড়া দেশের ভেতরে অনিশ্চয়তা ও অস্থিতিশীলতা থাকলে এবং বিনিয়োগের সুযোগ না থাকলে তখনও টাকা পাচার বাড়ে। ঘটনাক্রমে এই তিনটি কারণই ধারাবাহিকভাবে বাংলাদেশে বিদ্যমান। এ কারণেই অব্যাহতভাবে বছরের পর বছর টাকা পাচারের পরিমাণ বেড়ে চলেছে। সিপিডি'র মতে, গত দুই অর্থবছরে সুইস ব্যাংকসমূহে বাংলাদেশীদের ব্যাংক হিসাবের সংখ্যা দ্বিগুণ বেড়েছে। এই অর্থও পাচার করা। আবার মালয়েশিয়ায় 'মাই সেকেন্ড হোম' কর্মসূচীতে গত ১৩ বছরে ৩ হাজার ৬১ বাংলাদেশী অর্থ পাঠিয়েছেন। এ ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান তৃতীয়। এর চেয়ে বেশি মানুষ গেছে চীন ও জাপান থেকে। এর বাইরে অস্ট্রেলিয়া, কানাডা ও যুক্তরাষ্ট্রে বিনিয়োগ করে নাগরিকত্ব নেয়ার সুযোগ নিচ্ছেন অসংখ্য বাংলাদেশী। সিপিডির হিসাবে, ২০১৩ সালে পাচার হওয়া অর্থ দেশের শিক্ষা বাজেটের তুলনায় ৩ দশমিক ৬ গুণ বেশি, আর স্বাস্থ্য বাজেটের তুলনায় ৮ দশমিক ২ গুণ বেশি । পাচার হওয়া ওই অর্থের ২৫ শতাংশ হারে যদি কর পাওয়া যেত তাহলে স্বাস্থ্য বাজেট তিন গুণ এবং শিক্ষা বাজেট দ্বিগুণ করা সম্ভব হতো। সিপিডি তুলনা করে আরও দেখিয়েছে, ওই সময়ে পাচার হওয়া অর্থ বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) সাড়ে ৫ শতাংশ এবং ওই সময়ে বাংলাদেশের পাওয়া মোট বৈদেশিক সাহায্যের ৩৪০ শতাংশের সমান। জিএফআইয়ের গবেষণা তুলে ধরে সিপিডি বলছে, মোট পাচার হওয়া অর্থের ৮৮ শতাংশই হয় আন্তর্জাতিক বাণিজ্যের আড়ালে। বেশিরভাগ ক্ষেত্রেই আমদানি করা পণ্যের দাম বেশি দেখিয়ে অর্থ বাইরে পাচার করা হয়। সিপিডি এ বিষয়ে গবেষণা করে বাণিজ্যের ক্ষেত্রে এ ধরনের কিছু উদাহরণ দিয়েছে। যেমন, ২০১৪ সালের মার্চে সাড়ে ৫৪ শতাংশ আমদানি বৃদ্ধি পেয়েছিল, যা একটি রেকর্ড। এ সময়ে কেবল পুঁজি যন্ত্রপাতি আমদানি হয়েছে ৭৩ কোটি ডলারের, যা আগের বছরের একই সময়ের তুলনায় পাঁচ গুণ বেশি। আবার এ সময়ে ফ্রান্স থেকে কেবল ক্রেন (পণ্য ওঠানো-নামানোর যন্ত্র) আনা হয়েছে ৪৩ কোটি ৩০ লাখ ডলারের। পুঁজি যন্ত্রপাতি হিসেবে এর শুল্ক মাত্র ২ শতাংশ। ২০১৫ সালেও পুঁজি যন্ত্রপাতির দাম বেশি দেখানো হয়েছে। সিপিডির দেয়া আরেকটি উদাহরণ হচ্ছে ২০১৩-১৫ সময়ের মধ্যে বাংলাদেশে যত চাল বিদেশ থেকে আনা হয়েছে, তার আমদানি মূল্য ছিল টনপ্রতি ৮০০ থেকে ১ হাজার ডলার। অথচ এ সময়ে আন্তর্জাতিক বাজারে চালের গড় মূল্য ছিল টনপ্রতি প্রায় ৫০০ ডলার। সিপিডির প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে অনুসন্ধানী সাংবাদিকদের উদ্যোগে তৈরি ইন্টারন্যাশনাল কনসোর্টিয়াম ফর ইনভেস্টিগেটিভ জার্নালিস্টসের (আইসিআইজি) হিসাবও। ২০০৩ সালে ফাঁস করা তথ্য অনুযায়ী, অফসোর ব্যাংকিংয়ের সুবিধা নিয়ে অন্য দেশে ব্যাংক হিসাব খোলার সংখ্যা ৩৪টি। আর চলতি বছর ফাঁস করা পানামা পেপারস অনুযায়ী, বাংলাদেশের নাগরিকদের ব্যাংক হিসাবের সংখ্যা ২৭টি। সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এ ছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। বিদেশে অর্থ পাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণ খেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন।

দৈনিক জনতা

Date:26-06-2016 Page 01, Col 6-7 Size: 10 Col*Inc

### সিপিডি'র আলোচনা সভায় বক্তারা

# বিনিয়োগবান্ধব পরিবেশ ও নিরাপত্তার অভাবেই দেশ থেকে অর্থ পাচার হচ্ছে

অর্থনৈতিক রিপোর্টার

সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)'র উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় বিশিষ্টজনরা বলেছেন, দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে বিদেশে অর্থ পাচার হচ্ছে। এছাড়া দেশের রাজনৈতিক অস্থিরতাও অর্থ পাচারের অন্যতম কারণ। গতকাল শনিবার রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক সেন্টারে সংস্থাটির উদ্যোগে 'আন্তঃদেশীয় অবৈধ অর্থ প্রবাহ' শীর্ষক এই ◂◂২ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলাম দেখুন

## বিনিয়োগবান্ধব

আলোচনা সভাটির আয়োজন করা হয়।

সভায় বিশিষ্টজনরা বলেন, অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও আরো একটি কারণ। এর বাইরে আইনের প্রয়োগ না করা, কর ফাঁকি দেয়ার প্রবণতা, নিরাপত্তার অভাব ইত্যাদি কারণেও অর্থ পাচার হচ্ছে।

আলোচনা সভায় সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, বিদেশে অর্থ পাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণ খেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন।

রাজনৈতিক অস্থিরতাকে অর্থ পাচারের অন্যতম কারণ বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ফরাস উদ্দিন আহমেদ। তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকারের ইস্যুতে ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালে ৬০ ভাগ বেশি অর্থ পাচার হয়েছিল। আর ২০১৪ সালের নির্বাচন কেন্দ্র করে ২০১৩ সালে আরও ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়। অর্থ পাচারে বিনিয়োগবান্ধব প্রতিকূলতাও অন্যতম কারণ বলে মনে করেন তিনি। ফরাস উদ্দিন আহমেদ বলেন, অর্থ পাচাররোধে রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচারও করতে হবে। তিনি বলেন, দেশে বেসরকারি খাতের বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে। কারণ সরকারকেই বেসরকারি খাতের বিনিয়োগ পরিবেশ তৈরির জন্য নীতি-কৌশল, সুযোগ-সুবিধা করে দিতে হবে। দেশে মূলত বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতা রয়েছে। শতভাগ বিনিয়োগ পরিবেশ থাকলে অর্থপাচার হতো না।

সভায় নানা কারণে অর্থ বিদেশে পাচার হচ্ছে মন্তব্য করে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের আরেক উপদেষ্টা ড. আকবর আলি খান বলেন, এ অর্থ পাচার একটি অত্যন্ত জটিল বিষয়। এটা রাতারাতি সমাধান হওয়া সম্ভব নয়। ধীরে ধীরে পাচাররোধ করতে হবে। এক্ষেত্রে দুদকের উচিত অর্থ পাচাররোধ করা, কিন্তু প্রতিষ্ঠানটি তা পারবে না। তাই অর্থ পাচাররোধে একটি স্বাধীন প্রতিষ্ঠান গঠন করতে হবে।

ব্যবসায়ীদের সংগঠন এফবিসিসিআই'র প্রেসিডেন্ট আব্দুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। অর্থ পাচাররোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতার পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে।

আলোচনা সভার সভাপতি সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচাররোধ সম্ভব। এক্ষেত্রে প্রযুক্তি উন্নতকরণ ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচাররোধে বেশি সময় দেয়া, আন্তর্জাতিক আইনের সাথে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি ও দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে।

যুগান্তর
Date:26-06-2016 Page 20, Col 3-4 Size: 33 Col*Inc

### সিপিডির সংলাপে বক্তারা

# বিনিয়োগ না হওয়ায় টাকা পাচার হচ্ছে

**যুগান্তর রিপোর্ট**

দেশের মোট অর্থনীতির ৮০ শতাংশই কালো টাকা। যা গত কয়েক বছরে বিদেশে পাচার হয়েছে। দেশে বিনিয়োগের নিরাপদ সুযোগ না থাকায় অর্থ পাচার আরও বেড়েছে। এ বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) বলেছে, এ সমস্যার সমাধানে কারিগরি এবং রাজনৈতিক সমাধান জরুরি। পাশাপাশি একটি টাস্কফোর্স বা আইনি প্রতিষ্ঠানের মাধ্যমে পাচার করা টাকা উদ্ধারের চেষ্টা করতে হবে।

শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত সংলাপে বক্তারা এসব কথা বলেন। প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচালক ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম, ড. এম আকবর আলি খান, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাস উদ্দিন, গবেষণা প্রতিষ্ঠান পিআরআইয়ের নির্বাহী পরিচালক ড. আহসান ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৭

# বিনিয়োগ না হওয়ায় টাকা পাচার হচ্ছে

(শেষ পৃষ্ঠার পর)

এইচ মনসুর এবং ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সভাপতি আবদুল মাতলুব আহমাদ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির সিনিয়র রিসার্স ফেলো তৌফিকুল ইসলাম খান। গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্টিগ্রেটি (জিএফআই) নামে একটি আন্তর্জাতিক সংগঠনের উদ্ধৃতি অনুষ্ঠানে জানানো হয়, ২০১৩ সালে দেশ থেকে ৮০ হাজার কোটি টাকা পাচার হয়েছে।

তবে এ বিষয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়া ব্যক্ত করে কয়েকজন ব্যবসায়ী যুগান্তরকে বলেন, প্রকৃত ব্যবসায়ীরা কখনও টাকা পাচার করে না। পাচারকৃত টাকার বড় অংশই দুর্নীতি ও ঘুষের টাকা। একশ্রেণীর দুর্নীতিবাজ কর্মকর্তা, সরকারি আমলা ও রাজনীতিবিদরা এর সঙ্গে জড়িত। তারা দেশের মধ্যে টাকা রাখতে পারে না বলে বিদেশে টাকা পাচার করে। ব্যবসায়ীরা আরও বলেন, হাতেগোনা কয়েকজন ব্যবসায়ী এর সঙ্গে জড়িত থাকতে পারেন। ওই শ্রেণীর ব্যবসায়ীরাও নানাভাবে সরকারের কাজের সঙ্গে জড়িত। তারা কমিশন ভাগাভাগির নামে বড় বড় বিভিন্ন প্রকল্পের ঠিকাদারি কাজের ঘুষের টাকা বিদেশে নিয়ে যান। ওই টাকার বড় অংশ দুর্নীতিবাজ রাজনীতিবিদ ও আমলাদের বিদেশে পরিশোধ করতে হয়। ক্ষুব্ধ ব্যবসায়ীরা বলেন, টাকা পাচার বন্ধ করতে হলে এই দুর্নীতিবাজ রাজনীতিবিদ ও আমলাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, টাকা পাচারের বিষয়টি আমাদের অত্যন্ত উদ্বিগ্ন করেছে। কারণ বিনিয়োগ-শূন্য একটি দেশ পুঁজি রফতানিকারকে পরিণত হয়েছে। দেশে বিনিয়োগের চেয়ে সঞ্চয়ের হারও বেশি। এটি স্বাভাবিক নয়। এ সমস্যার সমাধানে কারিগরি এবং রাজনৈতিক সমাধান জরুরি। কারিগরি সমাধানের ক্ষেত্রে বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কার এবং রাজনৈতিক সমাধানের ক্ষেত্রে বিদ্যমান দলগুলোর সদিচ্ছা জরুরি। অন্যদিকে আন্তর্জাতিক আইনের সঙ্গে সঙ্গতি রেখে দেশীয় আইনগুলোর সংস্কার করতে হবে। এমনভাবে আইন করতে হবে, যাতে টাকা পাচার উৎসাহিত না হয়। তিনি বলেন, পুরো বিষয়টি নিয়ে আরও গবেষণা করতে হবে।

মির্জ্জা আজিজ বলেন, পাচার বন্ধে সবার আগে আইনের দৃষ্টিভঙ্গি অনুধাবন করতে হবে। আর পাচার বন্ধে কয়েকটি সিদ্ধান্ত জরুরি। এগুলো হল : বিনিয়োগকারীদের পুঁজির নিরাপত্তা, আইনশৃংখলা পরিস্থিতির উন্নয়ন, দেশের মধ্যে বিনিয়োগের পরিবেশ সৃষ্টি এবং অতীতের পাচারকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া। তিনি বলেন, গত দু'বছরে আমাদের মূলধনী যন্ত্রপাতি আমদানি বেড়েছে, কিন্তু শিল্প খাতে কাঁচামাল আমদানি বাড়েনি। এটি অস্বাভাবিক। স্বাভাবিক নিয়মে একটি বাড়লে অন্যটিও বাড়া উচিত। আমদানির নামে মুদ্রা পাচার হয়ে থাকলে তদন্ত করে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নিতে হবে। মির্জ্জা আজিজ আরও বলেন, সাম্প্রতিক সময়ে পানামা পেপারসে দেশের ২৭ জনের নাম এসেছে। এদের মধ্যে ৭ জনের ঠিকানা খুঁজে পাওয়া যায়নি। কিন্তু বাকি ২০ জন চিহ্নিত। এদের বিরুদ্ধে দৃশ্যমান কী ব্যবস্থা নেয়া হল, সেটি পরিষ্কার করতে হবে।

সাবেক এই উপদেষ্টা বলেন, কেউ কেউ ব্যাংক থেকে ঋণ নিয়ে খেলাপি হয়ে যায়। কোর্ট থেকে একটি স্থগিতাদেশ নিয়ে বছরের পর বছর পার করে দিচ্ছে। আর সময় সুযোগমতো এই টাকাই দেশের বাইরে নিয়ে যাচ্ছে। এটি বন্ধ করতে না পারলে পাচার ঠেকানো যাবে না। এ ছাড়া পুঁজিবাজার থেকে টাকা নিয়ে কোম্পানিগুলো কোন খাতে বিনিয়োগ করছে, তা তদন্ত হয় না।

ড. ফরাস উদ্দিন বলেন, দেশে রাজনৈতিক অস্বস্তি রয়েছে। আর বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতায় টাকা পাচার হচ্ছে। এদিকে গত কয়েক বছরে বেসরকারি বিনিয়োগ বাড়ছে না। এ জন্য সরকারকে দায় নিতে হবে। তিনি আরও বলেন, রাজনৈতিক সহিংসতার বছরগুলোতেই টাকা বেশি পাচার হয়। ২০০৭ সালে যে পরিমাণ টাকা পাচার হয়েছে, ২০০৮ সালে ছিল তার প্রায় দ্বিগুণ। একইভাবে আগের বছরের চেয়ে ২০১৩ সালে ৩৫ শতাংশ বেড়েছে। এই দু'বছরেই রাজনৈতিক অস্থিরতা ছিল। তিনি বলেন, এক শ্রেণীর মানুষের ধারণা হচ্ছে, আমার অর্জিত টাকা-পয়সা বিদেশেই নিরাপদ। এ মানসিকতা পরিবর্তন করতে হবে।

ড. ফরাস উদ্দিন বলেন, ৮৫ মণ সোনা আটক হয়েছে। যারা এর সঙ্গে জড়িত, তাদের বিচার হচ্ছে কিনা সেটি দেখার বিষয়। বিচার না হওয়ায় গুলশানে বাড়ি বিক্রি করে মানুষ বিদেশে টাকা নিয়ে যাচ্ছে। তিনি বলেন, পাচার বন্ধ করতে হলে মুদ্রার বিনিময় হারও যৌক্তিক করতে হবে। কারণ মুদ্রার অতিমূল্যায়ন হলে পাচারের একটি আশংকা থাকে।

এফবিসিআইয়ের প্রেসিডেন্ট আবদুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে ৯ দশমিক ৭ বিলিয়ন ডলার পাচার হয়েছে। স্থানীয় মুদ্রায় যা ৮০ হাজার কোটি টাকা। কীভাবে এই পরিমাণ টাকা বিদেশে নেয়ার সাহস করল বাঙালিরা। তিনি বলেন, দুবাই, আমেরিকাতে আমাদের দেশের মানুষের বিশাল বিশাল বাড়ি। কেউ কেউ সেখানে ঘোড়ায় চড়ে জীবনযাপন করছে। কিন্তু আমরা সেগুলো দেখেও না দেখার ভান করছি। তিনি বলেন, দেশে পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নেই। ফলে ভোক্তারা হয়রানির শিকার হচ্ছেন। এফবিসিসিআইয়ের সভাপতি বলেন, কিছু সোনা আটক হলেই এনবিআরের চেয়ারম্যান খুব খুশি। এটি বড় অর্জন হিসেবে বিবেচনা করা হয়। কিন্তু কারা এই সোনা নিয়ে আসছে তাদের চিহ্নিত করা হচ্ছে না।

ড. আকবর আলি খান বলেন, টাকা পাচার একটি দীর্ঘ মেয়াদি সমস্যা। দেশে বর্তমান অবস্থায় মানুষ টাকা রাখতে ভয় পায়। ফলে কর যতই কমানো হোক রাতারাতি এটা বন্ধ হবে না। তিনি বলেন, পাচার করা অর্থ ফিরিয়ে আনতে হলে একটি আইনি কাঠামোর মধ্য দিয়ে এগোতে হবে। দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষে এটি সম্ভব নয়। এ কাজগুলো করার জন্য অর্থ মন্ত্রণালয়ের আওতায় স্বতন্ত্র একটি অফিস করতে হবে।

আহসান এইচ মনসুর বলেন, টাকা পাচার বন্ধ করতে হলে বাণিজ্য নীতিতে পরিবর্তন জরুরি। ভারত ২০ বিলিয়ন ডলারের সোনা রফতানি করতে পারলে আমাদের সেই বাজার কোথায়। আমাদেরও রফতানির সম্ভাবনা রয়েছে। তার মতে, পাচার বন্ধ করতে হলে আইন ও সুশাসনের দিকে নজর দিতে হবে।

সাবেক অর্থ সচিব সিদ্দিকুর রহমান বলেন, জনশক্তি রফতানি খাত থেকেও বিদেশে অর্থ পাচার হয়। কারণ বিদেশে যারা জনশক্তি পাঠায়, তারা ওই দেশের এজেন্সিগুলোর সঙ্গে যোগাযোগ করে তাদেরকে টাকা দেয়। এটি সম্পূর্ণ অবৈধ। অন্যদিকে বিশালসংখ্যক বিদেশী শ্রমিক বাংলাদেশে অবৈধভাবে কাজ করছে। এরা বিদেশে যেভাবে টাকা নিয়ে যায়, তাও অবৈধ।

বিএসইসির সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী বলেন, অর্থনীতির বড় অংশই কালো টাকা। দীর্ঘমেয়াদি সুশাসনের অভাবে এটি সৃষ্টি হয়েছে। তবে এর সঙ্গে রাজনৈতিক পরিবেশের সম্পৃক্ততা রয়েছে। তার মতে, পাচার করা টাকা ফেরত আনার চেয়ে ভবিষ্যতে যাতে কালো টাকা তৈরি না হয়, সেদিকে জোর দিতে হবে। এ ছাড়া আর্থিক খাতে আরও সমন্বয় দরকার। তার মতে, এনবিআরের ভেতরে আয়কর, ভ্যাট এবং কাস্টমসের ক্ষেত্রে আরও সমন্বয় বাড়াতে হবে।

অর্থনীতিবিদ অধ্যাপক আবু আহমেদ বলেন, টাকা পাচার বন্ধ করতে হলে ধনীদের জন্য কী সুযোগ থাকছে তা বিবেচনায় নিতে হবে। তিনি বলেন, বর্তমানে বাংলাদেশে স্বর্ণের বাজার উন্মুক্ত না। ফলে স্বর্ণ পাচার হয়। এগুলো উন্মুক্ত থাকলে চোরাচালান ও পাচার বন্ধ হবে। এ ছাড়া দেশে শান্তি না থাকলে কেউ টাকা দেশে রাখবে না।

প্রফেসর হাবিবুর রহমান ভূঁইয়া বলেন, বিনিয়োগের পবিবেশ না থাকায় বিদেশে টাকা পাচার হচ্ছে। আর বিনিয়োগের পরিবেশ ফিরে এলে টাকা পাচারের প্রবণতা কমবে।

ব্যাংক প্রধান নির্বাহীদের সংগঠন এবিবির সাবেক সভাপতি নুরুল আমিন বলেন, আমাদের বৈদেশিক বাণিজ্যের পরিমাণ ৬৫ থেকে ৭০ বিলিয়ন ডলার। এখান থেকে পাচার হওয়ার আশংকা রয়েছে। অন্যদিকে গত ১০ বছরে গুলশান-বনানীতে যেসব বাড়ি বিক্রি হয়েছে, তার ৮০ শতাংশই বিদেশে পেমেন্ট হয়েছে। তার মতে, ব্যাংক ও ব্যাংকের বাইরে দু'ভাবে টাকা পাচার হচ্ছে।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি রাশেদ মাকছুদ খান বলেন, দেশে বিনিয়োগ নেই। ব্যবসায়ীদের পুঁজির নিরাপত্তা, আইনশৃংখলা পরিস্থিতি এবং আস্থা বিনিয়োগের জন্য অন্যতম শর্ত। কিন্তু নিশ্চয়তা অনেক ক্ষেত্রে ব্যাহত হচ্ছে।

কালের কণ্ঠ
Date: 26-06-2016 Page: 20, Col: 5-7 Size: 39 Col*Inc

# আইনের কড়াকড়িতে বাড়ছে অর্থপাচার

নিজস্ব প্রতিবেদক ▷

- সিপিডি আয়োজিত বিশেষজ্ঞ পরামর্শ সভায় অভিমত
- অর্থপাচার ঠেকাতে টাস্কফোর্স গঠনের সুপারিশ

নানা ধরনের কর আরোপ ও আইনের কড়াকড়ির ফলে ধনীরা দেশে টাকা রাখতে চাইছেন না। ব্যবসা-বাণিজ্যের আড়ালে বিদেশে পাচার করছেন। সোনা ও হীরার মতো সম্পদের বাজার মুক্ত না হওয়ায় চোরাচালান বাড়ছে। এ ছাড়া বিনিয়োগের সীমাবদ্ধতার কারণে অনেক বহুজাতিক কম্পানি পুঁজিবাজারে আসতে চায় না। তারাও নানাভাবে অর্থ পাঠিয়ে দেয় বাইরে। সব মিলিয়ে কত টাকা দেশের বাইরে চলে যাচ্ছে তা সঠিকভাবে পরিমাপ করারও কার্যকর কোনো উপায় নেই। গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক বিশেষজ্ঞ পরামর্শ সভায় এসব অভিমত তুলে ধরা হয়।

'অর্থের অবৈধ প্রবাহ, প্রসঙ্গ বাংলাদেশ' বিষয়ে ওই পরামর্শ সভায় বিশেষজ্ঞরা বলেছেন, অর্থ ফিরিয়ে আনার

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

## আইনের কড়াকড়িতে বাড়ছে অর্থপাচার

▶▶ শেষ পৃষ্ঠার পর

প্রক্রিয়া তো আরো অনেক কঠিন। দেশে অর্থপাচার প্রতিরোধ বিষয়ে কাজ করা সংস্থাগুলোর মধ্যেও নেই কোনো সমন্বয়। এ ক্ষেত্রে একটি সমন্বিত বা স্বতন্ত্র কার্যালয় গঠন করার বিষয়ে সরকারকে পরামর্শ দিয়েছেন অর্থনীতি বিশেষজ্ঞরা। ওই সময় দেশ থেকে অর্থপাচার বন্ধ করতে বিশেষ টাস্কফোর্স গঠনের সুপারিশও করে সিপিডি। সংস্থার পক্ষ থেকে বলা হয়, টাকা পাচার রোধে রাজনৈতিক সদিচ্ছার প্রয়োজন। এ অবস্থায় প্রাতিষ্ঠানিক ও আইনি সংস্কারের জন্য রাজনৈতিক নেতৃত্বকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়।

আলোচনায় অংশ নেন অর্থনীতির অধ্যাপক, গবেষক ও আর্থিক খাতসংশ্লিষ্ট বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থার সাবেক ও বর্তমান কর্মকর্তারা।

গ্লোবাল ফাইন্যানশিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে সিপিডির গবেষক তৌফিকুল ইসলাম খান মূল প্রবন্ধে বলেন, বাংলাদেশ থেকে ক্রমান্বয়ে বিদেশে অর্থপাচার বেড়েছে। অর্থপাচারের দিক থেকে শীর্ষ ১০০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৪০তম। গত ১০ বছরের হিসাবে প্রতিবছর গড়ে ৫৫৮ কোটি ডলার পাচার হয়েছে, যার ৮৮ শতাংশই হয়েছে আমদানি ও রপ্তানিতে মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে।

মূল প্রবন্ধ থেকে জানা যায়, গত ১০ বছরে দেশ থেকে পাঁচ হাজার ৫৮৭ কোটি ৬০ লাখ ডলার পাচার হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় চার লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা। ২০০৪ সালে ৩৩৪ কোটি ৭০ লাখ ডলার, ২০০৫ সালে ৪২৬ কোটি ২০ লাখ ডলার, ২০০৬ সালে ৩৩৭ কোটি ৮০ লাখ ডলার, ২০০৭ সালে ৪০৯ কোটি ৮০ লাখ ডলার, ২০০৮ সালে ৬৪৪ কোটি ৩০ ডলার, ২০০৯ সালে ৬১২ কোটি ৭০ লাখ ডলার, ২০১০ সালে ৫৪০ কোটি ৯০ লাখ ডলার, ২০১১ সালে ৫৯২ কোটি ১০ লাখ ডলার, ২০১২ সালে ৭২২ কোটি ৫০ লাখ ডলার এবং ২০১৩ সালে ৯৬৬ কোটি ৬০ লাখ ডলার পাচার হয়েছে। এতে আরো বলা হয়, বাংলাদেশের ২৭টি ব্যাংক হিসাবের কথা উল্লেখ রয়েছে পানামা পেপারসে।

বিশ্বব্যাপী টাকা পাচার প্রসঙ্গটি নিয়ে বাংলাদেশের আরেকটু আগ্রহ দেখানো উচিত বলে মনে করে সিপিডি। টাকা পাচার রোধে মোটা দাগে চারটি সুপারিশ করেছে সংস্থাটি। সেগুলো হলো আইনগত ও প্রাতিষ্ঠানিক দুই ধরনের সক্ষমতা বাড়ানো, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় রক্ষা, অন্য দেশের সঙ্গে সহযোগিতা এবং রাজনৈতিক সদিচ্ছা।

পরে প্রবন্ধের ওপর আলোচনায় অংশ নিয়ে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এ বি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, 'পানামা পেপারসে যাদের নাম আছে, তাদের কতজনের বিরুদ্ধে অনুসন্ধান হয়েছে, তা জানি না। আমদানি-রপ্তানির সময় মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে টাকা পাচার রোধ করতে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা উচিত।' উদাহরণ দিয়ে তিনি বলেন, ২০১৪-১৫ অর্থবছরে মূলধনী যন্ত্রপাতির আমদানি বেড়ে গিয়েছিল। কিন্তু তখন বিদ্যমান উৎপাদন সক্ষমতার পুরোটা ব্যবহার করা যাচ্ছিল না। তাহলে নতুন মূলধনী যন্ত্রপাতি কেন আমদানি হচ্ছে—এ বিষয়ে এনবিআর কোনো অনুসন্ধান করেনি। তিনি আরো বলেন, কী কী উপায়ে অর্থপাচার হয় বা কী প্রক্রিয়ায় অর্থ বিদেশে নিয়ে গেলে তাকে পাচার বলা হবে, তা সবার আগে স্পষ্ট করা দরকার। তা ছাড়া বিদেশে টাকা পাঠানোর প্রবণতা কমাতে হলে দেশের মধ্যে একটি নিরাপত্তাবোধ তৈরি করতে হবে এবং বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি করতে হবে। আরেকটি বড় বিষয় হলো অর্থপাচারকারীদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে, সেটা দেখতে হবে। এ ক্ষেত্রে দৃশ্যমান শাস্তির বিধান করতে হবে।

আজিজুল ইসলাম বলেন, সামগ্রিক অর্থনৈতিক নীতিমালার দিকে দৃষ্টি দেওয়ার দরকার আছে। এবারও বাজেটে আমদানির ওপর আরো একটি নিয়ন্ত্রক শুল্ক আরোপ করা হয়েছে। এটা পণ্য আমদানির ক্ষেত্রে মূল্য নির্ধারণে মিথ্যা ঘোষণা দেওয়াকে উৎসাহিত করবে। তিনি ইচ্ছাকৃত ঋণখেলাপিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পরামর্শ দেন।

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, 'অর্থপাচারের মূল কারণ দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতা। দেশে যদি বিনিয়োগের পরিবেশ শতভাগ থাকত তাহলে হয়তো অর্থপাচারের প্রয়োজন হতো না।' তিনি আরো বলেন, '২০০৮ সালে অর্থপাচার হয়েছিল এর আগের বছরের চেয়ে ৬০ শতাংশ বেশি। ২০০৭ সালে তত্ত্বাবধায়ক সরকার ছিল, ওই সময় বিনিয়োগকারী ও তত্ত্বাবধায়ক সরকারের মধ্যে কিছুটা ভুল বোঝাবুঝি অবশ্যই ছিল। এটা অর্থপাচার বেড়ে যাওয়ার একটা কারণ হতে পারে। এরপর ২০১৩ সালে অর্থপাচারের প্রবৃদ্ধি সবচেয়ে বেশি ছিল। ২০১৪ সালের নির্বাচনের আগে রাজনৈতিক হানাহানি ও সহিংসতা ছিল। এ কারণে অনেক মূলধন পাচার হয়েছিল। যদি বেসরকারি খাত বিনিয়োগ করতে উৎসাহী কম হয় তার জন্য সরকারকে দায় নিতে হবে। সরকারকেই বিনিয়োগবান্ধবতা নিশ্চিত করতে হবে এবং সেই রকম নীতি-কৌশল নিতে হবে।'

ফরাসউদ্দিন আরো বলেন, 'সোনা চোরাচালান ও বিদেশি মুদ্রা পাচারের বিচার হয় না। বিচার হওয়া দরকার। এখন মূলধন হিসাব স্থানান্তরের সুযোগ চাওয়া হচ্ছে। এখনো অনেক দূর আছে। আপনি গুলশান-বনানীর বাড়ি বিক্রি করে বিদেশে সন্তানদের কাছে টাকা পাঠাবেন, সেই বিলাস করার সময় এখনো আসেনি। বরং মূলধন হিসাব স্থানান্তরের সুযোগ দেওয়ার আগে মুদ্রার বিনিময় হারকে সত্যিকার অর্থে বাজারভিত্তিক করা দরকার। এতে অনেক ছোটখাটো অর্থপাচার নিরুৎসাহিত হবে।'

বিশিষ্ট অর্থনীতিবিদ ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা আকবর আলি খান বলেন, 'বাংলাদেশে এই যে অবৈধ প্রবাহ চলছে, এটা অত্যন্ত জটিল ব্যাপার। রাতারাতি এটা বন্ধ করা সম্ভব নয়। অনেক ধরনের ছিদ্র আমাদের অর্থনীতিতে আছে, এগুলো সমাধান না করা গেলে অর্থপাচার বন্ধ হবে না। আমি মনে করি না যে কর কমালেই অর্থপাচার কমে আসবে। কেননা বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায় এবং অনেকেই দেশ ছেড়ে চলে-যেতে চায়।' তিনি আরো বলেন, 'এই মুহূর্তেই অর্থপাচার সম্পূর্ণরূপে বন্ধ হবে না। আস্তে আস্তে বন্ধ করতে হবে। এর জন্য আইনি কাঠামো শক্তিশালী করতে হবে। অর্থপাচার প্রতিরোধ করার কাজটি দুদক করতে পারবে না। কারণ তারা দুর্নীতি দমন করতে পারলেও ব্যবসা-বাণিজ্যের সমস্যার সমাধান খোঁজা তাদের পক্ষে সম্ভব নয়। এ কারণে প্রতিযোগিতা কমিশনের মতো অর্থপাচার রোধে একটি স্বতন্ত্র সংস্থা থাকা উচিত, গুরুতর অপরাধ দমন অফিসের মতো। এটা হওয়া উচিত অর্থ মন্ত্রণালয়ের নেতৃত্বে। এ অফিসে পুলিশ, অর্থনীতিবিদ ও সমাজতাত্ত্বিকরা থাকতে পারেন।'

অনুষ্ঠান সঞ্চালন করেন সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। আলোচনায় উঠে আসা বক্তব্যের সারসংক্ষেপ টানতে গিয়ে তিনি বলেন, 'বিনিয়োগ নিঃস্ব একটি দেশ এখন ক্রমান্বয়ে পুঁজি রপ্তানিকারক দেশে পরিণত হচ্ছে। এর মতো বৈপরীত্য আর কিছু দেখি না। দেশ থেকে সম্পদ যাতে বাইরে পাচার হতে না পারে সেদিকেই সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে। তাই বলে যেসব সম্পদ এরই মধ্যে পাচার হয়ে গেছে সেগুলো উদ্ধার করা থেকে মনোযোগ সরালেও চলবে না।'

সাবেক অর্থমন্ত্রী ও সিপিডির ট্রাস্টি এম সাইদুজ্জামান বলেন, ২০১৩ সালে অ্যান্টি মানি লন্ডারিং আইন পাস হয়েছে। পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে, ওই বছর থেকেই অর্থপাচার বেড়ে গেছে। অর্থাৎ যত বেশি আইন হয়েছে অর্থপাচার ততই বেড়ে গেছে।

পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, অর্থপাচার আছে, থাকবে। কিন্তু দেখতে হবে সেটা নিয়ন্ত্রণযোগ্য কি না। তা ছাড়া দেশ থেকে টাকা চলে গেলেই টাকার মালিকানা অন্যের হয়ে যায় না। যার টাকা তারই থাকে। আমাদের দেশে অর্থপাচার রোধে আইনগত কিছু অন্তরায় রয়েছে। প্রতিষ্ঠানের করপোরেট কর অর্থপাচারের একটি বড় কারণ।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সভাপতি আবদুল মাতলুব আহমাদ বলেন, 'কারা অর্থপাচার করছে বাংলাদেশ ব্যাংক তা ভালো করেই জানে। কিন্তু তারা কিছু বলতে পারে না। অনেকেই কোটি কোটি টাকা বিদেশে পাচার করে দুবাই, যুক্তরাষ্ট্রে বিশাল বাড়ি বানাচ্ছে, ঘোড়ায় চড়ে বেড়াচ্ছে, কেউ দেখেও দেখে না। পণ্যের খুচরা মূল্য নির্ধারণ না করে দিয়ে অনেককেই পয়সা বানানোর সুযোগ করে দেওয়া হয়েছে।' তিনি আরো বলেন, সোনা চোরাচালান ধরা হয় কিন্তু যারা এর সঙ্গে জড়িত তাদের ধরা হয় না। টাকা-পয়সা যেখানে থাকবে সেখানে ব্যবসায়ী শিল্পপতিরা থাকবে। এই ব্যবসায়ী, রাজনীতিবিদ ও আমলাদের মধ্যে একটি অশুভ বন্ধন রয়েছে, যেটা দেশের ক্ষতি করছে। এই বন্ধনটাকে খুঁজে বের করে আনতে হবে।

সাবেক অর্থসচিব সিদ্দিকুর রহমান বলেন, পণ্য আমদানি-রপ্তানির ঋণপত্র খোলার সময় ব্যাংকগুলোর উচিত সেগুলোর মূল্য সঠিক লেখা হয়েছে কি না তা যাচাই করা। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে ব্যাংকগুলো সেটা করে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবু আহমেদ বলেন, ধনী লোকদের টাকার হিসাব-নিকাশ এবং এর করের আইন কড়াকড়ি করলে অর্থপাচার বেড়ে যাবে। তা ছাড়া সোনা ও হীরার বাজার মুক্ত করে দেওয়া হচ্ছে না। যে কারণে চোরাচালান বেড়ে যাচ্ছে। সম্পদের বাজার মুক্ত থাকলে অনেকেই এখানে বিনিয়োগ করত। কিন্তু এটা না করায় অর্থপাচার চলতেই থাকবে। তা ছাড়া বহুজাতিক কম্পানির পুঁজিবাজারে প্রবেশের সুযোগ আরো শিথিল করতে হবে।

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক মহাপরিচালক মুস্তফা কে মুজেরি বলেন, অর্থপাচারসংক্রান্ত প্রাপ্ত তথ্য অনেক ক্ষেত্রেই পুরোপুরিভাবে সমর্থন করা যায় না। কোনো মডেল থেকেই একই ধরনের তথ্য পাওয়া যায় না।

ব্যাংক নির্বাহীদের সংগঠন অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশের (এবিবি) সাবেক চেয়ারম্যান ও মেঘনা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নুরুল আমিন বলেন, 'অর্থপাচারসংক্রান্ত কথা উঠলেই ব্যাংকের প্রসঙ্গ ওঠে। ব্যাংকের মাধ্যমে বছরে ৬৫ থেকে ৭০ বিলিয়ন ডলারের আন্তর্জাতিক বাণিজ্য হয়। এই বাণিজ্যের আড়ালে কিভাবে অর্থপাচার হচ্ছে, কী উদ্দেশ্যে পাচার হচ্ছে তার ধারা দেখতে হবে। এর জন্য কাকে ধরা হবে তাও ঠিক করতে হবে।' তিনি আরো বলেন, 'মূলধনী যন্ত্রপাতি আমদানির আড়ালে অর্থপাচার হচ্ছে কি না আমরা সেটা দেখে থাকি। কিন্তু সঠিক মূল্য নিশ্চিত করা খুবই দুরূহ। এসব যন্ত্রপাতির মূল্যের অনেক ধরনের বৈচিত্র্য থাকে। গুলশান, বনানী এলাকাসহ দামি স্থাবর সম্পদ বিক্রিসংক্রান্ত লেনদেনে অর্থপাচার বেশি ঘটছে বলে মনে করেন তিনি।

দুদকের সাবেক কমিশনার নাসিরউদ্দিন আহমেদ বলেন, দেশে অর্থপাচার রোধে কাজ করা সংস্থা বাংলাদেশ ফিন্যানশিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ), এনবিআর ও দুদককে একসঙ্গে কাজ করতে হবে। এদের মধ্যে থেকে বিএফআইইউকে কাজটিতে নেতৃত্ব দিতে হবে।

আলোচনায় আরো অংশ নেন প্রকৌশলী রাশেদ মাকসুদ খান, ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) সাবেক সভাপতি স্বপন কুমার বালা, এনবিআরের সাবেক সদস্য আমিনুর রহমান, বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক আবদুর রব প্রমুখ।

দৈনিক করতোয়া
The Daily Karatoa
Date:26-06-2016 Page 02, Col 3-5 Size: 12 Col*Inc

# অর্থ পাচারের কারণ রাজনৈতিক অস্থিরতা

করতোয়া ডেস্ক : অর্থ পাচার বন্ধে 'রাজনৈতিক সংস্কৃতির উন্নয়ন' ঘটানোর মাধ্যমে দেশে বিনিয়োগের পরিবেশ আরও ভালো করার পরামর্শ দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন।

রাজধানীতে গতকাল শনিবার এক সেমিনারে তিনি মুদ্রা বিনিময় হার 'বাজারভিত্তিক' করার ওপরও জোর দেন।

ব্র্যাক ইন সেন্টারে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) 'অবৈধ অর্থ প্রবাহ প্রসঙ্গ বাংলাদেশ' শীর্ষক এ সেমিনারের আয়োজন করে।

সিপিডির সম্মানীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

আলোচনায় অংশ নিয়ে ফরাসউদ্দিন জানান, ২০১৩ সালে ৯৬৬ কোটি ডলার পাচার হয়েছে। যা তার আগের বছরের তুলনায় ৩৫ ভাগ বেশি। একইভাবে ২০০৮ সালে যে পাচার হয়েছে, যা আগের বছরের তুলনায় ৬০ ভাগ বেশি। অর্থ পাচারের দুটো পরিসংখ্যানই দুই জাতীয় নির্বাচনের আগের বছর।

তিনি বলেন, "অর্থ পাচার কমাতে হলে রাজনৈতিক সংস্কৃতির উন্নয়ন ঘটাতে হবে। দেশে বিনিয়োগ পরিবেশ আরও ভালো করতে হবে।

"আমি সব সময় মনে করি যদি বেসরকারি খাত বিনিয়োগ করতে উৎসাহী কম হয়, সেজন্য সরকারকে দায় নিতে হবে। সরকারকেই বিনিয়োগ বান্ধবতা নিশ্চিত করতে হবে। সেই রকম নীতি কৌশল নিতে হবে।"

বঙ্গবন্ধুর সাবেক একান্ত সচিব ফরাস উদ্দিন বলেন, "অনেকে বলেন মূলধন হিসাব উদারীকরণ করতে। আমি বরং বলব তার আগে মুদ্রা বিনিময় হার সত্যিকারভাবে বাজারভিত্তিক করতে। ২০০৩ সাল থেকে বাজারভিত্তিক করা আছে নামে মাত্রই। কিন্তু তা আগের মতোই। মাসের পর মাস ওইটা ঠিক করা হয় না। ওইটা ঠিক করা হলে অনেক ছোটখাটো পাচার উৎসাহ পেতো না।

"আমার মনে হয় টাকা অতিমূল্যায়িত হলে টাকা কম আসবে, পাচার বেশি হবে। টাকার অতি মূল্যায়নটা খুব খারাপ।"

সিপিডি অনেক ভালো কাজ করলেও সরকারের কোনো অর্জন প্রকাশে 'লজ্জাবোধ' করে বলে মনে করেন তিনি।

উদাহরণ দিয়ে তিনি বলেন, প্রবৃদ্ধির হার যদি সাড়ে ৬ ভাগ প্রাক্কলন করা হয়। উনারা বলেন সাড়ে ৫ ভাগের বেশি কিছুতেই হবে-না।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, যে দেশ বিনিয়োগ পাচ্ছে না, সে দেশ থেকে পুঁজি বিদেশে চলে যাচ্ছে। দেশে যে পরিমাণ বিনিয়োগযোগ্য টাকা আছে তা বিনিয়োগ হচ্ছে না। এটা দুঃখজনক ঘটনা।

"এটার কারিগরি সমাধান সম্ভব।প্রতিষ্ঠানিক ও রাজনৈতিকভাবে এর সমাধান করা যায়," বলেন তিনি।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এবি মির্জ্জা আজিজুল ইসলাম টাকা দেশে রাখতে নিরাপত্তা নিশ্চিতের পাশাপাশি অর্থ পাচার রোধে নীতি সহায়তা আধুনিকায়নের ওপর জোর দেন।

তিনি বলেন, "যদি কেউ মনে করে জীবনের বা সম্পদের নিরাপত্তা নেই তখন মানুষ বিদেশে টাকা পাচার করে। দ্বিতীয়তঃ বিনিয়োগ বান্ধব পরিবেশ না থাকলে টাকা পাচার হয়।'

সেমিনারে বিশেষ অতিথি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর বলেন, "যে দেশে বেশি সুযোগ-সুবিধা বেশি পাবে, টাকা সে দেশেই যাবে। দেশে বাণিজ্যিক উদারীকরণের মাধ্যমে পাচার রোধের পাশাপাশি আইন ও সুশাসনের দিকেও দৃষ্টি দিতে হবে।"

আলোচনায় আরও অংশ নেন অধ্যাপক আবু আহমেদ। প্যানেল আলোচক ছিলেন শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের মহাপরিচালক ড. মঈনুল খান।

মানবকণ্ঠ
Date:26-06-2016 Page 03, Col 2-4 Size:09 Col*Inc




রাজধানীর ব্র্যাক সেন্টার ইনে গতকাল সিপিডি আয়োজিত সংলাপে বক্তারা —মানবকণ্ঠ

মানবকণ্ঠ
Date:26-06-2016 Page 12, Col 2-4 Size:15 Col*Inc

# বিনিয়োগের পরিবেশ না থাকায় অর্থ পাচার হচ্ছে

অর্থনৈতিক প্রতিবেদক

দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে বিদেশে অর্থ পাচার হচ্ছে। এ ছাড়া দেশের রাজনৈতিক অস্থিরতাও অর্থ পাচারের অন্যতম কারণ। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক সংলাপে এমন মন্তব্য করেন বক্তারা। রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক সেন্টারে গতকাল 'আন্তঃদেশীয় অবৈধ অর্থ প্রবাহ' শীর্ষক এ সংলাপের আয়োজন করা হয়।



### সিপিডির সংলাপে বক্তারা

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এ ছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। বিদেশে অর্থ পাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণ খেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন।

রাজনৈতিক অস্থিরতাকে অর্থ পাচারের অন্যতম কারণ বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমেদ। তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকারের ইস্যুতে ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালে ৬০ ভাগ বেশি অর্থ পাচার হয়েছিল। আর ২০১৪ সালের নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালে আরো ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়।

অর্থ পাচারে বিনিয়োগবান্ধব প্রতিকূলতাও অন্যতম কারণ বলে মনে করেন ফরাসউদ্দিন আহমেদ। অর্থ পাচাররোধে রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচার করতে হবে বলেও জানান তিনি।

ড. ফরাসউদ্দিন বলেন, দেশে বেসরকারি খাতে বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে। কারণ সরকারকেই বেসরকারি খাতের বিনিয়োগ পরিবেশ তৈরির জন্য নীতি-কৌশল, সুযোগ-সুবিধা করে দিতে হবে।

নানা কারণে অর্থ বিদেশে পাচার হচ্ছে বলে মন্তব্য করেছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান। তিনি বলেন, আইনের প্রয়োগ না করা, কর ফাঁকি দেয়ার প্রবণতা, নিরাপত্তার অভাব ইত্যাদি কারণে অর্থ পাচার হচ্ছে। এ অর্থ পাচার একটি অত্যন্ত জটিল বিষয়, এটা রাতারাতি সমাধান হওয়া সম্ভব না। ধীরে ধীরে পাচার রোধ করতে হবে। এ ক্ষেত্রে দুদকের উচিত অর্থ পাচার রোধ করা, কিন্তু প্রতিষ্ঠানটি পারবে না। তাই অর্থ পাচাররোধে একটি স্বাধীন প্রতিষ্ঠান করতে হবে।

পৃষ্ঠা ১১ কলাম ১

## বিনিয়োগের পরিবেশ

শেষ পৃষ্ঠার পর

এফবিসিসিআই প্রেসিডেন্ট আবদুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। গাছের গোড়ায় না গিয়ে পাতা নিয়ে দৌড়াদৌড়ি করায় এ অবস্থা। অর্থ পাচাররোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে।

সবশেষে আলোচনার সভাপতি সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য্য বলেন, কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচাররোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচার রোধে বেশি সময় দেয়া, আন্তর্জাতিক আইনের সঙ্গে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি এবং দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে।

মানবজমিন
Date:26-06-2016 Page 01, Col 02 Size: 32 Col*Inc

# ১০ বছরে পাচার ৪ লাখ ৪১ হাজার কোটি টাকা

## সিপিডি

**অর্থনৈতিক রিপোর্টার:** প্রতিবছর গড়ে ৫৫৮ কোটি হিসাবে গত ১০ বছরে বাংলাদেশ থেকে পাচার হয়েছে ৫ হাজার ৫৮৭ কোটি ৬০ লাখ *পৃষ্ঠা ৮ কলাম ৪*

*প্রথম পৃষ্ঠার পর*

## ১০ বছরে পাচার ৪ লাখ

ডলার। টাকার অঙ্কে যা ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা। স্বল্পোন্নত দেশগুলোর (এলডিসি) মধ্যে বাংলাদেশ থেকেই সবচেয়ে বেশি অর্থ পাচার হয়েছে। এর বাইরে গত দুই অর্থবছরে সুইস ব্যাংকসমূহে বাংলাদেশি নাগরিকদের ব্যাংক হিসাবের সংখ্যা দ্বিগুণ বেড়েছে। আবার মালয়েশিয়ায় 'মাই সেকেন্ড হোম' কর্মসূচিতে গত ১৩ বছরে ৩ হাজার ৬১ জন বাংলাদেশি অর্থ পাঠিয়েছেন। গতকাল রাজধানীর ব্র্যাক সেন্টারে 'অর্থপাচার : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক এক প্রতিবেদনে এসব তথ্য উঠে আসে। প্রতিবেদন প্রকাশে আলোচনা সভার আয়োজন করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। সিপিডি সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. মীর্জ্জা আজিজুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমেদ, এফবিসিসিআই সভাপতি আবদুল মাতলুব আহমাদ প্রমুখ। এছাড়া আলোচনায় অংশ নেন অধ্যাপক আবু আহমেদ। প্যানেল আলোচক ছিলেন শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের মহাপরিচালক ড. মঈনুল খান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান। গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে সিপিডির গবেষক তৌফিকুল ইসলাম খান প্রবন্ধে বলেন, বাংলাদেশ থেকে ক্রমান্বয়ে বিদেশে অর্থ পাচার বেড়েছে। ২০০৪ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত বাংলাদেশ থেকে ৫ হাজার ৫৮৭ কোটি ৬০ লাখ ডলার বাংলাদেশ থেকে পাচার হয়েছে। দেশি মুদ্রায় এর পরিমাণ ৪ লাখ ৪১ হাজার ৪২০ কোটি টাকা। এরমধ্যে সবচেয়ে বেশি ৯৬৬ কোটি ডলার পাচার হয়েছে ২০১৩ সালে। ওই বছরে ১০০টি দেশের মধ্যে পাচারকারী দেশের তালিকায় বাংলাদেশ অবস্থান ৪০ তম। গত ১০ বছরের হিসাবে প্রতিবছর গড়ে ৫৫৮ কোটি ডলার পাচার হয়েছে, যার ৮৮ শতাংশই হয়েছে আমদানি ও রপ্তানিতে মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে। সিপিডি বলছে, ২০১৩ সালে যে অর্থ পাচার হয়েছে, তা শিক্ষা বাজেটের ৩.৬ গুণ; স্বাস্থ্য বাজেটের ৮.২ গুণ। আর পাচার করা অর্থের যদি ২৫ শতাংশের ওপর করারোপ করা যেত, তাহলে স্বাস্থ্য বাজেট তিনগুণ আর শিক্ষা বাজেট দ্বিগুণ হতো। ওই বছর (২০১৩) বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) সাড়ে ৫ শতাংশের সমপরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে। এছাড়া সিপিডি'র মূল প্রবন্ধে টাকা পাচারের কেলেঙ্কারি ফাঁস হওয়া পানামা পেপার্সের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, বাংলাদেশের ২৭টি ব্যাংক হিসাবের কথা ওই পেপারে রয়েছে। বিশ্বব্যাপী টাকা পাচার প্রসঙ্গটি নিয়ে বাংলাদেশের আরেকটু আগ্রহ প্রকাশ উচিত বলে মনে করে সিপিডি। টাকা পাচার রোধে মোটাদাগে চারটি সুপারিশ করেছে সিপিডি। এগুলো হলো আইনগত ও প্রাতিষ্ঠানিক দুই ধরনের সক্ষমতা বৃদ্ধি; সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় রক্ষা; অন্য দেশের সঙ্গে সহযোগিতা এবং রাজনৈতিক সদিচ্ছা। মালয়েশিয়ায় সেকেন্ড হোম প্রজেক্টে বাংলাদেশিরা তৃতীয় সর্বোচ্চ বিনিয়োগকারী। অস্ট্রেলিয়া, কানাডা ও যুক্তরাষ্ট্রে বাংলাদেশিরা বিনিয়োগ করছে। বাংলাদেশ থেকে অর্থ নিয়ে বিদেশে বিনিয়োগ করার কোনো আইন অনুমোদন নেই। আন্তর্জাতিক বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশিদের অর্থের সন্ধান পেলেও সরকারের কাছে আনুষ্ঠানিক কোনো তথ্য নেই। তবে অর্থ মন্ত্রণালয়ের এক হিসাবে বাংলাদেশের অর্থনীতির ৪০ থেকে ৮০ শতাংশ কালোটাকা। প্রবন্ধের ওপর আলোচনায় সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এবি মীর্জ্জা আজিজুল ইসলাম বলেন, পানামা পেপার্সে যাদের নাম আছে, তাদের কতজনের বিরুদ্ধে অনুসন্ধান হয়েছে, তা জানি না। আমদানি-রপ্তানির সময় মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে টাকা পাচার রোধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা উচিত। উদাহরণ দিয়ে তিনি বলেন, ২০১৪-১৫ অর্থবছরে মূলধনী যন্ত্রপাতির আমদানি বেড়ে গিয়েছিল। কিন্তু তখন বিদ্যমান উৎপাদন সক্ষমতার পুরোটা ব্যবহার করা যাচ্ছিল না। তাহলে নতুন মূলধনী যন্ত্রপাতি কেন আমদানি হচ্ছে, এ বিষয়ে এনবিআর কোনো অনুসন্ধান করেনি। টাকা দেশে রাখতে নিরাপত্তা নিশ্চিতের পাশাপাশি অর্থ পাচার রোধে নীতি সহায়তা আধুনিকায়ন করতে হবে। তিনি বলেন, যদি কেউ মনে করে জীবনের বা সম্পদের নিরাপত্তা নেই। তখন মানুষ বিদেশে টাকা পাচার করে। দ্বিতীয়ত: বিনিয়োগবান্ধব পরিবেশ না থাকলে টাকা পাচার হয়। এছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান বলেন, নানা কারণে অর্থ বিদেশে পাচার হচ্ছে। সুশাসনের অভাবেই অর্থপাচার বাড়ছে। মূলত বাংলাদেশে লোকজন টাকা রাখতে ভয় পায়, করের হার আরো কমানো হলেও পাচার বন্ধ হবে না। দেশ থেকে অনেক মানুষ চলে যেতে চায়। তিনি বলেন, অর্থপাচার নিয়ে অনেক কথা হচ্ছে, কিন্তু কোনো কাজে আসছে না। ফি বছর পাচারের অর্থের অঙ্ক বাড়ছে। তিনি বলেন, অর্থপাচারের দুইটি কারণ থাকতে পারে। একটি হলো উন্নত দেশের দৃষ্টিভঙ্গি আর অন্যটি হলো আইনের শাসনের অভাব। আমার মনে হয় কর ফাঁকি দিতে এই টাকা পাচার হচ্ছে। এ অর্থ পাচার একটি অত্যন্ত জটিল বিষয়, এটা রাতারাতি সমাধান হওয়া সম্ভব না। ধীরে ধীরে পাচার রোধ করতে হবে। অর্থ পাচার পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণে পৃথক একটি সংস্থা প্রতিষ্ঠার পরামর্শ দেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের এই উপদেষ্টা। তিনি বলেন, সংস্থাটি থাকবে অর্থ মন্ত্রণালয়ের অধীনে। প্রস্তাবিত এ সংস্থায় আইনশৃঙ্খলা বাহিনী, ব্যবসায়ী, অর্থনীতিবিদসহ সংশ্লিষ্ট সবার প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে। দুদকের কাজ দুর্নীতি রোধ করা, অপ্রিয় হলেও সত্য এই সংস্থার তৎপরতায় অর্থপাচার রোধ করা সম্ভব নয় এমন মন্তব্য করে আকবর আলি খান বলেন; অর্থপাচার রোধে আমাদের আইনি কাঠামোকে আরো মজবুত করতে হবে। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমেদ বলেন, দেশে মূলত বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতা রয়েছে। শতভাগ বিনিয়োগ পরিবেশ থাকলে অর্থ পাচার হতো না। অনেকে অর্থপাচারের পেছনে রাজনৈতিক অস্থিরতা বা অনিশ্চয়তার কথা বলেন। এক্ষেত্রে গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটিগ্রিটি (জিএফআই) তথ্য তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালে যে অর্থপাচার হয়েছে তা ২০০৭ সালের চেয়ে ৬০ শতাংশ বেশি। ওই সময় কেয়ারটেকার গভর্নমেন্টের সঙ্গে বিনিয়োগকারীদের একটা মতপার্থক্য তৈরি হয়েছিল। এ জন্য ওই সময় অর্থ দেশে না রেখে বিদেশে পাচার হয়েছে। একই ঘটনা ২০১৪ সালে ঘটেছে। ২০১৩ সালের তুলনায় ওই বছর ৩৫ শতাংশ বেশি অর্থপাচার হয়েছে। এর মূল কারণ ২০১৪ সালে নির্বাচন হওয়ার কথা ছিল। আরেক পক্ষ নির্বাচনটি ঠেকাতে চেয়েছিল। এই সংঘাত বা অস্থিরতাপূর্ণ পরিবেশে অর্থ পাচার হওয়াটা স্বাভাবিক। তিনি বলেন, দেশে বেসরকারিখাতের বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে। কারণ সরকারকেই বেসরকারি খাতের বিনিয়োগ পরিবেশ তৈরির জন্য নীতি-কৌশল, সুযোগ-সুবিধা করে দিতে হবে। সাবেক এই গভর্নর বলেন, অর্থপাচার রোধের জন্য দেশে টাকা থাকলে নিরাপদে থাকবে এই মনস্তাত্ত্বিক পরিবেশ তৈরি করতে হবে। একই সঙ্গে পাচারকারীদের বিচার নিশ্চিত করতে হবে। তিনি বলেন, ব্যক্তিগতভাবে মনে করি দেশে দুই ধরনের অপরাধের বিচার হয় না। এক স্বর্ণ চোরাচালান, দুই ফরেন কারেন্সি পাচার। অনেকেই ক্যাপিটেল একাউন্ট লিবারালাইজেশনের কথা বলছেন। মনে হয় এটা করার এখন সময় এসেছে। তিনি বলেন, সত্যিকার অর্থেই মুদ্রা বিনিময় হারকে বাজারমুখী করতে হবে। সঠিকভাবে মুদ্রা বিনিময় হারকে বাজারের সঙ্গে সমন্বয় করতে পারলে ছোটখাটো পাচার রোধ সম্ভব হতো। মুদ্রার অতি মূল্যায়নের কারণে রেমিটেন্স কমছে ও অর্থ পাচার বাড়ছে বলেও তিনি মনে করেন। বাংলাদেশ ব্যাংকের সমালোচনা করে কার্যকর পদক্ষেপ নেয়ারও পরামর্শ দিয়ে এই অর্থনীতিবিদ বলেন, এখন সময় এসেছে প্রাইস কমিশন জাতীয় কিছু করার। এই কমিশন পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নির্ধারণ করে দেবে।

আবু আহমেদ বলেন, ধনীরা টাকা পাচার করে। তাদের বিনিয়োগের ব্যবস্থা করতে হবে। এসেট মার্কেট স্বর্ণ ও ডায়মন্ডের বাজার গড়ে তুলতে হবে। পুঁজিবাজারে সহজে বিনিয়োগের সুবিধা দিতে হবে। এছাড়া দেশে শান্তি নিশ্চিত করতে হবে। সেমিনারে বিশেষ অতিথি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর বলেন, যে দেশে সুযোগ-সুবিধা বেশি পাবে, টাকা সে দেশেই যাবে। দেশে বাণিজ্যিক উদারীকরণের মাধ্যমে পাচার রোধের পাশাপাশি আইন ও সুশাসনের দিকেও দৃষ্টি দিতে হবে। এফবিসিসিআই প্রেসিডেন্ট আবদুল মাতলুব আহমাদ বলেন, ২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। আমরা গাছের পাতায় কাজ করছি। গোড়ায় কাজ করছি না। ফলে এ অবস্থা। অর্থ পাচার রোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে। এবিবি'র সাবেক চেয়ারম্যান নূরুল আমীন বলেন, বাংলাদেশ সাত, আটটি প্রতিষ্ঠানকে বাইরে বিনিয়োগের অনুমতি দিয়েছে। এ সংখ্যা আরো বাড়ানো প্রয়োজন। তিনি বলেন, গত ১০ বছরে গুলশান-বনানী বাড়ি বিক্রির ৮০ শতাংশ লেনদেনই হয়েছে দেশের বাইরে। সবশেষে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন; বিনিয়োগ নিঃস্ব একটি দেশ এখন ক্রমান্বয়ে পুঁজি রপ্তানিকারক দেশে পরিণত হচ্ছে। এর মতো বৈপরীত্য আর কিছু দেখি না। যে দেশে বিনিয়োগের জন্য পুঁজি আসছে না, সেই দেশ থেকে পুঁজি পাচার হয়ে যাচ্ছে। দেশে যে পরিমাণ বিনিয়োগযোগ্য টাকা আছে তা বিনিয়োগ হচ্ছে না। এটা দুঃখজনক ঘটনা। কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থ পাচার রোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচার রোধে বেশি সময় দেয়া, আন্তর্জাতিক আইনের সঙ্গে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি ও দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে।

নয়া দিগন্ত
Date: 26-06-2016 Page 1 Col 6-7 Size: 28 Col*Inc

### সিপিডির সেমিনারে তথ্য প্রকাশ

# দশ বছরে পাচার সাড়ে ৪ লাখ কোটি টাকা

● **অর্থনৈতিক প্রতিবেদক**

**নির্বাচন এলেই বাড়ে অর্থপাচার**

গত দশ বছরে বাংলাদেশ থেকে পাচার হয়েছে পাঁচ হাজার ৫৮৭ দশমিক ৬০ কোটি ডলার যা টাকার অঙ্কে দাঁড়ায় প্রায় সাড়ে চার লাখ কোটি টাকা। গতকাল বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) আয়োজিত অবৈধ অর্থ প্রবাহ : প্রেক্ষিত বাংলাদেশ শীর্ষক এক সেমিনারে এ তথ্য প্রকাশ করা হয়। ওয়াশিংটনভিত্তিক প্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্টিগ্রিটি (জিএফআই) পরিচালিত এ সমীক্ষায় বাংলাদেশ থেকে অবৈধ অর্থ পাচারের এ তথ্য পাওয়া যায়। সেমিনারে জানানো হয় যে, নির্বাচনকে সামনে রেখে অর্থপাচার বেড়ে যায়।

তথ্য অনুসারে গত ১০ বছরে বাংলাদেশ থেকে এ বিপুল পরিমাণ অর্থ বিশ্বের বিভিন্ন উন্নত দেশে পাচার হয়েছে। এ ছাড়া গত দুই বছরে সুইস ব্যাংকে বাংলাদেশী হিসাব বেড়েছে ■ *২য় পৃ: ৪-এর কলামে*




**সিপিডি গতকাল ব্র্যাক সেন্টারে অবৈধ অর্থ পাচারের বিষয়ে আলোচনা সভা করে**

# দশ বছরে পাচার সাড়ে

*১ম পৃষ্ঠার পর*

দ্বিগুণেরও বেশি। আবার মালয়েশিয়া মাই সেকেন্ড হোম কর্মসূচিতে গত কয়েক বছরে তিন হাজারের অধিক বাংলাদেশীর অংশগ্রহণ রয়েছে। জিএফআই প্রকাশিত প্রতিবেদনের আলোকে সিপিডি বাংলাদেশ থেকে অবৈধ অর্থপাচারের প্রতিবেদনটি তৈরি করে। জিএফআই ২০০৪ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত বাংলাদেশ থেকে অর্থপাচারের ওপর এ রিপোর্ট প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী গত ১০ বছরে বাংলাদেশ থেকে পাচার হয়েছে পাঁচ হাজার ৫৫৮ কোটি ডলার যা বাংলাদেশী টাকায় প্রায় সাড়ে চার লাখ কোটি টাকা যার ৮৮ শতাংশ হয়েছে আমদানিকৃত পণ্যের অতিমূল্যায়নের মাধ্যমে। এ প্রসঙ্গে প্রতিবেদনে উল্লেখ করা হয় ২০১৩ থেকে ২০১৫ অর্থবছরের আন্তর্জাতিক বাজারে চালের মূল্য টনপ্রতি ৫০০ ডলার থাকলেও তা দেখানো হয়েছে ৮০০ থেকে ১ হাজার ডলার।

সিপিডির বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় অনুষ্ঠিত সেমিনারে উপস্থিত ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. এ বি মির্জ্জা আজিজুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাস উদ্দিন, সাবেক মন্ত্রী এম সায়েদুজ্জামান, পলিসি রিসার্চ ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আহসান হাবিব মনসুর, এফবিসিসিআই সভাপতি আবদুল মতলুব আহমেদ, বিএসইসির সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী ও অধ্যাপক ড. আবু আহমেদ।

সেমিনারে মূল-প্রবন্ধ পাঠ করেন সিপিডির রিসার্চ ফেলো তওফিকুল ইসলাম খান।

মূল প্রবন্ধে বলা হয় অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতি, বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব ও নিরাপত্তাহীনতাই এসব অর্থের অবৈধ প্রবাহের জন্য দায়ী। তাছাড়া ২০০৪ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত সময়ের মধ্যে সবচেয়ে বেশি পরিমাণে অর্থপাচারের ঘটনা ঘটেছে ২০১৩ সালে। এর আগে ২০০৪ সাল থেকে ২০০৭ সাল পর্যন্ত অর্থপাচার একটি নির্দিষ্ট সীমার মধ্যে থাকলেও ২০০৮ সালে তা হঠাৎ বেড়ে যায়। ২০০৭ সালের ৪০৯ কোটি ৮০ লাখ ডলার থেকে তা হঠাৎ ৬৪৪ কোটি ৩০ লাখ ডলারে উন্নীত হয়। সেই সময় তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতা হস্তান্তর করে। ওই বছর ২৯ ডিসেম্বর অনুষ্ঠিত হয় জাতীয় নির্বাচন। পরে ২০০৯ সালে অর্থপাচারের পরিমাণ কিছুটা হ্রাস পায়। সে বছর বাংলাদেশ থেকে পাচার হয় ৬১২ কোটি ডলার। পরবর্তী দুই বছর তা আরো কমে যথাক্রমে ৫৪০ ও ৫৯২ কোটি ডলারে নেমে আসে।

কিন্তু তত্ত্বাবধায়ক সরকারের পরবর্তী সরকারের শেষ দুই বছরে অর্থপাচার হঠাৎ বেড়ে যায়। ২০১১ সালের ৫৯২ কোটি ডলার থেকে ২০১২ সালে তা পৌঁছে ৭২২ কোটি ৮০ লাখ ডলারে। ২০১৩ সালে তা আরো বেড়ে ৯৬৬ কোটি ৬০ লাখ ডলারে পৌঁছে। এবারো নির্বাচনের আগের বছর এ প্রবণতা বৃদ্ধি পায়। পরের বছর ২০১৪ সালের ৫ জানুয়ারি ছিল জাতীয় নির্বাচন।

সেমিনারে বক্তারা বলেন, নির্বাচনকে সামনে রেখেই অর্থপাচার বেড়ে যায়। ২০০৮ সালে তত্ত্বাবধায়ক সরকারের শেষ বছরে এবং ২০১৩ সালে এ প্রবণতা ছিল তুলনামূলকভাবে বেশি। ওই দুই বছরে বাংলাদেশ থেকে পাচারকৃত অর্থের পরিমাণ ছিল যথাক্রমে ৫২ হাজার কোটি টাকা ও ৭৭ হাজার কোটি টাকা।

রাজনৈতিক অস্থিরতাকে অর্থপাচারের অন্যতম কারণ বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাস উদ্দিন। তিনি বলেন, 'তত্ত্বাবধায়ক সরকারের ইস্যুতে ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালে ৬০ শতাংশ বেশি অর্থপাচার হয়েছে। ২০১৪ সালের নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালে আরো ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়।'

অর্থপাচারে বিনিয়োগবান্ধব প্রতিকূলতাও অন্যতম কারণ বলে মনে করেন ফরাস উদ্দিন আহমেদ। অর্থ পাচার রোধে রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচার করতে হবে বলেও জানান তিনি।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এ বি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, 'অর্থপাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অন্যতম কারণ। এ ছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। বিদেশে অর্থ পাচার রোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণ খেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেয়া ও শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন।'

নানা কারণে অর্থ বিদেশে পাচার হচ্ছে বলে মন্তব্য করেছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান। তিনি বলেন, 'আইনের প্রয়োগ না করা, কর ফাঁকি দেয়ার প্রবণতা, নিরাপত্তার অভাব প্রভৃতি কারণে অর্থপাচার হচ্ছে। এ অর্থপাচার অত্যন্ত জটিল বিষয়, এটি রাতারাতি সমাধান সম্ভব না। ধীরে ধীরে পাচার রোধ করতে হবে। এ ক্ষেত্রে দুদকের উচিত অর্থ পাচার রোধ করা; কিন্তু এককভাবে দুদক তা পারবে না। তাই অর্থ পাচার রোধে একটি স্বাধীন প্রতিষ্ঠান করতে হবে।'

NEW AGE
Date:26-06-2016 Page 13, Col 2-6 Size: 51 Col*Inc

# Lack of security, poor investment climate encourage capital flight

## *Experts say at CPD seminar as $56b flown out of country in 10yrs*

**Staff Correspondent**

LACK of comfort about security of life and assets, absence of proper environment for investment, presence of political uncertainty and inconsistencies in policies are the root causes of money laundering from the country, economists and businessmen said at a meeting on Saturday.

They made the observation at an expert consultation on illicit financial flows in the context of Bangladesh organised by the Centre for Policy Dialogue in Dhaka.

Analysing various international reports, the CPD at the programme disclosed that some $55.87 billion was laundered from Bangladesh from 2004 to 2013 with the highest amount at $9.66 billion in last year.

Of the laundered fund, 88 per cent was laundered by traders through trade mispricing like under-invoicing and over-invoicing.

The CPD said that the yearly average illicit financial outflows stood at $5.59 billion in last 10 years.

The average amount of laundered money is 5.5 per cent of the country's gross domestic product or GDP, it said.




(From left) Former interim government adviser Mirza Azizul Islam, Centre for Policy Dialogue distinguished fellow Debapriya Bhattacharya, former Bangladesh Bank governor Mohammed Farashuddin, former caretaker government adviser Akbar Ali Khan, Federation of Bangladesh Chambers of Commerce and Industry president Abdul Matlub Ahmad and CPD executive director Mustafizur Rahman are seen at a meeting organised by the CPD in Dhaka on Saturday. — New Age photo

Speakers at the programme said that money laundering could not be prevented without ensuring sense of security, investment-friendly environment, good governance and strong actions against people involved with the process.

They also stressed ensuring coordination among the government agencies including Bangladesh Bank, Anti-Corruption Commission and National Board of Revenue and increasing capacity of the government agencies to track and prevent money laundering.

They also advocated setting up an independent body to prevent money laundering.

They criticised the government and its agencies for their inactivity and outcomes in preventing money laundering.

Former Bangladesh Bank governor Mohammed Farashuddin identified three main reasons — inadequate environment for investment, political discomfort or uncertainty and mindset of people — for illegal financial outflows from the country.

The trend shows that the intensity of money laundering has increased during political uncertainties in the period of 2008-2013 when there was uncertainty over the national elections, he said.

Money will not be siphoned out if investment-friendly environment exists, he said.

Former interim government adviser Mirza Azizul Islam said, 'People launder money if they feel lack of security of life and assets

Continued on B2 Col. 6

# Lack of security

*Continued from B1*

and businesses find lack of investment-friendly environment.'

The government will also have to take stern actions against launderers along with ensuring security and proper environment for investment, he said.

Former caretaker government adviser Akbar Ali Khan said that people felt insecure to keep money in Bangladesh and many of them wanted to leave the country due to various reasons mentioned by the representatives from business community.

'So, the government needs to address those issues,' he said.

Bangladesh Philippines Chamber of Commerce and Industry president Rashed Maksud Khan said that money was laundered from the country mainly due to the country's overall environment in which businesses felt lack of comfort and confidence for investment and security of life and assets and the inconsistent government policies and inadequate infrastructure facility.

Federation of Bangladesh Chambers of Commerce and Industry president Abdul Matlub Ahmad said that the government should take actions to prevent money laundering from the country.

'We all know that money is being siphoned out from the country, but all are ignoring the issue,' he said.

He also emphasised demolishing the nexus among businessmen, politicians and bureaucrats in money laundering which is very harmful to the country.

CPD distinguished fellow Debapriya Bhattacharya said that it was a paradox that an investment-deprived country became a capital-exporting nation through money laundering.

The government should take steps to prevent money laundering through bringing political and institutional reforms and good government, anti-corruption measures, he said.

Policy Research Institute executive director Ahsan H Mansur said changes in the political regimes created lots of uncertainty in the country that resulted in money laundering.

Good governance is also a big problem in this connection, he said.

Bangladesh Securities and Exchange Commission former chairman Faruq Ahmad Siddiqi said that the incidence of money laundering increased in the immediate past year of elections as illegal money was created through using political advantages.

Former finance secretary Siddiqur Rahman Choudury stressed taking steps to stop the generation of illegal money through various channels such as corruption, tax evasion, illegal foreign workers.

CPD research fellow Towfiqul Islam Khan made a presentation on the issue at the programme.

CPD executive director Mustafizur Rahman, economist Abu Ahmed and former finance minister and CPD board of trustees member M Syeduzzaman spoke, among others, at the meeting.

The New Nation
Date:26-06-2016 Page:12 ,Col: 5-8 Size: 14 Col*Inc




Former Adviser of Caretaker Government Dr Akbar Ali Khan among other experts spoke at the seminar on 'Illicit Financing Flow' arranged at the Brac Centre Inn in city on Saturday. ■ NN photo

The News Today

Date: 26-06-2016 Page: 08, Col: 5-7 Size: 15 Col*Inc

# Experts for improving environment to prevent money laundering

Experts at a dialogue here today suggested constitution of a commission comprising different organizations, along with improving the investment-friendly environment, good governance and reformation of trade, finance and tax policies to prevent money laundering, reports BSS.

Along with taking prevention measures, strong punishment measures should be taken against those involved in money laundering, said the experts consists of economists, businesspeople and representatives of different regulatory organizations.

Centre for Policy Dialogue (CPD), a local think-tank, organized the dialogue "Illicit financial flow in the context of Bangladesh". Distinguished fellow of the organization Dr Debapriya Bhattacharya moderated the dialogue while former advisers of caretaker government Dr ABM Mirza Azizul Islam and Dr Akbar Ali Khan, former governor of Bangladesh Bank Dr Mohammad Farasuddin, former finance minister Dr Sayeduzzaman, president of FBCCI Abdul Matlub Ahmad, executive director of Policy Research Institute Dr Ahsan H munsur, former finance secretary Siddiqur Rahman Chowdhury, former director general of BIDS Dr K Mujeri, former chairman of BSEC Faruk Ahmed Siddique, director general of Customs Intelligence and Investigation Department Dr Moinul Khan, director general of Anti-Corruption Commission (ACC) Farid Ahmed Bhuiyan, among others, spoke at the dialogue.

ABM Mirza Azizul Islam said steps should be taken to improve the investment-friendly environment in the country to prevent money laundering. At the same time, tax law and other related policies should be reformed so that businesspeople can get returns from their investment, he added.

Suggesting taking steps to form an independent commission to strengthen the money laundering prevention system, Dr Akbar Ali Khan said, such commission can be formed with representatives from police, ACC, customs and Bangladesh Bank to remove inconsistencies among organizations looking after the money laundering issue.

Dr Farasuddin said there is lack of investment-friendly environment in the country. Besides, weak political culture is also a big matter behind laundering of money, he said, adding that severe punishment measures should be taken against those involved in money laundering.

THE DAILY
PEOPLE'S TIME
we believe in people's reality
Date: 26-06-2016 Page: 08, Col 4-5 Size: 15Col* Inc

# Experts for improving environment to prevent money laundering

■ Staff Correspondent

Experts at a dialogue yesterday suggested constitution of a commission comprising different organizations, along with improving the investment-friendly environment, good governance and reformation of trade, finance and tax policies to prevent money laundering.

Along with taking prevention measures, strong punishment measures should be taken against those involved in money laundering, said the experts consists of economists, businesspeople and representatives of different regulatory organizations. Centre for Policy Dialogue (CPD), a local think-tank, organized the dialogue "Illicit financial flow in the context of Bangladesh". Distinguished fellow of the organization Dr Debapriya Bhattacharya ►► CONTINUED TO PAGE 2

# Experts for improving

►► CONTINUED FROM PAGE 8

moderated the dialogue while former advisers of caretaker government Dr ABM Mirza Azizul Islam and Dr Akbar Ali Khan, former governor of Bangladesh Bank Dr Mohammad Farasuddin, former finance minister Dr Sayeduzzaman, president of FBCCI Abdul Matlub Ahmad, executive director of Policy Research Institute Dr Ahsan H munsur, former finance secretary Siddiqur Rahman Chowdhury, former director general of BIDS Dr K Mujeri, former chairman of BSEC Faruk Ahmed Siddique, director general of Customs Intelligence and Investigation Department Dr Moinul Khan, director general of Anti-Corruption Commission (ACC) Farid Ahmed Bhuiyan, among others, spoke at the dialogue.

ABM Mirza Azizul Islam said steps should be taken to improve the investment-friendly environment in the country to prevent money laundering. At the same time, tax law and other related policies should be reformed so that businesspeople can get returns from their investment, he added.

Suggesting taking steps to form an independent commission to strengthen the money laundering prevention system, Dr Akbar Ali Khan said, such commission can be formed with representatives from police, ACC, customs and Bangladesh Bank to remove inconsistencies among organizations looking after the money laundering issue. Dr Farasuddin said there is lack of investment-friendly environment in the country. Besides, weak political culture is also a big matter behind laundering of money, he said, adding that severe punishment measures should be taken against those involved in money laundering.

সংবাদ

Date:26-06-2016 Page 16 Col 4 Size:16 Col*Inc

# অর্থ পাচার বন্ধে রাজনৈতিক সংস্কৃতির উন্নয়ন ঘটাতে হবে

—— ফরাসউদ্দিন

অর্থনৈতিক বার্তা পরিবেশক

'রাজনৈতিক সংস্কৃতির উন্নয়ন' ঘটালে অর্থ পাচার বন্ধ হবে বলে মনে করছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। এর মাধ্যমে দেশে বিনিয়োগের পরিবেশ আরও ভালো হবে বলেও তিনি জানান। এছাড়া বেসরকারি খাতে বিনিয়োগের জন্য সরকারকেই বিনিয়োগ বান্ধব পরিবেশ নিশ্চিত করতে হবে। এ জন্য সেই রকম নীতি কৌশল নিতে হবে বলে জানিয়েছেন ফরাসউদ্দিন।

গতকাল এক সেমিনারে তিনি মুদ্রা বিনিময় হার 'বাজারভিত্তিক' করার ওপরও জোর দেন। রাজধানীর ব্র্যাক অর্থ : পৃষ্ঠা : ২ ক : ৫

## অর্থ : পাচার

(১৬ পৃষ্ঠার পর)

ইন সেন্টারে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) 'অবৈধ অর্থ প্রবাহ প্রসঙ্গ বাংলাদেশ' শীর্ষক এ সেমিনারের আয়োজন করে। সিপিডির সম্মানীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান মূল প্রবন্ধ উপস্থাপন করেন। এতে অন্যদের মধ্যে বক্তব্য দেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এবি মির্জ্জা আজিজুল ইসলাম ও পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুরসহ আরও অনেকে।

আলোচনায় অংশ নিয়ে ফরাসউদ্দিন জানান, ২০১৩ সালে ৯৬৬ কোটি ডলার পাচার হয়েছে। যা তার আগের বছরের তুলনায় ৩৫ ভাগ বেশি। একইভাবে ২০০৮ সালে যে পাচার হয়েছে, যা আগের বছরের তুলনায় ৬০ ভাগ বেশি। অর্থ পাচারের দুটো পরিসংখ্যানই দুই জাতীয় নির্বাচনের আগের বছর। তিনি বলেন, অর্থ পাচার কমাতে হলে রাজনৈতিক সংস্কৃতির উন্নয়ন ঘটাতে হবে। দেশে বিনিয়োগ পরিবেশ আরও ভালো করতে হবে। আমি সব সময় মনে করি যদি বেসরকারি খাত বিনিয়োগ করতে উৎসাহী কম হয়, সেজন্য সরকারকে দায় নিতে হবে। সরকারকেই বিনিয়োগ বান্ধবতা নিশ্চিত করতে হবে। সেই রকম নীতি কৌশল নিতে হবে।

বঙ্গবন্ধুর সাবেক একান্ত সচিব ফরাস উদ্দিন বলেন, অনেকে বলেন, মূলধন হিসাব উদারীকরণ করতে। আমি বরং বলব, তার আগে মুদ্রা বিনিময় হার সত্যিকারভাবে বাজারভিত্তিক করতে। ২০০৩ সাল থেকে বাজারভিত্তিক করা আছে নামেমাত্রই। কিন্তু তা আগের মতোই। মাসের পর মাস ওইটা ঠিক করা হয় না। ওইটা ঠিক করা হলে অনেক ছোটখাটো পাচার উৎসাহ পেতো না। আমার মনে হয় টাকা অতিমূল্যায়িত হলে টাকা কম আসবে, পাচার বেশি হবে। টাকার অতি মূল্যায়নটা খুব খারাপ।

সিপিডি অনেক ভালো কাজ করলেও সরকারের কোন অর্জন প্রকাশে 'লজ্জাবোধ' করে বলে মনে করেন তিনি। উদাহরণ দিয়ে তিনি বলেন, প্রবৃদ্ধির হার যদি সাড়ে ৬ ভাগ প্রাক্কলন করা হয়। উনারা বলেন সাড়ে ৫ ভাগের বেশি কিছুতেই হবে না।

এ সময় দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, যে দেশ বিনিয়োগ পাচ্ছে না, সে দেশ থেকে পুঁজি বিদেশে চলে যাচ্ছে। দেশে যে পরিমাণ বিনিয়োগযোগ্য টাকা আছে তা বিনিয়োগ হচ্ছে না। এটা দুঃখজনক ঘটনা। এটার কারিগরি সমাধান সম্ভব। প্রাতিষ্ঠানিক ও রাজনৈতিকভাবে এর সমাধান করা যায় বলে তিনি মনে করেন।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এবি মির্জ্জা আজিজুল ইসলাম টাকা দেশে রাখতে নিরাপত্তা নিশ্চিতের পাশাপাশি অর্থ পাচার রোধে নীতি সহায়তা আধুনিকায়নের ওপর জোর দেন। তিনি বলেন, যদি কেউ মনে করে জীবনের বা সম্পদের নিরাপত্তা নেই। তখন মানুষ বিদেশে টাকা পাচার করে। দ্বিতীয়ত : বিনিয়োগ বান্ধব পরিবেশ না থাকলে টাকা পাচার হয়। সেমিনারে বিশেষ অতিথি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর বলেন, যে দেশে সুযোগ-সুবিধা বেশি পাবে, টাকা সে দেশেই যাবে। দেশে বাণিজ্যিক উদারীকরণের মাধ্যমে পাচার রোধের পাশাপাশি আইন ও সুশাসনের দিকেও দৃষ্টি দিতে হবে। আলোচনায় আরও অংশ নেন অধ্যাপক আবু আহমেদ। প্যানেল আলোচক ছিলেন শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতরের মহাপরিচালক ড. মঈনুল খান।

দৈনিক সংগ্রাম
Date:26-06-2016 Page 01,Col 6-8 Size:30 Col*Inc

## সিপিডির আলোচনায় বিশেষজ্ঞদের অভিমত

# দেশ থেকে টাকা পাচার বেড়ে গেছে

**স্টাফ রিপোর্টার :** রাজনৈতিক অস্থিরতার কারণে দেশ থেকে অর্থ পাচার কমছে না মন্তব্য করে অর্থনীতিবিদরা বলেছেন, অর্থ পাচার বন্ধে রাজনৈতিক সংস্কৃতি বদল, বিনিয়োগের পরিবেশ সৃষ্টি এবং দৃশ্যমান আইনের প্রয়োগ প্রয়োজন। সেইসঙ্গে তারা বিশেষ টাস্কফোর্স গঠনের সুপারিশ করেন। টাকা পাচার রোধে রাজনৈতিক সদিচ্ছার প্রয়োজন উল্লেখ করে প্রাতিষ্ঠানিক ও আইনি সংস্কারের জন্য রাজনৈতিক নেতৃত্বকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে সিপিডির পক্ষ থেকে।

গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে সিপিডি আয়োজিত এক বিশেষজ্ঞ পরামর্শক সভায় বক্তারা এসব মত ব্যক্ত করেন। সিপিডির বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সভাপতিত্বে রাজধানীর ব্র্যাক সেন্টারে অনুষ্ঠিত এ সভায় বক্তব্য দেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এ বি মির্জ্জা আজিজুল ইসলাম, ড. আকবর আলি খান, বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সভাপতি (২-এর পৃষ্ঠার ৪ কলাম)




*গতকাল শনিবার ব্র্যাক সেন্টারে সিপিডির উদ্যোগে 'অর্থপাচার : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক ডায়ালগের আয়োজন করা হয়* —সংগ্রাম

## পাচার বেড়েগেছে

(১-এর পৃঃ ৮ এর কঃ পর)

আবদুল মাতলুব আহমাদসহ ১৮ জন বক্তা। বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বিনিয়োগের সুযোগের অপ্রতুলতার কারণেই মূলত টাকা পাচার হয়, এতে কোনো সন্দেহ নেই। বিনিয়োগবান্ধব পরিবেশ থাকলে এত টাকা পাচার হতো না। তার মতে, রাজনৈতিক অস্বস্তির কারণেও টাকা পাচার হয়। নির্বাচনের বছর ২০০৮ সালে যে টাকা পাচার হয়েছে, তা আগের বছরের চেয়ে ৬০ শতাংশ বেশি। আর ২০১৩ সালে যে অর্থ পাচার হয়েছে, তা আগের বছরের চেয়ে ৩০ শতাংশ বেশি। নির্বাচন এলেই টাকা পাচার হয়। এ জন্য রাজনৈতিক সংস্কৃতির উন্নয়ন প্রয়োজন বলে মনে করেন তিনি। তিনি মনে করেন দেশের মানুষ দেশের চেয়ে বিদেশে নিজের সম্পদ নিরাপদ বলে মনে করে। ফরাসউদ্দিন বলেন, প্রাইভেট সেক্টরে বিনিয়োগ কম হলে সেই দায় অবশ্যই সরকারকে নিতে হবে এবং বিনিয়োগের পরিবেশ সৃষ্টি করতে হবে।

সাবেক এই গবর্নর আরও বলেন, আমাদের দেশে চারদিকে সোনা আর সোনা। কিন্তু কারা এসব করছে তাদের ধরা হচ্ছে না। এই মামলা সোনা বাজেয়াপ্ত পর্যন্তই শেষ। বিচার হচ্ছে না। মানুষ জানে না এরপর কি হচ্ছে। সম্ভবত বাজেয়াপ্ত পর্যন্তই শেষ। আমাদের দেশের মুদ্রা পাচারের অনুপযোগী বিনিময় হারকেও দায়ী করেন তিনি।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এ বি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, পানামা পেপারসে যাদের নাম আছে, তাদের কতজনের বিরুদ্ধে অনুসন্ধান হয়েছে, তা জানি না। আমদানি-রফতানির সময় মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে টাকা পাচার রোধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা উচিত। উদাহরণ দিয়ে তিনি বলেন, ২০১৪-১৫ অর্থবছরে মূলধনী যন্ত্রপাতির আমদানি বেড়ে গিয়েছিল। কিন্তু তখন বিদ্যমান উৎপাদন সক্ষমতার পুরোটা ব্যবহার করা যাচ্ছিল না। তাহলে নতুন মূলধনী যন্ত্রপাতি কেন আমদানি হচ্ছে, এ বিষয়ে এনবিআর কোনো অনুসন্ধান করেনি।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা আকবর আলি খান বলেন, বাংলাদেশে অনেকে টাকা রাখতে ভয় পান। তাই বিদেশে টাকা পাচার করেন। শুধু করের হার কমালেই টাকা পাচার বন্ধ হবে না। টাকা পাচার বন্ধে একটি স্থায়ী [illegible] কাঠামো তৈরির সুপারিশ করেন তিনি। তিনি আরও বলেন, দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ ব্যাংক কিংবা এনবিআর একা টাকা পাচার বন্ধ করতে পারবে না। এ জন্য একটি স্বতন্ত্র অফিস তৈরি করা উচিত, গুরুতর অপরাধ দমন অফিসের মতো। এটা হওয়া উচিত অর্থ মন্ত্রণালয়ের নেতৃত্বে। এ অফিসে পুলিশ, অর্থনীতিবিদ ও সমাজতাত্ত্বিকরা থাকতে পারেন।

সভাপতির বক্তব্যে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, বিনিয়োগ নিঃস্ব একটি দেশ এখন ক্রমান্বয়ে পুঁজি রফতানিকারক দেশে পরিণত হচ্ছে। এর মতো বৈপরীত্য আর কিছু দেখি না। যে দেশে বিনিয়োগের জন্য পুঁজি আসছে না, সেই দেশ থেকে পুঁজি পাচার হয়ে যাচ্ছে।

এফবিসিসিআইয়ের সভাপতি মাতলুব আহমাদ বলেন, দেশ থেকে বছরে ৮০ হাজার কোটি টাকা বেরিয়ে যাচ্ছে। এ রকম চলতে থাকলে আগামী বছর ১ লাখ ৬০ হাজার কোটি টাকা চলে যাবে বলে মনে করেন তিনি। তিনি বলেন, আমরা অনেক কিছু দেখি। কিন্তু বলতে পারি না। বাংলাদেশ ব্যাংকের ইনটেলিজেন্সরাও অনেক কিছু জানে তারাও বলতে পারে না বলে মন্তব্য করেন তিনি।

গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটিগ্রিটি জিএফআই প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে সিপিডির গবেষক তৌফিকুল ইসলাম খান মূল প্রবন্ধে বলেন, বাংলাদেশ থেকে ক্রমান্বয়ে বিদেশে অর্থ পাচার বেড়েছে। ২০১৩ সালে ৯৬৬ কোটি ডলার পাচার হয়েছে। অর্থ পাচারের দিক থেকে শীর্ষ ১০০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৪০। গত ১০ বছরের হিসেবে প্রতিবছর গড়ে ৫৫৮ কোটি ডলার পাচার হয়েছে, যার ৮৮ শতাংশই হয়েছে আমদানি ও রফতানিতে মিথ্যা মূল্য ঘোষণা দিয়ে।

সিপিডি আরও বলছে, ২০১৩ সালে যে অর্থ পাচার হয়েছে, তা শিক্ষা বাজেটের ৩ দশমিক ৬ গুণ, স্বাস্থ্য বাজেটের ৮ দশমিক ২ গুণ। আর পাচার করা অর্থের যদি ২৫ শতাংশের ওপর করারোপ করা যেত, তাহলে স্বাস্থ্য বাজেট তিনগুণ আর শিক্ষা বাজেট দ্বিগুণ হতো। ২০১৩ সালে বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের সাড়ে ৫ শতাংশের সমপরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে।

এছাড়া সিপিডির মূল প্রবন্ধে টাকা পাচারের কেলেঙ্কারি ফাঁস হওয়া পানামা পেপারসের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, বাংলাদেশের ২৭টি ব্যাংক হিসাবের কথা ওই পেপারে রয়েছে। বিশ্বব্যাপী টাকা পাচার প্রসঙ্গটি নিয়ে বাংলাদেশের আরেকটু আগ্রহ প্রকাশ উচিত বলে মনে করে সিপিডি।

এছাড়া টাকা পাচার রোধে মোটা দাগে চারটি সুপারিশ করেছে সিপিডি। এগুলো হলো আইনগত ও প্রাতিষ্ঠানিক দুই ধরনের সক্ষমতা বৃদ্ধি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় রক্ষা, অন্য দেশের সঙ্গে সহযোগিতা এবং রাজনৈতিক সদিচ্ছা।

সমকাল
Date: 26-06-2016 Page: 20 Col: 1-2 Size: 38 Col*Inc



শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে সিপিডির সংলাপে বক্তব্য রাখেন ড. দেবপ্রিয় ভট্টাচার্য ■ সমকাল

### সিপিডির আলোচনা সভায় বিশিষ্টজন

# নিরাপত্তার অভাবে টাকা পাচার হচ্ছে

■ বিশেষ প্রতিনিধি

অর্থ পাচার নিয়ে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক আলোচনা সভায় বিশিষ্টজন বলেছেন, বিনিয়োগের পরিবেশ ও নিরাপত্তার অভাবে দেশ থেকে বিশাল অঙ্কের টাকা পাচার হচ্ছে। এ ছাড়া রাজনৈতিক অস্থিরতা ও আইনের দুর্বলতাও অর্থ পাচারের অন্যতম কারণ বলে তারা মনে করছেন। এই পাচার বন্ধে একটি টাস্কফোর্স ও স্বাধীন সংস্থা গঠনসহ বেশ কিছু সুপারিশ করেন তারা।

গতকাল রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টারে আয়োজিত এ সভায় বক্তারা বলেন, এই অর্থ পাচার রোধ করতে হলে অবৈধ উপায়ে আয়ের উৎসগুলো বন্ধ করতে হবে। সে সঙ্গে থাকতে হবে রাজনৈতিক অঙ্গীকার। তাদের মতে, বর্তমানে বাংলাদেশে বিনিয়োগ পরিস্থিতি আশানুরূপ উন্নতি হচ্ছে না। এদিকে অর্থ পাচার বাড়ছে, ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪

# নিরাপত্তার অভাবে টাকা

[শেষ পৃষ্ঠার পর]

যা রীতিমতো উদ্বেগজনক। পাচারকারীদের শনাক্ত করে বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে তারা বলেন, শুধু আইন বা প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ালেই অর্থ পাচার বন্ধ হবে না, তার সঙ্গে চাই সুশাসন ও রাজনৈতিক সংস্কৃতির উন্নতি।

আলোচনা সভায় 'বাংলাদেশের পরিপ্রেক্ষিতে অবৈধ অর্থ পাচার' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করে সিপিডি। সংস্থার রিসার্চ ফেলো ড. তৌফিকুল ইসলাম এটি উপস্থাপন করেন। ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটিগ্রিটির (জিএফআই) গবেষণা থেকে প্রতিবেদনটি তৈরি করেছে সিপিডি। প্রতিবেদন প্রকাশের পর আলোচনায় অংশ নেন দেশের বিশিষ্ট অর্থনীতিবিদ, সাবেক সচিব, ব্যাংকার, আর্থিক খাতের বিশ্লেষকসহ সরকারি বিভিন্ন সংস্থার নীতিনির্ধারক পর্যায়ের কর্মকর্তারা। সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য অনুষ্ঠানে সঞ্চালকের দায়িত্ব পালন করেন।

সিপিডির প্রতিবেদনে বলা হয়, গত ১০ বছরে বাংলাদেশ থেকে পাচার হয়েছে পাঁচ হাজার ৫৮৭ কোটি ৬০ লাখ ডলার। স্থানীয় মুদ্রায় যা চার লাখ ৪১ হাজার কোটি টাকা। স্বল্পোন্নত দেশগুলোর (এলডিসি) মধ্যে অর্থ পাচার সবচেয়ে বেশি হয়েছে বাংলাদেশ থেকেই। সিপিডি বলেছে, বর্তমান সময়ে কেবল বাংলাদেশই নয়, সারা বিশ্বেই অর্থ পাচার অন্যতম আলোচিত বিষয়ে পরিণত হয়েছে।

আলোচনায় অংশ নিয়ে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান বলেন, বাংলাদেশের মানুষ দেশের ভেতরে টাকা রাখতে ভয় পান। এখানে নিরাপত্তার অভাব রয়েছে। করহার কমলেও টাকা পাচার বন্ধ হবে না। অবৈধ উপায়ে আয়ের ছিদ্রগুলো (উৎস) বন্ধ করতে হবে। এ জন্য প্রয়োজনীয় আইন সংস্কার ও দুদককে অগ্রণী ভূমিকা নিতে হবে। দুদকের সঙ্গে এনবিআর ও বাংলাদেশ ব্যাংকের সমন্বয় গড়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেন তিনি।

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বিনিয়োগবান্ধব পরিবেশ নেই। তার সঙ্গে রাজনৈতিক অস্বস্তি ও অস্থিরতা তো আছেই। যত ভালো আইনই করা হোক না কেন, পরিবেশের উন্নতি না হলে টাকা পাচার বন্ধ হবে না। এটি নিশ্চিত করার দায়িত্ব সরকারকেই নিতে হবে। তিনি উদাহরণ দিয়ে বলেন, ৮০ মণ স্বর্ণ উদ্ধার হয়েছে, ভালো কথা। খুশি হতাম অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি হলে। তা তো চোখে পড়েনি।

তত্ত্বাবধায়ক সরকারের আরেক সাবেক উপদেষ্টা ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম বলেন, ব্যাংক থেকে টাকা নিয়ে বিদেশে গেছে, কিংবা পুঁজিবাজার থেকে আইপিওর মাধ্যমে টাকা তুলে খেয়ে ফেলেছে– এমন ব্যক্তিদের চিহ্নিত করে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। বিনিয়োগ পরিবেশের উন্নতির পাশাপাশি প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর পরামর্শ দেন তিনি।

সাবেক সচিব ফারুক আহমেদ সিদ্দিকী বলেন, দেশের অর্থনীতির বড় একটি অংশ কালো টাকা। এর কিছু অংশ বাইরে যাবেই। টাকা পাচারের নেপথ্যে প্রভাবশালীরা জড়িত। এটি বন্ধ করতে প্রয়োজন রাজনৈতিক অঙ্গীকার।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইর সভাপতি আবদুল মাতলুব আহমাদ বলেন, সবাই জানে টাকা পাচার হচ্ছে। যারা করছে তাদের কেন সরকার ধরছে না, তা আমার কাছে বোধগম্য নয়। স্বর্ণ উদ্ধারের পর সে খবর ফলাও করে প্রচার করে এনবিআর। কিন্তু প্রকৃত অপরাধীদের ধরা ও বিচার হয় না।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি রাশেদ মাকসুদ খান বলেন, আমরা নিরাপদ নই। কর নীতি ও আর্থিক নীতিতে দুর্বলতা আছে। সমস্যা রয়েছে অবকাঠামো খাতে। বিনিয়োগের পরিবেশ ভালো না হলে দেশ থেকে টাকা পাচার বন্ধ হবে না।

টাকা পাচার বন্ধ করতে হলে প্রতিরোধের চেয়ে প্রতিষেধক ব্যবস্থা নেওয়া এখন বেশি জরুরি– এ মত দেন সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য।

মেঘনা ব্যাংকের এমডি নুরুল আমিন বলেন, গত দশ বছরে রাজধানীর গুলশান, বনানীর ফ্ল্যাট ও জমি বিক্রির ৮০ ভাগ লেনদেন হয়েছে দেশের বাইরে। এরা কারা, তা খুঁজে বের করা দরকার।

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সাবেক কর্মকর্তা ড. আহসান এইচ মনসুর মনে করেন, যত কথাই বলি, সুশাসন কায়েম করতে না পারলে টাকা পাচার বন্ধ হবে না।

সাবেক অর্থ সচিব সিদ্দিকুর রহমান বলেন, টাকা পাচার রোধে অবৈধ আয়ের উৎসগুলো ঘুষ, দুর্নীতি নিয়ন্ত্রণ করতে হবে।

অর্থনীতিবিদ অধ্যাপক আবু আহমেদ বলেন, দেশের মধ্যে ধনীদের টাকা রাখার জন্য সুযোগ যথেষ্ট অবারিত নয়। বহুজাতিক কোম্পানিগুলোকে দেশের শেয়ারবাজারে আনার পরামর্শ দেন তিনি।

বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর মোহাম্মদ আলী রুমির মতে, আমাদের দেশের আইনে টাকা পাচার অপরাধ; কিন্তু যে দেশে টাকা নিয়ে যাওয়া হচ্ছে সেখানে তো অবৈধ বলা হচ্ছে না। ফলে পাচারের টাকা ফেরত পাওয়া খুবই কঠিন।

এনবিআরের সাবেক চেয়ারম্যান ও দুদকের সদস্য ড. নাসির উদ্দীন অভিযোগ করেন, টাকা পাচার নিয়ে যেসব সরকারি সংস্থা কাজ করছে, তাদের মধ্যে সমন্বয় নেই। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্টের (বিআইবিএম) পরিচালক আহসান হাবীব টাকা পাচার বন্ধে অফশোর ব্যাংকিংকে নিয়ন্ত্রণে আনার প্রস্তাব দেন। এনবিআরের অধীনে শুল্ক গোয়েন্দা দপ্তরের ডিজি ড. মইনুল খান মনে করেন, স্বর্ণ চোরাকারবারিদের সঙ্গে সন্ত্রাসে অর্থায়নের যোগসূত্র আছে। আইসিএবির সভাপতি কামরুল আবেদীন অর্থ পাচারসহ নানা অনিয়ম বন্ধে একটি অর্থবহ ও কার্যকর সংসদের ওপর গুরুত্ব আরোপ করেন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের আর্থিক গোয়েন্দা ইউনিটের যুগ্ম পরিচালক আবদুর রব, ডিজিএম কবির আহমেদ ও এনবিআরের সাবেক সদস্য আমিনুর রহমান, অধ্যাপক আইয়ুবুর রহমান ভুইয়া, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশনের সদস্য স্বপন কুমার বালা প্রমুখ।

**প্রতিবেদনে যা বলা হয়েছে :** জিএফআইয়ের গবেষণার উদ্ধৃতি দিয়ে সিপিডির প্রতিবেদনে বলা হয়, এতে ২০০৪ থেকে ২০১৩ সাল পর্যন্ত বাংলাদেশ থেকে অর্থ পাচারের তথ্য রয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি অর্থ পাচার হয়েছে ২০১২ ও ২০১৩ সালে। এর মধ্যে ২০১৩ সাল ছিল নির্বাচনের আগের বছর। এ সময়ে অর্থ পাচারের পরিমাণ ছিল ৯৬৬ কোটি ৬০ লাখ ডলার এবং ২০১২ সালে পাচার হয়েছে ৭২২ কোটি ৫০ লাখ ডলার। এ ছাড়া ২০০৪ সালে পাচার হয় ৩৩৪ কোটি ৭০ লাখ ডলার, ২০০৫ সালে ৪২৬ কোটি ২০ লাখ ডলার, ২০০৬ সালে ৩৩৭ কোটি ৮০ লাখ ডলার, ২০০৭ সালে ৪০৯ কোটি ৮০ লাখ ডলার, ২০০৮ সালে ৬৪৪ কোটি ৩০ লাখ ডলার, ২০০৯ সালে ৬১২ কোটি ৭০ লাখ ডলার, ২০১০ সালে ৫৪০ কোটি ৯০ লাখ ডলার এবং ২০১১ সালে পাচার হয় ৫৯২ কোটি ১০ লাখ ডলার। দেশ থেকে টাকা পাচার বৃদ্ধির কারণ সম্পর্কে সিপিডি বলেছে, নির্বাচনের প্রাক্কালে টাকা পাচারের পরিমাণ বাড়ে। এ ছাড়া দেশের ভেতরে অনিশ্চয়তা ও অস্থিতিশীলতা থাকলে এবং বিনিয়োগের সুযোগ না থাকলে তখনও টাকা পাচার বাড়ে।

সিপিডির হিসাবে ২০১৩ সালে পাচার হওয়া অর্থ দেশের শিক্ষা বাজেটের তুলনায় ৩ দশমিক ৬ গুণ বেশি, স্বাস্থ্য বাজেটের তুলনায় বেশি ৮ দশমিক ২ গুণ। পাচার হওয়া ওই অর্থের ২৫ শতাংশ হারে যদি কর পাওয়া যেত তাহলে স্বাস্থ্য বাজেট তিন গুণ এবং শিক্ষা বাজেট দ্বিগুণ করা সম্ভব হতো। সিপিডি তুলনা করে আরও দেখিয়েছে, ওই সময়ে পাচার হওয়া অর্থ বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) সাড়ে ৫ শতাংশ এবং ওই সময়ে বাংলাদেশের পাওয়া মোট বৈদেশিক সাহায্যের ৩৪০ শতাংশের সমান। প্রতিবেদন অনুযায়ী, মোট পাচার হওয়া অর্থের ৮৫ থেকে ৯০ শতাংশই হয় আন্তর্জাতিক বাণিজ্যের আড়ালে। বেশিরভাগ ক্ষেত্রেই আমদানি করা পণ্যের দাম বেশি দেখিয়ে অর্থ বাইরে পাচার করা হয়।

সকালের খবর

Date:26-06-2016 Page: 12, Col 1-3 Size: 45 Col*Inc

# দেশে মানুষ টাকা রাখতে ভয় পায়, এ জন্যই পাচার হচ্ছে

## সিপিডির আলোচনা সভায় ড. আকবর আলি খান

নিজস্ব প্রতিবেদক ■

গত ১০ বছরে বাংলাদেশ থেকে ৫৫৮ কোটি ৮০ লাখ ডলার পাচার হয়ে গেছে। গতকাল সেন্টার ফর পলিসি ডায়লগের (সিপিডি) এক প্রতিবেদনে তথ্য জানিয়ে বলা হয়েছে, এই অর্থের মধ্যে ৮৮ শতাংশ বাণিজ্যিক প্রতারণার মাধ্যমে পণ্যের মূল্য কম বা বেশি দেখিয়ে পাচার করা হয়েছে। সিপিডির হিসাবে, ২০১৩ সালে পাচার হওয়া অর্থ দেশের শিক্ষা বাজেটের তুলনায় ৩ দশমিক ৬ গুণ বেশি, আর স্বাস্থ্য বাজেটের তুলনায় ৮ দশমিক ২ গুণ বেশি। পাচার হওয়া ওই অর্থের ২৫ শতাংশ হারে যদি কর পাওয়া যেত তাহলে স্বাস্থ্য বাজেট তিনগুণ এবং শিক্ষা বাজেট দ্বিগুণ করা সম্ভব হতো। সিপিডির তুলনা করে আরও দেখিয়েছে, ওই সময়ে পাচার হওয়া অর্থ বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) সাড়ে ৫ শতাংশ এবং গতকাল রাজধানীর ব্র্যাক সেন্টারে সিপিডি আয়োজিত 'অর্থ পাচার : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় মূল প্রতিবেদন উত্থাপন করেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক তৌফিকুল ইসলাম খান। সভায় সভাপতিত্ব করেন সিপিডির সম্মানিত ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য।

সভায় বক্তারা বলেন, জীবনের ও সম্পদের নিরাপত্তা বোধ এবং বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবই দেশ থেকে টাকা পাচার হওয়ার কারণ। একই সঙ্গে রাজনৈতিক অনিশ্চয়তার কারণেও দেশ থেকে অর্থ চলে যাচ্ছে মালয়েশিয়ায় 'মাই সেকেন্ড হোম' কর্মসূচি, দুবাই, আমেরিকা, কানাডায়। এটি রাতারাতি বন্ধ করা সম্ভব নয়। অর্থ পাচার রোধে দীর্ঘমেয়াদি কৌশলের পাশাপাশি একটি স্বতন্ত্র টাস্কফোর্স গঠনে প্রস্তাব দিয়েছেন বিশেষজ্ঞরা।

ওই সময়ে বাংলাদেশের পাওয়া মোট বৈদেশিক সাহায্যের ৩৪০ শতাংশের সমান।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান বলেন, বাংলাদেশের সব জায়গায় সুশাসনের ঘাটতি রয়েছে। মূলত সুশাসনের অভাবে টাকা পাচার হচ্ছে। তবে টাকা পাচার একটি জটিল ব্যাপার। এটি রাতারাতি বন্ধ করা সম্ভব নয়। তিনি বলেন, বাংলাদেশে মানুষ টাকা রাখতে ভয় পায়। এ কারণে অর্থ চলে যাচ্ছে। অনেকেই বলে করের হার বেশি এ কারণে টাকা বাইরে নিয়ে যায়। কিন্তু করের হার কমানো হলেও টাকা

এরপর পৃষ্ঠা ২ : কলাম ৩




ব্র্যাক সেন্টারে গতকাল সিপিডি আয়োজিত অর্থ পাচার শীর্ষক আলোচনা সভায় অতিথিরা —সকালের খবর

## দেশে মানুষ টাকা রাখতে ভয় পায়

(শেষ পৃষ্ঠার পর)

পাচার বন্ধ হবে না। বিদেশে শ্রমিক পাঠাতে গেলেও বাইরে টাকা দিতে হয়। বাংলাদেশের সংখ্যালঘুরা সারা জীবনের সঞ্চয় নিয়ে ভারতে চলে যেতে বাধ্য হয়। এটা রোধ করার উপায় বের করতে হবে। আকবর আলি খান বলেন, টাকা পাচার বন্ধে আইনি কাঠামো গড়ে তুলতে হবে। দুর্নীতি কমিশনকে দিয়ে পাচার বন্ধ করা সম্ভব নয়। এ কারণে অর্থ মন্ত্রণালয়ের অধীনে স্বতন্ত্র অফিসের প্রয়োজন। এ নিয়ন্ত্রণ সংস্থায় পুলিশ, অর্থনীতিবিদ এবং সমাজতাত্ত্বিকসহ সবাইকে নিয়ে আসতে হবে।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের আরেক উপদেষ্টা মীর্জা আজিজ বলেন, বিনিয়োগবান্ধব পরিবেশ না থাকলে অর্থ পাচার হচ্ছে। জীবনের ও সম্পদের নিরাপত্তা বোধের অভাবে দেশে টাকা রাখতে চায় না অনেকে। অর্থ পাচারের কোনো শাস্তিও হয় না। দৃশ্যমান শাস্তির ব্যবস্থা থাকলে অর্থ পাচার কিছুটা কমে আসবে। বাণিজ্যের আড়ালে অর্থ পাচার বন্ধ করতে আন্তর্জাতিক সমন্বয় দরকার। বৈশ্বিকভাবে পণ্যমান নির্ধারণ করা হলে উন্নয়নশীল দেশগুলোতে থেকে পণ্য দাম কম বা বেশি দেখিয়ে অর্থ পাচার কমানো সম্ভব।

মীর্জা আজিজ বলেন, কোনো ব্যক্তি যদি জানে ব্যাংকঋণ নিয়ে আর ফেরত দিতে হবে না, তবে ব্যাংকের টাকা বিনিয়োগ না করে পাচার করবেই। একইভাবে আইপিও ব্যবহার করেও পুঁজিবাজারের অর্থ পাচার হচ্ছে। এগুলো রোধ করতে আইনের প্রয়োগ দরকার।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কারিগরিভাবে অর্থ পাচারের সমস্যার সমাধান সম্ভব। এর জন্য আইনি সংস্কার প্রতিষ্ঠানের সংস্কার দরকার। তবে এর সঙ্গে দৃষ্টিভঙ্গি ও মনোভাবের পরিবর্তন এবং দুর্নীতি বন্ধ করতে হবে। তিনি বলেন, এখন পাচার হয়ে যাওয়া অর্থ ফিরিয়ে আনার চেয়ে ভবিষ্যতে যাতে অর্থ পাচার না হয় সেদিকে বেশি নজর দিতে হবে। আন্তর্জাতিক আইনের সঙ্গে যোগাযোগ বাড়াতে হবে। বাংলাদেশ আইন ও প্রতিষ্ঠান এমনভাবে সংস্কার করতে হবে, যাতে অর্থ পাচারে কেউ উৎসাহী না হতে পারে। বিচারহীনতা পাচারকে উৎসাহিত করছে। বিদ্যমান আইনেও অর্থ পাচারের বিচার করা সম্ভব বলে মনে করেন তিনি। তবে নতুন আইন তৈরিরও পরামর্শ দিয়েছেন দেবপ্রিয়।

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমদ বলেন, মূলত বিনিয়োগবান্ধব পরিবেশের অপ্রতুলতার কারণে বিনিয়োগ হচ্ছে না। শতভাগ বিনিয়োগ পরিবেশ থাকলে অর্থ পাচার হতো না। অর্থ পাচারের পেছনে রাজনৈতিক অস্থিরতা অন্যতম প্রধান কারণ। তিনি বলেন, দেশে বেসরকারি খাতে বিনিয়োগ না হলে এর দায় সরকারকেই নিতে হবে। কারণ সরকারকেই বেসরকারি খাতের বিনিয়োগ পরিবেশ তৈরির জন্য নীতি-কৌশল, সুযোগ-সুবিধা করে দিতে হবে।

এ সময় গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটির (জিএফআই) তথ্য তুলে ধরে সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন বলেন, ২০০৮ সালে যে অর্থ পাচার হয়েছে তা ২০০৭ সালের চেয়ে ৬০ শতাংশ বেশি। ওই সময় কেয়ারটেকার গভর্নমেন্টের সঙ্গে বিনিয়োগকারীদের একটা মতপার্থক্য তৈরি হয়েছিল। এজন্য তখন অর্থ দেশে না রেখে বিদেশে পাচার হয়েছে। একই ঘটনা ২০১৪ সালেও ঘটেছে। ২০১৩ সালের তুলনায় ওই বছর ৩৫ শতাংশ বেশি অর্থ পাচার হয়েছে। এর মূল কারণ ২০১৪ সালে নির্বাচন হওয়ার কথা ছিল। আরেক পক্ষ নির্বাচনটি ঠেকাতে চেয়েছিল। এই সংঘাত বা অস্থিরতাপূর্ণ পরিবেশে অর্থ পাচার হওয়াটাই স্বাভাবিক। সাবেক এই গভর্নর বলেন, দেশে দুই ধরনের অপরাধের বিচার হয় না। এক স্বর্ণ চোরাচালান, দুই ফরেন কারেন্সি পাচার। অনেকেই ক্যাপিটাল অ্যাকাউন্ট লিবারালাইজেশনের কথা বলছেন। মনে হয় এটা করার এখন সময় এসেছে। অর্থ পাচার রোধের জন্য দেশে টাকা থাকলে নিরাপদে থাকবে এই মনস্তাত্ত্বিক পরিবেশ তৈরি করতে হবে। একই সঙ্গে পাচারকারীদের বিচার নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, সত্যিকার অর্থেই মুদ্রাবিনিময় হারকে বাজারমুখী করতে হবে। সঠিকভাবে মুদ্রাবিনিময় হারকে বাজারের সঙ্গে সমন্বয় করতে পারলে ছোটখাটো পাচার হতো না। মুদ্রার অতি মূল্যায়নের কারণে রেমিট্যান্স কমছে ও অর্থ পাচার বাড়ছে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সমালোচনা করে কার্যকর পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন এই অর্থনীতিবিদ। ড. ফরাসউদ্দিন বলেন, সময় এসেছে প্রাইস কমিশন জাতীয় কিছু করার। এই কমিশন পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নির্ধারণ করে দেবে।

পলিসি রিসার্স ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আহসান এইছ মনসুর বলেন, পানির মতো পুঁজি কখনও আটকে রাখা যাবে না। নিরাপত্তা ও রাজনৈতিক অনিশ্চয়তায় অর্থ পাচার হয়। ট্যাক্স ও করপোরেট ট্যাক্সের কারণেও মানুষ টাকা দেশের বাইরে পাঠিয়ে দেয়। পাচার সব সময় থাকবে। কিন্তু দেখতে হবে এটা কতটা ম্যানেজেবল।

ব্যবসায়ীদের মনোভাবের পরিবর্তনের আহ্বান জানিয়ে এফবিসিসিআই'র সভাপতি মাতলুব আহমাদ বলেন, বর্তমান সরকার বিনিয়োগের পরিবেশ তৈরি করতে উদ্যোগ নিয়েছে। জাপানের বৈদেশিক বিনিয়োগ সংস্থা জাপানোর বিনিয়োগকারীদের জন্য এখন বাংলাদেশকে সবচেয়ে নিরাপদ বলছে। ফলে টাকা পাচারের দৃষ্টিভঙ্গি থেকে বের হয়ে আসতে হবে। তিনি বলেন, '২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। গাছের গোড়ায় না গিয়ে পাতা নিয়ে দৌড়াদৌড়ি করায় এ অবস্থা। অর্থ পাচার রোধে মূল জায়গায় কাজ করতে হবে এবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ পাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে।

সাবেক অর্থমন্ত্রী সাইদুজ্জামান বলেন, তথ্য বিশ্লেষণ করে দেখা যাচ্ছে, আইন যখন শক্ত করা হচ্ছে পাচার তখন বেশি হচ্ছে। এটা আইন প্রয়োগের অভাব নাকি অন্য কোনো কারণে তা দেখতে হবে।

এবিবির সাবেক চেয়ারম্যান নূরুল আমীন বলেন, বাংলাদেশ সাত-আটটি প্রতিষ্ঠানকে বাইরে বিনিয়োগের অনুমতি দিয়েছে। এ সংখ্যা আরও বাড়ানো প্রয়োজন। তিনি আরও বলেন, গত ১০ বছরে গুলশান বনানীর বাড়ি বিক্রির ৮০ শতাংশ লেনদেনই হয়েছে দেশের বাইরে।

অর্থনীতির অধ্যাপক আবু আহমেদ সোনার বাজার সবার জন্য উন্মুক্ত করে দেওয়ার দাবি জানান। এটা হলে পাচার রোধ করা যাবে। এছাড়াও বৈশ্বিক ব্যবস্থার সঙ্গে সংযোগ বৃদ্ধিরও প্রস্তাব দেন তিনি।

সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান বলেন, অর্থ পাচার বাংলাদেশের মতো ক্যানসারে পরিণত হয়েছে। বিনিয়োগের সুযোগ থাকলে পাচার কমে আসবে। বিনিয়োগ আকর্ষণ করতে হলে শক্তিশালী আইন তৈরি এবং প্রয়োগ করতে হবে।

দেশের কল্যাণে প্রতিদিন
ভোরের পাতা
Date:26-06-2016 Page: 08, Col 6-7 Size:15 Col* Inc

# 'বিনিয়োগবান্ধব পরিবেশের অভাব অর্থ পাচারের অন্যতম কারণ'

■ নিজস্ব প্রতিবেদক




সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এবিএম মির্জ্জা আজিজুল ইসলাম বলেছেন, 'দেশে বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবে বিদেশে অর্থ পাচার হচ্ছে।' সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক সেন্টারে গতকাল শনিবার 'অর্থপাচার : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক এ আলোচনা সভা আয়োজন করা হয়। সাবেক তত্ত্বাবধায়ক সরকারের ওই অর্থ উপদেষ্টা আরও বলেন, 'অর্থ পাচারের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশের অভাবঅন্যতম কারণ। এ ছাড়া দেশের ভেতরে নিরাপত্তার অভাববোধও একটি কারণ। বিদেশে অর্থপাচাররোধে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, অপরাধীদের দৃশ্যমান শাস্তি, ঋণখেলাপিদের ক্ষেত্রে বিদেশে টাকা পাঠাতে না দেওয়া ও ▶▶ এরপর পৃষ্ঠা ৭ কলাম ৭

## বিনিয়োগবান্ধব পরিবেশের

(শেষ পৃষ্ঠার পর) শেয়ারবাজার থেকে টাকা সংগ্রহের পর তার সঠিক ব্যবহার নিয়ে যথাযথ তদারকির প্রয়োজন।' 'রাজনৈতিক অস্থিরতাকে অর্থ পাচারের অন্যতম কারণ' বলে মনে করে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ফরাস উদ্দিন আহমেদ বলেন, 'তত্ত্বাবধায়ক সরকারের ইস্যুতে ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালে ৬০ ভাগ বেশি অর্থ পাচার হয়েছিল। আর ২০১৪ সালের নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালে আরও ৩৫ শতাংশ অর্থ পাচার বেড়ে যায়।' অর্থ পাচারে বিনিয়োগবান্ধব প্রতিকূলতাও অন্যতম কারণ বলে মনে করেন ফরাস উদ্দিন আহমেদ। অর্থপাচাররোধে রাজনৈতিক স্থিতিশীলতা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও স্বর্ণ চোরাচালান ধরার পাশাপাশি বিচার করতে হবে বলেও জানান তিনি। নানা কারণে অর্থ বিদেশে পাচার হচ্ছে বলে মন্তব্য করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান। তিনি বলেন, 'আইনের প্রয়োগ না করা, কর ফাঁকি দেওয়ার প্রবণতা, নিরাপত্তার অভাব ইত্যাদি কারণে অর্থপাচার হচ্ছে। এ অর্থপাচার একটি অত্যন্ত জটিল বিষয়, এটা রাতারাতি সমাধান হওয়া সম্ভব না। ধীরে ধীরে পাচাররোধ করতে হবে। এ ক্ষেত্রে দুদকের উচিত অর্থপাচাররোধ করা, কিন্তু প্রতিষ্ঠানটি পারবে না। তাই অর্থপাচাররোধে একটি স্বাধীন প্রতিষ্ঠান করতে হবে।' এফবিসিসিআই প্রেসিডেন্ট আবদুল মাতলুবআহমাদ বলেন, '২০১৩ সালে প্রায় ৮০ হাজার কোটি টাকা বিদেশে পাচারের খবর শুনে হতবাক হয়েছি। গাছের গোড়ায় না গিয়ে পাতা নিয়ে দৌড়াদৌড়ি করায় এ অবস্থা। অর্থপাচাররোধে মূল জায়গায় কাজ করতে হবেএবং মানসিকতা পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থপাচার ৮০ হাজার কোটি থেকে বেড়ে ১ লাখ ৬০ হাজার কোটি টাকায় চলে যাবে।' সবশেষে আলোচনা অনুষ্ঠানের সভাপতি সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, 'কয়েকটি বিষয়ে কাজ করলে অর্থপাচাররোধ সম্ভব। এ ক্ষেত্রে প্রযুক্তি উন্নত ও রাজনৈতিক স্থিতিশীলতা, পাচার হওয়া অর্থের চেয়ে পাচাররোধে বেশি সময় দেওয়া, আন্তর্জাতিক আইনের সাথে সমন্বয়, অর্থ পাচারকারীদের দৃশ্যমান শাস্তি ও দুদক, রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক ইত্যাদির মধ্যে সমন্বয়, সক্ষমতা ও স্বচ্ছতা বাড়াতে হবে।'